বিদ্যুৎ বিভাগের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর
মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

| ক্রঃ নং | মন্ত্রণালয়/ বিভাগের নাম | মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা | সমাপ্ত প্রকল্পের ধরণ | | | মূল সময় ও ব্যয়ের তুলনায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিনিয়োগ প্রকল্পের সংখ্যা | কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা | জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা | সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ | ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা | ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ০১। | বিদ্যুৎ বিভাগ | ১৪টি | ১৪ | ০ | ০ | ৬ | ১১ | • ৫৪%<br>• ৩২৯% | ৬ | • ১৫%<br>• ৯৯% |

**০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা:** ১৪টি।

**০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ**

**প্রকল্পের ব্যয় বৃদ্ধির কারণ:**

ক) প্রকল্প গ্রহণের সময় সুদূরপ্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যতের প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। ফলে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায়, ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়;

খ) বার বার মেয়াদ বৃদ্ধির ফলে স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে দ্রব্যমূল্যে দাম বেড়ে যায় এবং কোন কোন ক্ষেত্রে দরপত্রের রেট শিডিউল পরিবর্তন হয়ে যায়, ফলে প্রকল্প ব্যয় বেড়ে যায়;

গ) জটিল ও ব্যতিক্রমধর্মী কাজের ক্ষেত্রে অনেক সময় টার্ণকী ঠিকাদারের উপর অতিমাত্রায় নির্ভরশীলতা বেড়ে যায় এবং চুক্তি স্বাক্ষরের সময় সকল শর্তাবলী সাবধানতার সাথে বিবেচনা করা হয়না বিধায় টার্ণকী ঠিকাদার বিভিন্ন সময় বাড়তি বিল দাবী করার সুযোগ পায়।

**প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণ:**

ক) মূল ডিপিপি অনুমোদনের তারিখের পরেও টেন্ডার ডকুমেন্ট তৈরি, টেন্ডার আহবান, মূল্যায়ন ও কার্যাদেশ প্রদানে অনেক বিলম্ব হয়। ফলে মাঠ পর্যায়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু হতে বেশির ভাগ ক্ষেত্রে এক বছর থেকে দুই বছর বিলম্ব হয়ে যায়;

খ) সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ঋণ চুক্তি স্বাক্ষর ও কার্যকর করতে যথেষ্ট বিলম্ব হয়;

গ) সাহায্যপুষ্ট প্রকল্পের দরপত্র মূল্যায়নের সময় উন্নয়ন সহযোগী সংস্থার কনকারেন্স পেতে যথেষ্ট বিলম্ব হয়;

ঘ) ভূমি অধিগ্রহণজনিত জটিলতার কারণে বেশির ভাগ প্রকল্পে যথেষ্ট সময়ক্ষেপণ হয়;

ঙ) প্রকল্প দপ্তরের অদক্ষতার কারণে এবং দূরদর্শিতার অভাবে প্রকল্পের বাস্তবায়ন বিলম্ব হয়।

**৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ**

| সমস্যা | সুপারিশ |
|---|---|
| ৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ও বাস্তবায়নে অত্যাধিক বিলম্ব | ৩.১ প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে বাস্তবসম্মতভাবে ব্যয় ও সময় নির্ধারণ এবং বাস্তবায়ন পর্যায়ে তা অনুসরণ করা প্রয়োজন। |

| সমস্যা | সুপারিশ |
|---|---|
| ৩.২ কাজের গুণগতমান সংক্রান্ত। | ৩.২.১ কাজের গুণগতমান নিশ্চিত করতে ভবিষ্যতে পিপিআর যথাযথভাবে অনুসরণপূর্বক দক্ষ জনবল এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সমন্বিত ঠিকাদার নিয়োগ করা প্রয়োজন।<br>৩.২.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ বিশেষ করে নিম্নমানের পূর্ত কাজের জন্য তদারকির দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। |
| ৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্প সংক্রান্ত। | ৩.৩ সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/প্রতিষ্ঠান থেকে দ্রুত সঠিক সময়ে অর্থ প্রাপিতর বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সংস্থা ও মন্ত্রণালয় /বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। |
| ৩.৪ প্রকল্পের যানবাহন সংক্রান্ত। | ৩.৪ বিদ্যমান সরকারি নিয়ম অনুযায়ী প্রকল্পের আওতায় সংগৃহীত যানবাহন সরকারি পরিবহন পুলে জমা দেয়ার ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক। |
| ৩.৫ প্রকল্প পরিচালক সংক্রান্ত। | ৩.৫.১ প্রকল্প সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলি বা পরিবর্তন না করে বিদ্যমান নিয়ম অনুযায়ী প্রকল্প পরিচালক নিয়াগে সচেষ্ট থাকার প্রয়োজন আছে।<br><br>৩.৫.২ বিভিন্ন সংস্থার আওতায় বাস্তবায়নাধীন ও ভবিষ্যতে প্রকল্পের জন্য সরকারী নির্দেশনা অনুযায়ী পূর্ণকালীন ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি উদ্যোগী বিভাগ হতে নিশ্চিত করা প্রয়োজন। |
| ৩.৬ সম্ভাব্যতা সমীক্ষা | ৩.৬ যথাযথভাবে মাঠ পর্যায়ে সমীক্ষা না করে অপরিকল্পিতভাবে প্রকল্প গ্রহণের কারণে কখনো প্রকল্প বাস্তবায়ন অনিশ্চিত হয়ে পড়ে। তাই প্রকল্প গ্রহণের পূর্বে উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দিয়ে বাস্তবসম্মত সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন। |
| ৩.৭ উৎপাদনধর্মী ও সঞ্চালনধর্মী প্রকল্পের বাস্তবায়নে সমন্বয়হীনতা | ৩.৭ বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মাণাধীন বিদ্যুৎ কেন্দ্রের কাজের গতির সাথে সমন্বয় করে গ্রীড উপকেন্দ্র ও সঞ্চালন নির্মাণ কাজ যথাসময়ে সমাপ্ত হয়না বিধায় সময়মত পাওয়ার ইভ্যাকুয়েশন সুবিধা সৃষ্টি করা যায়না। উৎপাদনধর্মী ও সঞ্চালনধর্মী প্রকল্পের বাস্তবায়নে সমন্বয় সাধন করা প্রয়োজন। |
| ৩.৮ ভূমি অধিগ্রহণে বিলম্ব | ৩.৮ বিদ্যুৎ বিতরণধর্মী প্রকল্পে উপকেন্দ্র নির্মাণ কাজে দীর্ঘ সময় ব্যয় হয়। বিশেষতঃ ভূমি অধিগ্রহণ কাজে বিলম্ব হয় বিধায় প্রকল্পের কাজের গতি ব্যাহত হয়। অতএব প্রকল্প অনুমোদনের শুরু থেকেই ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করা বাঞ্চনীয়। |
| ৩.৯ পিসিআর প্রেরণে বিলম্ব। | ৩.৯ প্রকল্প সমাপ্তি ঘোষণার পর পরই পিসিআর প্রণয়ন করে আইএমইডিতে প্রেরণ নিশ্চিত করা আবশ্যক। |

## ত্রিপুরা (ভারত)-কুমিল্লা (দঃ) উপকেন্দ্র (বাংলাদেশ) গ্রীড আন্তঃ সংযোগ -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

প্রকল্পের নামঃ ত্রিপুরা (ভারত)-কুমিল্লা (দঃ) উপকেন্দ্র (বাংলাদেশ) গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প।

১। প্রকল্পের অবস্থান : ত্রিপুরা (ভারত)-কুমিল্লা (দঃ) উপকেন্দ্র (বাংলাদেশ) গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প।

২। বাস্তবায়নকারী সংস্থা : পাওয়ার গ্রীড কোম্পানী ।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/বিদ্যুৎ বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

( লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৬ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৭৯৪৫.০৪ | ১৭১৭৪.৭৪ | ১৬৭১০.৬৫ | জানুয়ারী'২০১৫ - জুন, ২০১৬ | জানুয়ারী'২০১৫- জুন, ২০১৬ | জানুয়ারী'২০১৫- জুন ২০১৬ | প্রযোজ্য নয় | |

**৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

( লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থক | বাস্তব(%) | আর্থক(%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | ৪৫০০ অফিসারদের বেতন | ৭ জন | | ৩৬.৫৬ | | ৩৪.৫৯ |
| ২। | ৪৬০০ কর্মচারীদের বেতন | ৪ জন | | ৭.৭৪ | | ৬.৪৩ |
| ৩। | ৪৭০০ ভাতা | ১১জন | | ৬৮.৭৯ | | ৬০.১৮ |
| ৪। | ৪৮০১ ভ্রমণ ভাতা | থোক | | ৫.০০ | | ৫.৬৯ |
| ৫। | ৪৮৪৫ ওভার টাইম | থোক | | ৩.২০ | | ১.৭৫ |
| ৬। | ৪৮১৪ বিবিধ কর (এআইটি ও ভ্যাট) | থোক | | ৫৬৭.৫১ | | ৫৫১.৯৪ |
| ৭। | ৪৮১৬ টেলিফোন | থোক | | ০.৫০ | | ০.৫৮ |
| ৮। | ৪৮২২ ফুয়েল এন্ড গ্যাস(পেট্রোল) | থোক | | ৬.৯০ | | ৫.৬৯ |
| ৯। | ৪৮২৪ বীমা: | | | | | |
| | ক) ৪০০কেভি ও ১৩২কেভি লাইন নির্মাণ | ৪৭.২০ কিমিঃ | | ৩১.১১ | | ৩০.৪৬ |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থক | বাস্তব(%) | আর্থক(%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | খ) ১৩২কেভি বে এক্সেটেনশন | ২ টি | | | | |
| ১০। | ৪৮২৮ ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প | থোক | | ১.৮০ | | ১.১৭ |
| ১১। | ৪৮৪৬ পরিবহণ | থোক | | ১৭০.১৫ | | ১৬৩.৭৮ |
| ১২। | ৪৮৪৯ ক্ষতিপূরণ | ৪৭.২০ কিঃমিঃ | | ১৬৬.১৯ | | ১৪৫.৫৫ |
| ১৩। | ৪৮৫৫ টেষ্টিং ফী | থোক | | ০.০০ | | ০.০০ |
| ১৪। | ৪৮৫৬ সার্ভে | ৪৭.২০ কিঃমিঃ | | ৫.৩৮ | | ৫.৩৮ |
| ১৫। | ৪৮৯৩ হায়ারিং চার্জ | থোক | | ১.০০ | | ০.৭১ |
| ১৬। | ৪৮৯৯ ইআইএ ষ্টাডি | থোক | | ৩০.০০ | | ২৬.৪৭ |
| ১৭। | ৪৮৯৯ অন্যান্য | থোক | | ১৭.৬০ | | ১৭.৫৭ |
| **ক** | **উপমোট রাজস্ব** | | | **১১১৯.৪২** | | **১০৬২.১৯** |
| ১৮। | ৬৮০৭ যানবাহন | ৪ টি | | ১২৬.০১ | | ১২১.১৫ |
| ১৯ | ৬৮১৩ টুলস্ প্লান্ট এন্ড স্পেয়ার্স | থোক | | ১৮.৪১ | | ১৮.৪১ |
| ২০ | ৬৮১৯ অফিস ইকুইপমেন্ট | থোক | | ৬.৬০ | | ৩.৭৬ |
| ২১ | ৬৮২১ অফিস আসবাবপত্র | থোক | | ৩.৩৯ | | ২.১০ |
| ২২ | ৬৮২৭ বৈদ্যুতিক সরঞ্জমাদী ও যন্ত্রপাতি | থোক | | ৯০২৭.১০ | | ৮৯৩৭.৮৬ |
| ২৩ | ৭০০১ ভূমি উন্নয়ন | ৩৭৬৬ ঘঃমিঃ | | ১৮.৯৭ | | ৪.৩৯ |
| ২৪ | ৭০১৬ অন্যান্য ভবন (অনাবাসিক) | থোক | | ০.০০ | | ০.০০ |
| ২৫ | ৭০৫৬ স্থাপন ব্যয় | থোক | | ৪১৭৪.২৯ | | ৪১৬৬.২৮ |
| ২৬ | ৭৯০১ সিডি ভ্যাট | থোক | | ২৫১৮.২৯ | | ২২৫১.৮৮ |
| ২৭ | ৭৯৮১ নির্মাণকালীন সুদ | থোক | | ১৬৬.৯৬ | | ১৫৯.২০ |
| **খ** | **উপমোট (মূলধন ব্যয়)** | | | **১৬০৫৫.৩২** | | **১৫৩৫৬.০২** |
| ২৮ | ৭৯৮৪ প্রাইস ও ফিজিক্যাল কনটিনজেন্সি | থোক | | ০.০০ | | ০.০০ |
| | **সর্মোট (ক+খ)** | | | **১৭১৭৪.৭৪** | | **১৬৭১০.৬৫** |

তথ্য সূত্রঃ পিসিআর ।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

৭। পটভূমিঃ

বিদ্যুৎ খাতে যৌথ সহযোগিতার জন্য বাংলাদেশ ও ভারতের মধ্যে গঠিত JWG/JSC এর ৭ম সভায় পালাতানা হতে বাংলাদেশের পূবাঞ্চলে Radial মোডে ১০০ মে:ও: বিদ্যুৎ আমদানি করার লক্ষ্যে সীমান্তের উভয়পার্শ্বে সিস্টেমের কারিগরী প্রয়োজনীয়তা যাচাই এর জন্য গঠিত যৌথ কারিগরী কমিটির প্রতিবেদন অনুযায়ী বিগত ০৬/০২/১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তে আগরতলায় (পালাতানা) উৎপাদিত বিদ্যুৎ হতে প্রাথমিকভাবে ১০০ মেঃওঃ বিদ্যুৎ এবং পরবর্তী সময়ে ২৫০ মেঃওঃ বিদ্যুৎ আমদানির জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়। Radial সংযোগের মাধ্যমে ভারত থেকে ১০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানির জন্য কুমিল্লা (দক্ষিণ) ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র সবচেয়ে বেশী উপযুক্ত বিধায়, উক্ত উপকেন্দ্রের ১০০মেঃওঃ লোডকে আলাদা করে উক্ত লোডকে Radial আন্তঃসংযোগের মাধ্যমে রেন্ডিয়াল মোডে কুমিল্লা(দঃ) গ্রীডের সাথে যুক্ত করার সিদ্ধান্ত হয়। এছাড়া ভবিষ্যতে সম্ভাব্য অতিরিক্ত বিদ্যুৎ আমদানির বিষয়টি বিবেচনায় এনে সূয্যমণিনগর থেকে কুমিল্লা (উত্তর) পর্যন্ত ৪০০ কেভি (প্রাথমিকভাবে ১৩২ কেভিতে চার্জ করা হবে)। ডাবল সার্কিট সঞ্চালন লাইন স্থাপন করার প্রস্তাব করা হয়। সূর্মণিনগর থেকে কুমিল্লা পযন্ত আসা সঞ্চালন লাইন কে কুমিল্লা (উত্তর) দিয়ে Routed করে লাইন নির্মাণ করার সাথে ভবিষ্যৎ প্রয়োজনের কথা বিবেচনায় এনে ত্রিপুরা হতে কুমিল্লা (উত্তর)অংশকে ৪০০কেভি ডাবল সার্কিট লাইন হিসাবে তৈরী করা , অন্যদিকে কুমিল্লা (উত্তর) থেকে কুমিল্লা (দক্ষিন) অংশকে ১৩২কেভি ডাবল সারকিট লাইন হিসাবে তৈরী করা হবে। পরবর্তীতে কোন সময়ে অতিরিক্ত বিদ্যুৎ আমদানীর সিদ্ধান্ত হলে কুমিল্লা (উত্তর) উপকেন্দ্র সংলগ্ন এলাকায় HVDC ষ্টেশন নির্মাণ করে সূযর্মণিনগর ও কুমিল্লা (উত্তর) অংশকে ৪০০কেভিতে চালুকরতঃ উত্তর-পূবার্ঞ্চল /ত্রিপুরা অংশ থেকে বিদ্যুৎ আমদানিকে সমৃদ্ধ করা হবে। এ লক্ষ্যে জিওবি এবং পিজিসিবি’র নিজস্ব অর্থায়নে প্রকল্পটি গ্রহণ করা হয়।

৮। **উদ্দেশ্যঃ** পালাতানা(ত্রিপুরা) বিদ্যুৎ কেন্দ্র হতে কুমিল্লা(দঃ) উপকেন্দ্রের মাধ্যমে বাংলাদেশে ১০০মেঃওঃ বিদ্যুৎ আমদানী করা, ও পালাতানা (ত্রিপুরা) বিদ্যুৎ কেন্দ্র হতে বিদ্যুৎ আমদানীর মাধ্যমে বাংলাদেশের ক্রমবধমান বিদ্যুতের চাহিদা পূরণ করা।

৯। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

প্রকল্প অনুমোদনঃ- ৩১-০৩-২০১৫খ্রিঃ তারিখে একনেক সভায় অনুমোদিত।

সর্বশেষ সংশোধনঃ- ২৩-১২-২০১৫খ্রিঃ তারিখে বিজ্বাখস মন্ত্রনালয় হতে অনুমোদিত।

১০। **ক্রয় কার্যক্রমঃ** সরাসরি ক্রয় পদ্ধতি (ডিপিএম মেথড)।

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১৪-১৫ | ৭০০০.০০ | ৭০০০.০০ | ০.০০ | ৭০০০.০০ | ৫৮৭৮.৪২ | ৫৮৭৮.৪২ | ০.০০ | ১১২১.৫৮ |
| ২০১৫-১৬ | ৮৬৩৮.০০ | ৮৬৩৮.০০ | ০.০০ | | ৯৪৭৭.৬০ | ৯৪৭৭.৬০ | ০.০০ | -৮৩৯.৬০ |

১২। **উপকারভোগীদের মতামতঃ** বিদ্যুৎ সরবরাহের পরিমান বৃদ্ধি পাওয়ায় বিদ্যুতের নিশ্চয়তা/প্রাপ্যতা বৃদ্ধি পেয়েছে।

**১৩।  প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ শফিউল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী(অঃদাঃ) | পূর্ণকালীন | - | ২৮-১০-২০১৪ | নাই |
| মোঃ শফিউল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | - | ১৫-০২-২০১৫ | নাই |

**১৪।  প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| পরিকল্পিত উদ্দেশ্য | অর্জিত ফলাফল |
|---|---|
| ত্রিপুরা (ভারত) হতে কুমিল্লা (দঃ) উপকেন্দ্রের মাধ্যমে বাংলাদেশে ১০০ মেঃ ওঃ বিদ্যুৎ  আমদানী করা; | ত্রিপুরা (ভারত) হতে কুমিল্লা (দঃ) উপকেন্দ্রের মাধ্যমে বাংলাদেশে ১০০ মেঃওঃ বিদ্যুৎ আমদানী করা হচ্ছে। |
| ত্রিপুরা (ভারত) হতে বিদ্যুৎ আমদানীর মাধ্যমে বাংলাদেশের ক্রমবধমান বিদ্যুতের চাহিদা পূরণ করা। | বিদ্যুৎ আমদানীর মাধ্যমে বাংলাদেশের সংশ্লিষ্ট এলাকায় ক্রমবধমান বিদ্যুতের চাহিদা পূরণ করা সম্ভব হয়েছে । |

**১৫।** উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

**১৬।**  **অডিট** :অভ্যন্তরীন অডিট সম্পাদিত ও নিষ্পত্তি হয়েছে। AG এর অডিট এখনও সম্পাদিত হয়নি।

**১৭।**  **প্রকল্প বাস্তবায়ন সমস্যা** প্রকল্পের রাইট-অব-ওয়ে প্রাপ্তি ও সীমান্তে নোম্যান্স ল্যান্ড পরিহার সংক্রান্ত সমস্যা।

**১৮।**  **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):**  প্রকল্পটি যথাসময়ে বাস্তবায়িত হয়; প্রযোজ্য নয়।

**১৯ ।**ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (  If any):  প্রকল্প পরিচালক পরিবর্তন  হয়নি; প্রজোয্য নয়।

**২০ ।** চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ:  চুক্তি বাস্তবায়নে বিলম্ব ঘটেনি; প্রজোয্য নয়।

**২১।  পরিদর্শন পর্যবেক্ষণঃ**

২১.১  বিগত ২৩/০৭/২০১৭ তারিখে এই প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক ইঞ্জি : মোঃ শফিউল আলম, সহকারী প্রকৌশলী হারুনুর রশিদ , G. S Korea প্রতিনিধি।  সহকারী প্রকৌশলী মোঃ রেজাউল করিম  ( ইন-চার্জ, জাঙ্গালিয়া, কুমিল্লা সাব-ষ্টেশন) উপস্থিত ছিলেন;

২১.২  প্রকল্পটির মূল লক্ষ্য ছিল ত্রিপুরা পালাটানা পাওয়ারস ষ্টেশন থেকে কুমিল্লা  (দক্ষিণ) সাব-ষ্টেশন (জাঙ্গালিয়া পর্যন্ত ১৩২ কেভি লাইনে ১০০ মেঘাওয়াট  বিদ্যুৎ আমদানি করা এবং  প্রকল্পের প্রধান কাজগুলো হলো - (ক) ৪০০ কেভি ও ১৩২ কেভি লাইন নির্মাণ, (খ) ১৩২ কেভি বে  এক্সটেনশন; এবং (গ) ভূমি উন্নয়ন;

২১.৩  সরেজমিন পরিদর্শনে দেখা যায় ব্রাক্ষনবাড়িয়ার  সীমানা ঘেষে ত্রিপুরা সীমান্তের কাছে পালাটানা পাওয়ার ষ্টেশন হতে টানা লাইন থেকে বি -বাড়িয়া  মাদলা হয়ে ঢুকে লাইনটি জাঙ্গালিয়া কুমিল্লা  (দক্ষিণ)  সাব-ষ্টেশনে যুক্ত হয়েছে। এই প্রকল্পের অধীনে বি-বাড়িয়া ত্রিপুরা সীমান্ত হতে কুমিল্লা (দক্ষিণ) সাব-স্টেশন পর্যন্ত ৪০০ কেভি লাইনটি নির্মিত হয়েছে। কুমিল্লা (দক্ষিণ) ১৩২/৩৩ কেভি গ্রীড উপ-কেন্দ্রটি নির্মিত হয়েছে;

২১.৪ প্রকল্পে ৪০০ কেভি লাইন এর জন্য G.S Korea, ১৩২ কেভি লাইনের জন্য KEC International, India এবং ২ নং. ১৩২ কেভি Bay Expansion এর জন্য Energypac, Bangladesh কে ঠিকাদারী প্রতিষ্ঠান হিসেবে নিয়োগ দেয়া হয়;

২১.৫ প্রকল্প ১০০ মে:ও: বিদ্যুৎ আনার জন্য কথা থাকলেও পরবর্তীতে এই লাইন দিয়ে ১৬০ মে: বিদ্যুৎ আনার জন্য ব্যবস্থা করে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড সম্প্রতি মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক তা উদ্বোধন করা হয়;

২১.৬ আমদানীকৃত বিদ্যুৎ ন্যাশনাল সঞ্চালন গ্রীডে যুক্ত হওয়ায় তা জাতীয় বিদ্যুৎ পরিসেবায় অবদান রাখছে;

২১.৭ পরিদর্শনকালীন সময় ১০২ মে: ও: বিদ্যুৎ আসতে দেখা যায়। যা চাহিদা ভিত্তিক Transmission/আমদানি হচ্ছে বলে প্রকল্প পরিচালক জানান। তবে ১৬০ মে: ও: বিদ্যুৎ আনার সুযোগ আছে;

২১.৮ সরেজমিন পরিদর্শনে লাইনটি ও গ্রীড উপকেন্দ্রটি নির্মিত অবস্থায় দেখা যায় যা এখন চালু অবস্থায় রয়েছে;

২১.৯ পরিদর্শনকালে ড্রয়িং ডিজাইন মতে ইকুইপমেন্ট /বিবিধ যন্ত্রপাতি/মেশিনারিজ স্থাপন করা হয়েছে দেখা যায়। যেমন : New 132 KV Bay at Existing Com**illa (S)** Substation , 132 KV Switch gear এর Circuit Breaker , Single phase current transformer , Disconnect with E/S, centre break, Single phase surge arrester, Gantry mounted insulators, Control, protections & metering panel with mimic & equipment, Disc. Insulator (120KN) & Fittings including all necessary clamps & connectors for busbar & two bays, Gantry steel structures with all necessary accessory Nut, washer, Anchor bolt.etc., Equipment steel structures with all necessary accessory Nut, washer, Anchor bolt.etc., Extension of 110V DC Distribution Board, Extension of 48V DC Distribution Board, Extension of shield wire, mise, earth wire & all necessary fittings, Extension of ear thing, mesh, equipment ear thing connector & fitting, Multicore cables for control, protection, metering & power circuits, Switch yard lighting for extended switchyard, 33KV, 500 sqmm, XL.PE power cable and 33KV. 500 sqmm. outdoor cable termination kit. ইত্যাদি। তবে পরিদর্শনকালীন সময়ে নতুন মেশিনারী/ ইকুইপমেন্ট এর কোন ব্রশিউর/ক্যাটালগ পাওয়া যায়নি;

২১.১০ SCADA System for tale Control & tale Metering এর ক্ষেত্রে চুক্তি মোতাবেক শতভাগ নতুন ইক্যুইপমেন্ট ব্যবহার করেছে কিনা স্পষ্ট হলো না। দায়িত্বপ্রাপ্ত সহকারী প্র কৌশলী মোঃ রেজাউল করিম জানান কিছু ইক্যুইপমেন্ট ওখানে জমা আছে যা এখনও লাগানো হয়নি তবে পরে স্থাপন করা হবে। কিন্তু প্রকল্প পরিচালক তা সঠিক নয় বলে জানান;

২১.১১ এই প্রকল্পে মূল ডিপিপি'র তুলনায় Goods ও Works এর Variation হয়েছে। অর্থ ব্যয় বৃদ্ধি পেয়েছে যা RDPP'র মাধ্যমে Rivision করা হয়েছে;

২১.১২ Internal Audit হয়েছে কিন্তু এখনও AG’র Audit হয়নি বলে প্রকল্প পরিচালক জানান;

২১.১৩ কুমিল্লা (দ:) সাব-ষ্টেশন এ স্থাপিত মালামাল /ইক্যুইপমেন্ট গুলোর কয়েকটি India এবং বাকীগুলো বাংলাদেশের দেখা যায়;

২১.১৪ Substation চালু হলেও Comissioning Clearance Certificate / Papers পরিদর্শনকালীন সময় পাওয়া যায়নি;

২১.১৫ পরিদর্শনের প্রেক্ষিতে Goods/Equipment এর Country of Origin ও মান নিশ্চিত হওয়ার জন্য Goods এর কন্ট্রাক্ট পেপার /ইনভয়েস দেখতে চাইলে তা পেতে প্রায় ২ মাস সময় লেগে যায়। যা প্রতিবেদন তৈরীর কাজে ধীর গতি সৃষ্টি করে। তাও সব পাওয়া যায়নি বা দেখা সম্ভব হয়নি;

২১.১৬ নতুন ১৩২ কেভি বে-এক্সটেনশন কাজে ০৬টি Gantry mounted insulator ঠিকাদারের সরবরাহের কথা থাকলেও তা Procure করা হয়নি। স্থানীয়ভাবে লাগানো হয়েছে বলে উপকেন্দ্রের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান।

| | |
|---|---|
|  চিত্র: পালাতানা (ত্রিপুরা) পয়েন্ট থেকে সংযুক্ত টাওয়ার। |  চিত্র: বাংলাদেশ অংশে সংযুক্ত টাওয়ার। |
|  চিত্র: ৪০০ কেভি লাইন। |  চিত্র: সাব-স্টেশন বে-লাইন। |

| | |
|---|---|
|  |  |
| চিত্র: কুমিল্লা (দ:) সাব-ষ্টেশনের সুইচিং বোর্ড। | চিত্র: বি-বাড়িয়ায় বিলের মধ্য দিয়ে টানা লাইন। |

## ২২। সুপারিশ

২২.১ এই প্রকল্প লাইন দিয়ে দু ' দেশের সমঝোতা মতে ১৬০ মে: ওয়াট বিদ্যুৎ এর সঞ্চালন /আমদানী করা সম্ভব হলেও এখনও পূর্ণ ব্যবহার করা সম্ভব হচ্ছে না। তাই Internal Capacity বৃদ্ধি ও যথাযথ সমন্বয়ের মাধ্যমে সর্বোচ্চ সুবিধা (১৬০ মে:ও:) প্রাপ্তি/সঞ্চালনের উদ্যোগ নিতে হবে;

২২.২ প্রকল্প পরিদর্শনকালীন সময়ে না পাওয়ায়- লাইন ও সাব -ষ্টেশন এর Commissioning Clearance Certificate/ Papers এর কপি এবং প্রকল্পের অন্তর্ভূক্ত Goods/ইক্যুইপমেন্টের বিষেশত: সাব-ষ্টেশনের ইক্যুইপমেন্টের ব্রশিউর/ক্যাটালগ বিদ্যু ৎ বিভাগকে প্রদর্শন করে বিদ্যুৎ বিভাগের মাধ্যমে আইএমইডি -কে অবহিত করতে হবে;

২২.৩ পরিদর্শনকালীন সময় সুষ্ঠু পরিবীক্ষণের স্বার্থে প্রকল্প সংশ্লিষ্ট দলিলাদি সংরক্ষণ এবং চাহিবা মাত্র যে কোন Papers/দলিল উপস্থাপন/সরবরাহের নির্দেশনা সংশ্লিষ্ট পিডি/সংস্থাকে প্রদান করতে হবে;

২২.৪ এই প্রকল্পে এখনও AG-এর অডিট না হওয়ায় Audit সম্পন্ন হলে প্রকল্পের অডিট আপত্তি /নিস্পত্তির তথ্য আইএমইডি-কে জানাতে হবে;

২২.৫ অনুচ্ছেদ ২১.১০ এ উল্লিখিত বিষয়ে নতুন /যথাযথ ইক্যুইপমেন্ট ব্যবহার করা হয়েছে কি না বা পূর্ব প্রকল্পের সাথে দ্বৈততা আছে কি না বিদ্যুৎ বিভাগ পরীক্ষা করে দেখবে;

২২.৬ ০৬টি নির্ধারিত Gantry mounted insulator কেন ঠিকাদার সরবরাহ করেনি তার কারণ অবহিত করতে হবে;

২২.৭ অনুচ্ছেদ ২২.১ থেকে ২২.৬ এর আলোকে গ্রহীত ব্যবস্থাদির বিষয়ে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

# থানচি বিদ্যুতায়ন -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নামঃ থানচি বিদ্যুতায়ন প্রকল্প।

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)।

৪. প্রকল্প এলাকাঃ

| বিভাগ | জেলা | শহর/স্থান |
|---|---|---|
| চট্টগ্রাম | বান্দরবান | থানচী |

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ২৪৬৪.৪২ (০.০০) | প্রযোজ্য নয় | ২০৫৩.৯৭ | এপ্রিল, ২০১৫ হতে জুন, ২০১৬ | প্রযোজ্য নয় | এপ্রিল, ২০১৫ হতে জুন, ২০১৬ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

## ৭.০ প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ

### ৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- থানচি উপজেলা বিদ্যুতায়িত করা;
- প্রকল্প এলাকার মানুষের আর্থসামাজিক অবস্থা ও জীবন যাত্রার মান উন্নয়ন;
- অধিক বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে রেভেনিউ সংগ্রহ;
- প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রকল্প এলাকার মানুষের কর্মসংস্থান সৃষ্টি।

### ৭.২ প্রকল্পের পটভূমিঃ

১৭/০২/২০১৪ তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী কর্তৃক বান্দরবান জেলার থানচি উপজেলায় বিদ্যুৎ সরবরাহের জন্য বিদ্যুৎ , জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীকে ডিও পত্র প্রদান করা হয়। জুন , ২০১৪-তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক প্রকল্প এলাকায় একটি ইন -হাউজ ফিজিবিলিটি স্টাডি সম্পাদন করা হয়। ০৩/১২/২০১৪ তারিখে আলোচ্য প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলো চনা হয় যে, প্রকল্প এলাকায় চিম্বুক, নীলগিরি ও বলীপাড়াসহ তিনটি সেনা ক্যাম্প ও বিজিবি ক্যাম্প রয়েছে। তাছাড়া থানচি উপজেলার কাচাকাছি

চিম্বুক হতে থানচি পর্যন্ত বিশেষ করে বলীপাড়া এলাকায় রাস্তার দুই ধারে জনবসতি রয়েছে। উপজেলা কমপ্ল্যাক্সে বেশ গুরুত্বপূর্ণ অফিসও রয়েছে। এতগুলো জায়গা সৌর বিদ্যুতের প্রকল্পের মাধ্যমে বিদ্যুতায়ন করা সম্ভব হবে না। এছাড়া সৌর বিদ্যুতের দ্বারা সাধারণত: গ্রিড বিছিন্ন এলাকায় স্বল্প পরিসরে বিদ্যুৎ সরবরাহ করা হয় এবং খরচও অত্যন্ত বেশী। সৌর বিদ্যুৎ পরিমিত বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হয় না বিধায় ব্যাপক ভাবে উন্নয়ন কর্মকান্ডের পরিকল্পনা করা সম্ভব হয় না। এ সব কারণে জাতীয় গ্রিড থেকে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য সভায় মতৈক্য হয়। বর্ণিত প্রেক্ষাপটে প্রকল্পটি বাস্তবায়নের জন্য মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

**৭.৩ প্রকল্পের আওতায় গৃহীত মূল কার্যক্রমঃ**

- ৩৫ কিঃ মিঃ ৩৩ কেভি নতুন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- ২৮ কিঃ মিঃ ১১ কেভি নতুন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- ১(এক)টি ৪ x ১.৬৭ এমভিএ রুরাল টাইপ উপকেন্দ্র নির্মাণ;
- ১৭ টি বিভিন্ন ক্ষমতার বিতরণ ট্রান্সফর্মার সংগ্রহ।

**৭.৪ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটি মোট ২৪৬৪.৪২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে এপ্রিল, ২০১৫ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ২২/০৪/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক কর্তৃক অনুমোদিত হয়।

**৮.০ প্রকল্পের অর্থায়নঃ**

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান | Cash Foreign Exchange |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ২৪২০.২০ | ৯৬৮.০৮(৪০%) | ১৪৫২.১২ (৬০%) | -- |

(খ) প্রকল্প সাহায্য: নেই।

(গ) নিজস্ব অর্থায়ন: ৪৪.২২ লক্ষ টাকা।

**৯.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| Sl. No | Items of work (as per DPP) | Unit | Approved DPP | Target (As per DPP | | Actual progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Financial | Physical Quantity | Financial | Physical Quantity | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 1. | **Pre-construction Works**. | | | | | | | |
| a) | Acquisition | (Acre) | 4.00 | 4.00 | 0.5 | 4.00 | 100% | |

| Sl. No | Items of work (as per DPP) | Unit | Approved DPP | Target (As per DPP | | Actual progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Financial | Physical Quantity | Financial | Physical Quantity | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| b) | Development | | 10.00 | 10.00 | | | 100% | |
| c) | Survey | | | | | | | |
| | **Sub Total:** | | **14.00** | **14.00** | | **4.00** | | |
| 2. | Construction works | | | | | | | |
| a) | Functional Building | | | | | | | |
| b) | Residentional Building | | | | | | | |
| c) | Other civil works with Solar Pannel & Rain water Reservoir | | | | | | | |
| | **Sub-Total-2** | | | | | | | |
| 3. | Distribution Lines (in Km). | | | | | | | |
| a) | 33 kv Line(new) | KM | 1007.82 | 1007.82 | 35 | 898.53712 | 100% | Due to less value of contract |
| b) | 11 kv Line(new) | KM | 521.61 | 521.61 | 28 | 520.07 | 100% | |
| c) | 11/0.4 Line(new) | KM | 63.81 | 63.81 | 2 | 32.75 | 100% | |
| d) | 0.4 kv Line(new) | KM | 78.92 | 78.92 | 5 | 60.25 | 100% | |
| e) | 0.23 kv Line(new) | KM | 92.96 | 92.96 | 10 | 75.60 | 100% | |
| | **Sub-Total-3** | | **1765.12** | **1765.12** | | **1587.20712** | | |
| | | | | | | | | |
| 4. | 33/11 Kv Sub-satiation (in nos). | | | | | | | Due to less value of contract |
| a) | 2x5 MVA Sub-station (new) | | | | | | | |
| b) | 1x5 MVA Sub-station (new) | | | | | | | |
| c) | 4x1.67 MVA Sub-station (new) | Nos | 304.55 | 304.55 | 01 | 258.65895 | 100% | |
| | **Sub-Total-4** | | **304.55** | **304.55** | | **258.65895** | | |
| 5. | Distribution Sub-stations (in Nos). | | | | | | | |
| a) | 11/04 Kv,200 KVA (New) | Nos | 10.89 | 10.89 | 02 | | 100% | Due to less value of contract |
| b) | 11/04 Kv,100 KVA (New) | Nos | 7.72 | 7.72 | 02 | | 100% | |
| c) | 33/0.4 KV 200 KVA (New) | Nos | 8.36 | 8.36 | 01 | | 100% | |

| Sl. No | Items of work (as per DPP) | Unit | Approved DPP | Target (As per DPP | | Actual progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Financial | Physical Quantity | Financial | Physical Quantity | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| d) | 11/04 Kv,25 KVA (New) | Nos | 15.36 | 15.36 | 12 | | 100% | |
| | **Sub-Total-5** | | **42.32** | **42.32** | | **24.01** | | |
| | Total Material Cost<br>(Sub- Total : 3-5) | | | | | | | |
| 6. | **Transport Vehicles.** | | | | | | | |
| a) | Jeep | N/A | | | | | | |
| b) | Double Cabin Pick-up | N/A | | | | | | |
| c) | Motorcycle | N/A | | | | | | |
| d) | Country boat | N/A | | | | | | |
| | **Sub-Total-6** | | | | | | | |
| 7. | **Revenue Expenditure** | | | | | | | |
| a) | Salary of Manpower | | | | | | | |
| | (i) Salary of Officers | Nos | 4.04 | 4.04 | 3 | | 100% | Due to Additional charge of offcer's |
| | (ii) Salary of Staff | Nos | 7.73 | 7.73 | 3 | 1.26782 | 100% | |
| b) | Field Establishment | | | | | | | |
| | (i) Allowance | | 5.65 | 5.65 | LS | | 100% | |
| | (ii) Supply & Services | | 8.05 | 8.05 | LS | 0.41524 | 100% | |
| | (iii) Fuel for Transport | | N/A | N/A | | | | |
| | (iv) Repair & Maintenance and Registration, Insurance, Tax & License etc. | | N/A | N/A | | | | |
| c) | Interest During Construction | | 18.76 | 18.76 | | | | |
| | **Sub-Total-7** | | **44.22** | **44.22** | | **1.68306** | | |
| 8. | Other Capital Expenditure | | | | | | | |
| | | | | | | | | |
| a) | Internal Transportation | | 90.37 | 90.37 | LS | 34.8895 | 100% | Due to less value of contract |
| b) | Installation Cost | | 144.60 | 144.60 | LS | 143.5239 | 100% | |
| c) | Price Escalation | | 35.54 | 35.54 | LS | 0.00 | | |
| d) | Physical Contingency | | 23.70 | 23.70 | LS | 0.00 | 100% | |

| Sl. No | Items of work (as per DPP) | Unit | Approved DPP | Target (As per DPP | | Actual progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | Financial | Physical Quantity | Financial | Physical Quantity | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| | **Sub-Total -8** | | **294.21** | **294.21** | | **178.4134** | | |
| | | | | | | | | |
| | **Grand Total (1 to 8)** | | **2464.42** | **2464.42** | | **2053.97** | | |

**১০.০ পরিদর্শনঃ**

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক ০৪ মার্চ ২০১৭ তারিখে প্রকল্প এলাকা বান্দরবান জেলার থানচী উপজেলা পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সাথে প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

**১১.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম , পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ:

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | জনাব আবদুল মোত্তালিব | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ২২/০৪/২০১৫ হতে ১৮/০৬/২০১৫ |
| ২ | জনাব কেনোয়ার হোসেন | নির্বাহী প্রকৌশলী | অতিরিক্ত দায়িত্ব | ১৮/০৬/২০১৫ হতে ০৩/১২/২০১৫ |
| ৩ | জনাব মুজবুর রহমান পাটোয়ারী | নির্বাহী প্রকৌশলী | অতিরিক্ত দায়িত্ব | ০৫/১২/২০১৫ হতে ১৩/১২/২০১৫ |
| ৪ | জনাব উজ্জল বড়ুয়া | নির্বাহী প্রকৌশলী | অতিরিক্ত দায়িত্ব | ১৩/১২/২০১৫ হতে ৩০/০৬/২০১৬ |

**১২.০ পর্যবেক্ষণঃ**

১২.১ **লাইন নির্মাণঃ** প্রকল্পের আওতায় ৩৫ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ২৮ কিঃ মিঃ ১১ কেভি লাইন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা শতভাগ অর্জিত হয়েছে।

১২.২ **বিতরণ ট্রান্সফর্মারঃ** প্রকল্পের আওতায় ১৭ টি বিতরণ ট্রান্সফর্মার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা শতভাগ অর্জিত হয়েছে।

১২.৩ **যানবাহন সংগ্রহঃ** প্রকল্পের আওতায় কোন যানবাহন সংগ্রহ করা হয়নি।

১২.৪ **প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনঃ** _ প্রকল্পটির বাস্তবায়ন কালে ৩(তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে , এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে।

১২.৫ **প্রকল্প মেয়াদ বৃদ্ধি এবং সংশোধনঃ** প্রকল্পের মেয়াদ বৃদ্ধি হয়নি এবং কোন সংশোধন হয়নি। নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পটি সমাপ্ত হয়েছে।

১২.৬ **সাবস্টেশন নির্মাণঃ** প্রকল্পের অনুকূলে ১(এক)টি রুরাল টাইপ ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। রুরাল টাইপ সাবস্টেশন নির্মাণে জিআইএস (গ্যাস ইনসুলেটেড সাবস্টেশন) সাবস্টেশনের তুলনায় অধিকতর বেশি পরিমাণ জমির প্রয়োজন হয়; তবে নির্মাণ ব্যয় তুলনামূলকভাবে কম হয়। ভবিষ্যতে মূল্যবান জমি রক্ষা করার লক্ষ্যে নির্মা ণ ব্যয় বেশি হলেও বিপিডিবি'র পক্ষ থেকে জিআইএস সাবস্টেশন নির্মাণের উদ্যোগ নেয়া যেতে পারে।

১২.৭ **প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ**

| অডিট পিরিয়ড | অডিট রিপোর্ট দাখিলের তারিখ | প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি | নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা) |
|---|---|---|---|
| ২০১৫-১৬ | ১৫/১২/২০১৬ | মোট ৪(চার)টি প্রধান আপত্তি উপস্থাপন করা হয়েছিল। | সকল উথাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে , নিষ্পত্তির অপেক্ষায় আছে। |

## ১৩.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(কোটি টাকা)

| Description of procurement (Goods work/consultancy as per bid document) | Tender/Bid/proposal cost (in Lakh Taka) | | Tender/Bid/proposal | | Date of completion of work services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation date | Contract signing/L.c opening date | As per Contract | Actual |
| 01 | 02 | 03 | 04 | 05 | 06 | 07 |
| 01 (one) no 33/11 KV, 4×1.67/2.23 MVA Rural type Substation. | 304.55 | 258.65 | 09-03-15 | 09-08-15 | 07-12-15 | 05-12-15 |
| Rest non Turnkey contract Goods<br><br>Procurement through various tender | 1765.13 | 374.07815 | 15-10-14 | 07-06-15 | 11-10-15 | 04-11-15 |
| | | 267.67350 | 15-10-14 | 07-06-15 | 05-10-15 | 01-10-15 |
| | | 511.53844 | 15-10-14 | 07-06-15 | 04-11-15 | 22-11-15 |
| | | 376.93587 | 15-10-14 | 07-06-15 | 04-11-15 | 22-11-15 |

### প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র-১ প্রকল্পের আওতায় নির্মিত বিতরণ লাইন



চিত্র-২ প্রকল্পের আওতায় স্থাপিত ট্রান্সফর্মার



চিত্র-৩ প্রকল্পের আওতায় নির্মিত উপকেন্দ্র



চিত্র-৪ প্রকল্পের আওতায় নির্মিত বিতরণ লাইন

## ১৪.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ➢ থানচি উপজেলা বিদ্যুতায়িত করা; | প্রকল্পের আওতায় ৩৫ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ২৮ কিঃ মিঃ ১১ কেভি লাইন নির্মাণ করা হয়েছে। নতুন ১ টি সাব-ষ্টেশন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় ১৭টি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। ফলশ্রুতিতে থানচি উপজেলায় অধিকাংশ বিদ্যুতায়ন করা সম্ভব হয়েছে। |
| ➢ প্রকল্প এলাকার মানুষের আর্থসামাজিক অবস্থা ও জীবন যাত্রার মান উন্নয়ন; | নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে প্রকল্প এলাকার মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে। |
| ➢ অধিক বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে রেভেনিউ সংগ্রহ; | পার্বত্য এলাকার মানুষের কাছে বিদ্যুৎ সরবরাহ করাই আলোচ্য প্রকল্পের উদ্দেশ্য হিসেবে ডিপিপি'তে দেখানো উচিত ছিল, বিদ্যুৎ বিক্রয় করা নয়। কারণ প্রকল্পের আর্থিক বিনিয়োগের উক্ত এলাকায় বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে তুলনায় রেভেনিউ সংগ্রহ পর্যাপ্ত হবেনা। |
| ➢ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রকল্প এলাকার মানুষের কর্মসংস্থান সৃষ্টি। | প্রকল্প বাস্তবায়নের মাধ্যমমে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রকল্প এলাকার মানুষের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। |

## ১৫.০ সুপারিশঃ

১৫.১ ভবিষ্যতে বিদ্যুৎ বিতরণধর্মী প্রকল্পে দেশের মূল্যবান জমি সাশ্রয়ের জন্য রুরাল টাইপ সাবস্টেশনের পরিবর্তে জিআইএস সাবস্টেশনের সংস্থান রাখা সমীচীন হবে;

১৫.২ সার্বিক উন্নয়ন (Total Development) এবং সামাজিক দায়িত্বের অংশ হিসেবে পার্বত্য এলাকার মানুষের কাছে বিদ্যুৎ সরবরাহ করাই আলোচ্য প্রকল্পের উদ্দেশ্য হিসেবে দেখানো উচিত ছিল , বিদ্যুৎ বিক্রয় করা নয়। কারণ প্রকল্পের আর্থিক বিনিয়োগের উক্ত এলাকায় বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে তুলনায় রেভেনিউ সংগ্রহ পর্যাপ্ত হবেনা। ভবিষ্যততে ডিপিপি প্রণয়নের সময় উদ্দেশ্য সঠিকভাবে নিরূপন করতে হবে;

১৫.৩ প্রকল্পের আওতায় সরবরাহকৃত বিতরণ ট্রান্সফর্মারগুলি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার এবং স্টক রেজিস্টার মেইনটেইন করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৫.৪ ভবিষ্যতের জন্য পরিকল্পনাধীন বিপিডিবি 'র বিতরণধর্মী প্রকল্পের কাজের সাথে যেন এই প্রকল্পের কোন কাজের বিশেষতঃ বিদ্যমান বিতরণ লাইন পুনর্বাসন কাজের যেন দ্বৈততা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৫.৫ আগামী ১(এক) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৫.১ হতে ১৫.৫) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

# পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের জন্য সুইচিং ষ্টেশন নির্মাণ

# -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

প্রকল্পের নাম : পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের জন্য সুইচিং ষ্টেশন নির্মাণ।

১। প্রকল্পের অবস্থান : বাপবিবোর্ড এর আওতাধীন ঠাকুরগাঁও, জয়পুরহাট, মাগুরা ও মেহেরপুর পবিস এলাকা।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/বিদ্যুৎ বিভাগ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: (ক) বাস্তবায়ন কাল: ০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৬

(খ) ব্যয়: মোট= ১২১৫৮.০৩ লক্ষ টাকা।

( লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৬ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| GOB: 12140.43<br>BREB: 17.60<br>Total: 12158.03 | GOB: 12140.43<br>BREB: 17.60<br>Total: 12158.03 | GOB: 10311.81<br>BREB: 13.74<br>Total: 10335.57 | ০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৬ | ০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৬ | ০১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৬ | ৮৫% | ১০০% |

**৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| 1 | 4501 Pay of Officer | Pers | 01 | GOB: 18.24<br>BREB: 0.00 | 01 | GOB: 15.16<br>BREB: 0.00 |
| 2 | 4601 Pay of Employees | Pers | 18 | GOB: 11.62<br>BREB: 0.00 | 14 | GOB: 6.46<br>BREB: 0.00 |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| 3 | 4701 Darenes Allowance | Pers | 19 | GOB: 7.25<br>BREB: 0.00 | 15 | GOB: 0.07<br>BREB: 0.00 |
| 4 | 4705 Houseing Allowance | Pers | | GOB: 17.91<br>BREB: 0.00 | | GOB: 6.13<br>BREB: 0.00 |
| 5 | 4713 Festival Allowance | Pers | | GOB: 4.98<br>BREB: 0.00 | | GOB: 1.55<br>BREB: 0.00 |
| 6 | 4717 Medical Allowance | Pers | | GOB: 3.02<br>BREB: 0.00 | | GOB: 1.07<br>BREB: 0.00 |
| 7 | 4755 Tiffin Allowance | Pers | | GOB: 0.48<br>BREB: 0.00 | | GOB: 0.13<br>BREB: 0.00 |
| 8 | 4765 Transport Allowance | Pers | | GOB: 0.48<br>BREB: 0.00 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 9 | 4795 Other Allowance | Pers | | GOB: 9.83<br>BREB: 1.46 | | GOB: 3.51<br>BREB: 0.44 |
| 10 | 4801 Travelling Allowance | LS | LS | GOB: 0.00<br>BREB: 4.60 | LS | GOB: 0.00<br>BREB: 4.59 |
| 11 | 4806 Office Rent | LS | LS | GOB: 0.00<br>BREB: 0.08 | LS | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 12 | 4816 Telephone | LS | LS | GOB: 0.00<br>BREB: 0.20 | LS | GOB: 0.00<br>BREB: 0.10 |
| 13 | 4819 Watere and Swerage | LS | LS | GOB: 0.00<br>BREB: 0.05 | LS | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 14 | 4821 Electricity | LS | LS | GOB: 0.00<br>BREB: 0.05 | LS | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 15 | 4822 Gas and Fuel | LS | | GOB: 0.00<br>BREB: 0.14 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 16 | 4823 Petrol & Lubricant for Vehical | LS | | GOB: 6.00<br>BREB: 0.00 | | GOB: 2.87<br>BREB: 0.00 |
| 17 | 4827 Printing & Publication | LS | LS | GOB: 0.00<br>BREB: 6.21 | LS | GOB: 0.00<br>BREB: 6.16 |
| 18 | 4828 Stationary, Seal and Stamps | LS | LS | GOB: 0.00<br>BREB: 2.86 | LS | GOB: 0.00<br>BREB: 2.11 |
| 19 | 4840 Training | Pers | 10 | GOB: 5.00<br>BREB: 0.00 | 10 | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 20 | 4845 Entertainment | LS | LS | GOB: 0.00<br>BREB: 0.35 | LS | GOB: 0.00<br>BREB: 0.34 |
| 21 | 4846 Transportation & Landing Charge | LS | | GOB: 109.00<br>BREB: 0.00 | | GOB: 40.57<br>BREB: 0.00 |
| 22 | 4874 Consultant for Engineering Design & Supervision | KM | 120 | GOB: 168.00<br>BREB: 0.00 | 0 | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 23 | 4883 Honorium | Pers | | GOB: 3.75<br>BREB: 0.00 | | GOB: 2.92<br>BREB: 0.00 |
| 24 | 4899 Misc revenue Exp | LS | | GOB: 5.00<br>BREB: 0.00 | | GOB: 2.02<br>BREB: 0.00 |
| 25 | 4901 Vechicle | Nos. | | GOB: 4.80 | | GOB: 0.00 |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | BREB: 0.00 | | BREB: 0.00 |
| 26 | 4906 Furniture | Lot | | GOB: 0.12<br>BREB: 0.00 | | GOB: 0.03<br>BREB: 0.00 |
| 27 | 4916 Computer & Office Equipment | Lot | | GOB: 0.12<br>BREB: 0.00 | | GOB: 0.07<br>BREB: 0.00 |
| 28 | 4991 Other | LS | | GOB: 0.05<br>BREB: 0.00 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 29 | 6807 Transport Vehicle | Nos | | GOB: 50.00<br>BREB: 0.00 | | GOB: 45.66<br>BREB: 0.00 |
| 30 | 6813 Equipment & materials | KM | | GOB: 7110.06<br>BREB: 0.00 | | GOB: 6750.90<br>BREB: 0.00 |
| 31 | 6815 Computer & Accessories | Lot | | GOB: 1.20<br>BREB: 0.00 | | GOB: 1.18<br>BREB: 0.00 |
| 32 | 6817 Computer Softwere | Lot | | GOB: 0.35<br>BREB: 0.00 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 33 | 6821 Furniture | Lot | | GOB: 3.00<br>BREB: 0.00 | | GOB: 2.90<br>BREB: 0.00 |
| 34 | 6851 Others ( Photocopier & Air Coller) | Lot | | GOB: 1.95<br>BREB: 0.00 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 35 | 7056 Establishment Cost | | | | | |
| | Supply & Installation of Switching Station (Turn-key) | Nos | 04 | GOB: 3040.00<br>BREB: 0.00 | 04 | GOB: 3037.92<br>BREB: 0.00 |
| | Electrical Line Construction | KM | 210 | GOB: 450.00<br>BREB: 0.00 | 180.974 | GOB: 390.71<br>BREB: 0.00 |
| 36 | 7901 CD-VAT | | | | | |
| 37 | 7981 Misc. Capital Expenditure | | | GOB: 5.00<br>BREB: 0.00 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 38 | 7982 Price Contingency | | | GOB: 882.58<br>BREB: 0.00 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 39 | 7984 Physical Contingency | | | GOB: 220.64<br>BREB: 0.32 | | GOB: 0.00<br>BREB: 0.00 |
| 40 | **Total** | | | GOB: 12140.43<br>BREB: 17.60 | | GOB: 10311.83<br>BREB: 13.74 |
| **41** | **Grand Total (GOB+BREB)** | | | **12158.03** | | **10335.57** |

তথ্য সূত্রঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

৭। **পটভূমিঃ** পাওয়ার গ্রীড কোম্পানী বাংলাদেশ লিঃ সুইচিং ষ্টেশন ছাড়া দেশের বিভিন্ন স্থানে ১০টি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র ২০১০ সালে নির্মাণ করে। সুইচিং ষ্টেশন না থাকার ফলে উক্ত ১০ টি গ্রীড উপকেন্দ্র থেকে বিতরণ

সংস্থা গুলো চাহিদা অনুযায়ী বিদ্যুৎ গ্রহণপূর্বক গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে অসুবিধার সম্মুখিন হয় । প্রয়োজনের তাগিদে ০৬ টি গ্রীডে বাপবিবো ০৬টি পল্লী বিদ্যুৎ সমিতির অর্থায়নে সুইচিং ষ্টেশন নির্মাণে সক্ষম হলেও আর্থিক অস্বচ্ছল্লতার কারনে ঠাকুরগাঁও, জয়পুরহাঁট, মাগুরা ও মেহেরপুর যথাক্রমে পিজিসিবি'র পঞ্চগড়, জয়পুরহাঁট, মাগুরা ও চুয়াডাঙ্গা গ্রীডে সুইচিং ষ্টেশন নির্মাণ করতে পারে নাই। তৎপ্রেক্ষিতে ২০১৪ সালে আলোচ্য প্রকল্প গৃহিত হয়।

**৮।** **উদ্দেশ্যঃ** (ক) ঠাকুরগাঁও, জয়পুরহাঁট মাগুরা ও মেহেরপুর পবিস এর বৈদ্যুতিক বিতরণ লাইনের ক্ষমতাবর্ধন ।

(খ) গ্রাহকের বিদ্যুৎ চাহিদা পুরন।

(গ) সিষ্টেম লস হ্রাসের পাশাপাশি নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ।

**৯।** **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

প্রকল্প অনুমোদনঃ-১৪-১০-২০১৪

সর্বশেষ সংশোধনঃ- **৩০-০৬-২০১৫ (Recast for inter item re-appropriation)**

**১০।** **ক্রয় কার্যক্রমঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ মালামাল ক্রয় ।**

**১১।** **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ**

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | অর্থ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০১৪-১৫ | ৯৯০.০০ | | | ৯৯০.০০ | ৯৮০.৩৫ | | | ৯.৬৫ |
| ২০১৫-১৬ | ৯৪৫৬.০০ | | | ৯৪৫৬.০০ | ৯৩৩১.৪৬ | | | ১২৪.৫৪ |

**১২।** **উপকারভোগীদের মতামতঃ** প্রকল্পভূক্ত সুইচিং ষ্টেশনগুলো নির্মিত হওয়ার ফলে উল্লেখযোগ্য পরিমান সিষ্টেম লস হ্রাস পেয়েছে এবং নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

**১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ**

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| মোঃ নাজমুল হক<br>নির্বাহী প্রকৌশলী | পূর্নকালীন | -- | ১০-১১-২০১৪ | -- |

**১৪।প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| **পরিকল্পিত উদ্দেশ্য** | **অর্জিত ফলাফল** |
|---|---|
| (ক) ঠাকুরগাঁও, জয়পুরহাঁট মাগুরা ও মেহেরপুর পবিস এর বৈদ্যুতিক বিতরণ লাইনের ক্ষমতাবর্ধন ।<br>(খ) গ্রাহকের বিদ্যুৎ চাহিদা পুরন ।<br>(গ) সিষ্টেম লস হ্রাসের পাশাপাশি নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ। | সন্তোষ জনক |

**১৫।** উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

**১৬। অডিট :** সকল আপত্তি (ইন্টারনাল-১৬ এবং এক্সটার্নাল-০১) নিস্পত্তি হয়েছে।

**১৭। প্রকল্প বাস্তবায়ন সমস্যা:** যথা সময়ে বাস্তবায়িত হয়েছে।

**১৮। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):** প্রযোজ্য নহে।

**১৯ । ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any):** পরিবর্তন হয় নাই।

**২০ । চুক্তি বাস্তবায়নে বিলম্বের কারণ:** বিলম্ব হয় নাই।

**২১। পরিদর্শনপর্যবেক্ষণঃ**

২১.১ বিগত ২৬-২৭/০৭/২০১৭ তারিখে এই সমাপ্ত প্রকল্পটির জয়পুরহাট , ঠাকুরগাও ও পঞ্চগড় অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক মো: নাজমুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জয়নুল আবেদীন (রাজশাহী জোন), নির্বাহী প্রকৌশলী মো: তৌহিদুল ইসলাম এবং স্ব স্ব পিবিএস এর জেনারেল ম্যানেজারসহ উপস্থিত ছিলেন।

২১.২ জয়পুরহাট ০১টি সুইচিং ষ্টেশন পরিদর্শন করা হয়। ড্রয়িং ডিজাইন মতে মালামাল/ইক্যুইপমেন্ট লাগানো হয়েছে দেখা যায়। 33 KV.Outgoing&Incomeing Feeder, outdoor, Vacuum Circuited Breaker, CT/P+, Control Panel, Voltage Regulator ইত্যাদি। 33 KV Breker, Auxiliary Distribution Transformer, Metering Panel, AC/DC Distribution Panel ইত্যাদি। ড্রয়িং/ডিজাইন মতে দেখা যায় নতুন মালামাল বলেই প্রতীয়মান হল।

২১.৩ এই প্রকল্পে প্রধান কাজ হল:

১। 33 KV লাইন নির্মাণ ২১০ কেভি;

২। 33 KV সুইচিং ষ্টেশন নির্মাণ ০৪টি।

২১.৪ ডিপিপি মতে ২১০ কি :মি: লাইন করার কথা থাকলেও বাস্তবে ১৮০ .৯৭৪ কি:মি: লাইন নির্মাণ করা হয়েছে। প্রকল্প পরিচালক জানান এতে তাদের উদ্দেশ্য অর্জিত হয়েছে।

ডিপিপি মতে ৪টি সুইচিং ষ্টেশন নির্মাণ করা হয়েছে।

২১.৫ Substation নির্মাণের Commissioning Clearance Certificate/papers পাওয়াগেল।

২১.৬ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য পূর্ণ হয়েছে বলা যায়। প্রকল্পের Outcome পাওয়া যাচ্ছে।

২১.৭ প্রকল্পের পুরোপুরি বাস্তবায়িত হলে ও পঞ্চগড় পিবিএসএ নির্মিতসু ইচিংষ্টেশনে Outgoing feeder Metering চালু নাহওয়ায় পঞ্চপড় জেলা পুরোপুরি সুবিধা পাচ্ছেন । অন্যান্য ৩টিপিবিএসএ সুইচিং ষ্টেশনে Metering চালু হলেও নওজপাডিকো 'র অসহযোগিতায় পঞ্চগড় পিবিএসতা চালু হয়নি । পিবিএস Energy

Audit এর মাধ্যমে দ্রুত মিটারিং করা দরকার। জানা যায়- নর্থ জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লি . পঞ্চগড় নির্বাহী প্রকৌশলী মো : আহসানুল কবিরের অসহযোগিতায় মিটারিং করা যাচ্ছেনা বলে পল্লী বিদ্যুৎ সমিতির কর্মকর্তাগণ জানান।


পরিদর্শনকালীন প্রকল্পের কতিপয় স্থিরচিত্রঃ













২২। <u>সুপারিশ</u>:

২২.১ প্রকল্পের আওতায় পঞ্চগড় জেলায় ৩৩কেভি সুইচিং ষ্টেশনে Outgoing feeder Meter দ্রুত চালুকরার জন্য পিডিবি'র Energy Audit কে নির্দেশ দিতে হবে। মিটারিং নাহওয়ার কারণে এজেলায় পুরোপুরি সুফল

পাওয়া যাচ্ছেনা এবং গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন সৃষ্টি হচ্ছে । বিশেষত: সেচকালীন সময় কৃষকদের পর্যাপ্ত লোড দেওয়া সম্ভব হবেনা;

২২.২ নির্মাণের ১বছর পরও পঞ্চগড়ে প্রকল্পভূক্ত সুইচিং ষ্টেশনে Outgoing feederএ কেন মিটারিং করা হচ্ছেনা বিদ্যুৎ বিভাগ দায়ীদের চিহ্নিত করে ব্যবস্থা নিবেন;

২২.৩ পঞ্চগড়ে কথিত মিটারিং সম্পন্ন হলে এটি একটি সফল প্রকল্প হিসেবে বিবেচনা করা যেতে পারে;

২২.৪ অনুচ্ছেদ ২২.১ থেকে ২২.৩ এর আলোকে গ্রহীত ব্যবস্থাদির বিষয়ে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।

রিহ্যাবিলিটেশন এন্ড অগমেন্টেশন অব ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক অব ডিপিডিসি (সংশোধিত)

-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নামঃ রিহ্যাবিলিটেশন এন্ড অগমেন্টেশন অব ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ক অব ডিপিডিসি (সংশোধিত) শীর্ষক প্রকল্প।

২. উদ্যোগী বিভাগ/মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড লিমিটেড (ডিপিডিসি)।

৪. প্রকল্প এলাকাঃ ঢাকা ও নারায়ণগঞ্জ জেলার ডিপিডিসি'র আওতাধীন এলাকা।

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৬৯০৭.১২<br>(০.০০) | ২০১৩০.২১<br>(০.০০) | ১৯৪৪৪.৩৬ | জানুয়ারি/২০১০ হতে জুন/ ২০১২ | জানুয়ারি/২০১০ হতে জুন/২০১৬ | জানুয়ারি/২০১০ হতে জুন/২০১৬ | ২৫৩৭.২৫<br>(১৫%) | ৪(চার) বছর<br>(১৬০%) |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭.০ **প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ**

?.? ????? ?????? ???

৭.১ **উদ্দেশ্যঃ**

(ক) ডিপিডিসির বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ করা;

(খ) গ্রাহককে মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;

(গ) বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত রাখতে সরবরাহ লাইন কার্যক্রম সচল রাখা;

(ঘ) ১১/০.৪ কেভি বিতরণ লাইনগুলো শক্তিশালী করার মাধ্যমে মানসম্মত এবং নির্ভরযোগ্য গ্রাহক সেবা প্রদান।

৭.২ **প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

আলোচ্য প্রকল্পের ডিপিপি ০২/০৩/২০১০ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় মোট ১৬৯.০৭ কোটি (জিওবি-১৫১.৫৮ কোটি + সংস্থার নিজস্ব ১৭.৪৯ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০১০ হতে জুন ২০১২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের কাজের পরিধি বৃদ্ধি ও পরিবর্তন এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পটি ১ম সংশোধনের প্রস্তাব করা হয়। ১ম সংশোধিত প্রকল্পটি মোট ২০১.৩০ কোটি টাকা (জিওবি ১৫৯.৬৬ কোটি + ডিপিডিসি নিজস্ব ৪১.৬৪ কোটি ) কোটি টাকা প্রা ক্কলিত ব্যয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৮/০৬/২০১৪ তারিখে অনুমোদিত হয়।

৭.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

(ক) পোল সংগ্রহ: ১২ মিটার-৯৮০০টি এবং ১৫ মিটার- ১৫০০টি

(খ) ট্রান্সফর্মার সংগ্রহ: থ্রি-ফেইজ ১১/০.৪ কেভি ২০০ কেভিএ বিতরণ ট্রান্সফর্মার ১০৫০টি;

(গ) কন্ডাক্টরের সংগ্রহ: বিভিন্ন ধরণের ৪৪৮৮.৫০ কি.মি. কন্ডাক্টর;

(ঘ) কন্ডাক্টরের মিডস্প্যান জয়েন্ট: বিভিন্ন ধরণের ১৩৫০০টি মিডস্প্যান জয়েন্ট;

(ঙ) ইনসুলেটর সংগ্রহ;

(চ) ট্রান্সফর্মার প্রটেকশন ও ডিস্ট্রিবিউশন সিস্টেম যন্ত্রপাতি সংগ্রহ;

(ছ) যানবাহন সংগ্রহ ২টি (মটর সাইকেল) ।

৭.৪ **প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যঃ**

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | মেয়াদ |
|---|---|---|
| ১) | জনাব মোঃ আমানুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০১/০১/২০১০ হতে ৩১/০১/২০১১ |
| ২) | জনাব মোঃ সাইফুল ইসলাম খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০১/০২/২০১১ হতে ৩০/১২/২০১৩ |
| ৩) | জনাব মোঃ জাহিদ হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০১/০১/২০১৪ হতে ২১/০১/২০১৪ |
| ৪) | জনাব এ এস এম মাহমুদুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ২২/০১/২০১৪ হতে ৩০/০৬/২০১৬ |

৮.০ **প্রকল্পের অর্থায়নঃ**

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ(৪০%) | ইক্যুয়িটি(৬০%) | Cash Foreign Exchange |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৫৯৬৬.৩২ | ৬৩৮৬.৫৩ | ৯৫৭৯.৭৯ | -- |

(খ) প্রকল্প সাহায্য: নেই।

(গ) নিজস্ব অর্থায়ন: ৪১৬৩.৮৯ লক্ষ টাকা।

## ৯.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

ডিপিডিসি থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব | আর্থিক | বাস্তব |
| ১ | ২ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | ১২ মিটার ও ১৫ মিটার পোল | ৩০৪৫.৫২ | ১১৩০০ টি | ৩০৫১.০২ | ১০৯১৭টি |
| ০২ | কন্ডাকটর | ৬৯০৪.৫২ | ৪৪৮৮.৫ কিঃ মিঃ | ৬৮২৫.০৮ | ৪৪৮৫.০০ কিঃমিঃ |
| ০৩ | মিডস্প্যান জয়েন্ট | ৪৪.০০ | ১৩৫০০ টি | ৪৪.৫৬ | ১৩৪৫৩টি |
| ০৪ | ইনসুলেটর | ৭০৩.৮৪ | ১৬৭৮৯০টি | ৬০০.৮৪ | ১৫৬৫১০টি |
| ০৫ | বিতরণ ট্রান্সফর্মার | ৪৫৯৯.০০ | ১০৫০টি | ৪৬৩৩.০৫ | ১০৫০টি |
| ০৬ | ট্রান্সফর্মার প্রটেকশন ইকুইপমেন্ট | ১৪৬.৫৮ | ২৪৪৫ টি | ১২৯.৬৩ | ২৮৮০টি |
| ০৭ | হার্ডওয়্যার ম্যাটেরিয়ালস ফর ডিস্ট্রিবিউশন সিস্টেম | ১১৭১.৪২ | থোক | ১৪২৬.৭৬ | থোক |
| ০৮ | ইন্সটলেশন, টেস্টিং এন্ড কমিশনিং | ১৭২২.৩৫ | -- | ১৬৬৬.৩৬ | -- |
| ০৯ | যানবাহন (২টি মোটসাইকেল) | ২.৮৯ | ২টি | ২.৮৯ | ২টি |
| ১০ | সাপ্লাই এন্ড সার্ভিসেস | ১০.০০ | -- | | |
| ১১ | বিবিধ | ৪০০.০০ | -- | | |
| ১২ | নির্মাণকালীন সুদ | ১৩৮০.০০ | -- | | |
| | সর্বমোট | ২০১৩০.২১ | | | |

## ১০.০ পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক ২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রকল্প এলাকার ঢাকা ও নারায়ণগঞ্জের বিভিন্ন অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

**১১.০ পর্যবেক্ষণঃ**

১১.১ **পোল সংগ্রহঃ** ডিপিপি অনুযায়ী মোট ১১,৩০০ টি ১২মিঃ ও ১৫মিঃ পোল সংগ্রহ করার কথা থাকলেও বাস্তবে ১০,৯১৭ টি (৯৭%) পোল সংগ্রহ করা হয়েছে; তবুও এই খাতে প্রকৃত ব্যয় কিছুটা বেশি হয়েছে।

১১.২ **বিতরণ ট্রান্সফর্মারঃ** প্রকল্পের আওতায় ১০৫০ টি ২০০ কেভি ট্রান্সফর্মার ক্রয় এবং স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ; যা প্রায় শতভাগ অর্জিত হয়েছে। Project Completion Report (PCR) এর অনুচ্ছেদ-০৫ এর Component-wise progress অংশে এই খাতে ব্যয় ৪৬৩৩.০৫ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে , কিন্তু অনুচ্ছেদ -৮.১ এর Procurement of Goods and Works অংশে এই খাতে ব্যয় ৫৬৮৫.৩৫ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে।

১১.৩ **হার্ডওয়্যার ম্যাটেরিয়ালস ফর ডিস্ট্রিবিউশন সিস্টেমঃ** ডিপিপি অনুযায়ী এই খাতে ১১৭১.৪২ লক্ষ টাকার সংস্থান থাকলেও বাস্তবে ১৪২৬.৭৬ লক্ষ টাকা অর্থাৎ ২৫৫.৩৪ লক্ষ টাকা অধিক ব্যয় হয়েছে; যদিও প্রকল্পের মোট ব্যয় হ্রাস পেয়েছে।

১১.৪ **যানবাহন সংগ্রহঃ** প্রকল্পের আওতায় ২টি মোটর সাইকেল ক্রয় করা হয়েছে।

১১.৫ **নির্মাণকালীন সুদঃ** প্রকল্পটিতে এই খাতে ১৩৮০.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে , তন্মধ্যে ৬১৭.০৯ লক্ষ টাকা ব্যয় প্রদর্শন করা হয়েছে। প্রকল্পের ৬৩৮৬.৫৩ লক্ষ টাকা জিওবি ঋণের বিপরীতে ৬১৭.০৯ লক্ষ টাকা নির্মাণকালীন সুদ কিভাবে ব্যয় হ'ল তার সঠিক ব্যাখ্যা প্রয়োজন এবং এই ৬১৭.০৯ লক্ষ টাকা অর্থবিভাগকে পরিশোধ করা হয়েছে কিনা তার সপক্ষে প্রমাণাদি প্রয়োজন।

১১.৬ **প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনঃ** প্রকল্পটির বাস্তবায়ন কালে ৩(তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে।

১১.৭ **প্রকল্প বার বার মেয়াদ বৃদ্ধিঃ** মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জানুয়ারি/২০১০ হতে জুন/ ২০১২ মেয়াদে বাস্তবায়নের কথা থাকলেও পর জুন / ২০১৬ তে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে, অর্থাৎ মোট ৪(চার) বছর সময় বেশি লেগেছে। প্রকল্পের মালামাল সরকারী সংস্থা থেকে সরাসরি ক্রয় পদ্ধতিতে ক্রয়ের জন্য APP(Annual Procurement Plan) অনুমোদিত হয়। সরকারী প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয়ের ক্ষেত্রে প্রকল্পের প্রারম্ভিক পর্যায়ে হাইকোর্টের নিষেধাজ্ঞা থা কায় প্রকল্পের মালামাল ক্রয়ের কাজ বিলম্বে শুরু হয়। প্রকৃতপক্ষে প্রকল্পের কাজ জানুয়ারী /২০১১ হতে শুরু হয়। মাঠ পর্যায়ে সার্ভে করত: আন্ডার স্প্যাসিফাইড ও জরাজীর্ণ লাইন , দুর্বল পোল, অতিভারে থাকা ট্রান্সফরমার ইত্যাদি চিহ্নিত করে ড্রইংসহ প্রকল্পের ১৩৪টি কাজের জন্য পরিকল্পনা ও প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ওভারলোডে চালিত ট্রান্সফরমারের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় বাস্তবতার প্রেক্ষিতে প্রকল্পের আরডিপিপিতে ৫০০টি ২০০ কেভিএ ট্রান্সফরমার স্থলে ১০৫০টি ২০০ কেভিএ ট্রান্সফরমার স্থাপনের সংস্থান করা হয়। অতিরিক্ত ৫৫০টি ট্রান্সফরমার বি তরণ সিস্টেমে সংযোজনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন পূর্বক স্থাপন প্রক্রিয়া সম্পন্ন করতে অতিরিক্ত সময়ের প্রয়োজন হয়েছে। এছাড়াও মাঠ পর্যায়ে যে সব স্থানে পোল ও ট্রান্সফরমার স্থাপিত হয় সে সব স্থান /স্থান সংলগ্ন জমির মালিকগণের বাধা, এছাড়াও কোন কোন স্থানে এলাকাবাসীর বাধার কারনে পোল ও ট্রান্সফরমার স্থাপনে বিলম্বিত হয়েছে। বিউবোর চট্টগ্রামস্থ হালিশহর এ

পিসি পোল নির্মাণ প্ল্যান্টে বর্ষা মৌসুমের পানি জমে থাকায় পোল উৎপাদন বন্ধ থাকে। এছাড়াও বিভিন্ন সময়ে গ্রাসের চাপ কম থাকলে ধীর গতিতে পোল উৎপাদন করা হয় এবং কখনো কখনো পো ল উৎপাদন বন্ধ রাখা হয়। ডিপিডিসি ছাড়াও অন্যান্য বিদ্যুৎ বিতরণকারী সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের পোলের চাহিদার চাপ অত্যাধিক থাকায় ধীর গতিতে পোল সরবরাহ করা হয়েছে। এই সকল নানাবিধ কারণে প্রকল্পের ১৬০% টাইম ওভার রান হয়েছে।

১১.৮ **প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ**


| অডিট পিরিয়ড | অডিট রিপোর্ট দাখিলের তারিখ | প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি | নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা) |
|---|---|---|---|
| ২০১১-১২ হতে ২০১৪-১৫ | ১৯/০৬/২০১৬ | মোট ৩(তিন) টি প্রধান আপত্তি উপস্থাপন করা হয়েছিল। | সকল উথাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে। |

**১২.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ**

(লক্ষ টাকা)

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender /Bid/ proposal cost | | Tender/Bid/ proposal | | Date of completion of work/Services and supply of goods |
|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation Date | Contract signing/ LC opening Date | |
| ***1*** | ***2*** | ***3*** | ***4*** | ***5*** | ***6*** |
| 12 meter and 15 meter SPC pole | 3045.52 | 3051.05 | -- | 29/09/2014<br>05/08/2010<br>11/12/2011<br>30/03/2013 | 27/03/2015<br>03/02/2011<br>09/06/2012<br>28/09/2014 |
| Conductor (DOG/WASP/MERLIN/ 95mm$^2$) | 6904.52 | 6745.83 | -- | 16/01/2011<br>20/11/2011<br>13/03/2013 | 14/07/2011<br>18/05/2012<br>11/09/2013 |
| 11/0.4 kV 200kVA Distribution Transformer | 4599.00 | 5685.35 | -- | 22/12/2011<br>11/03/2013<br>05/01/2015<br>20/05/2015 | 20/06/2012<br>09/09/2013<br>03/07/2015<br>18/11/2015 |

## প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ

| | |
|---|---|
|  |  |
| চিত্র-১ বনশ্রী এলাকায় স্থাপিত লাইন | চিত্র-২ সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ এলাকায় স্থাপিত লাইন |
|  |  |
| চিত্র-৩ সুত্রাপুর এলাকায় বসানো খুঁটি | চিত্র-৪ দয়াগঞ্জ এলাকায় বসানো ট্রান্সফরমার |

## ১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) ডিপিডিসির বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণ করা;<br>(খ) গ্রাহককে মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা;<br>(গ) বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত রাখতে সরবরাহ লাইন কার্যক্রম সচল রাখা;<br>(ঘ) ১১/০.৪ কেভি বিতরণ লাইনগুলো শক্তিশালী করার মাধ্যমে মানসম্মত এবং নির্ভরযোগ্য গ্রাহক সেবা প্রদান। | প্রকল্পের আওতায় ১১কেভি বিতরণ পর্যায়ে ১৭০ মেগাওয়াট লোড যুক্ত করা সম্ভব হয়েছে। এর ফলে প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। নিরবিছিন্ন বিদ্যুৎ স রবরাহ করার মাধ্যমে এলাকার মানুষের ভোগান্তি কমবে এবং আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে। |

**১৪.০ সুপারিশঃ**

১৪.১ প্রকল্পের আওতায় ১০৫০ টি ২০০ কেভি ট্রান্সফর্মার ক্রয় এবং স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল ; যা প্রায় শতভাগ অর্জিত হয়েছে। Project Completion Report (PCR) এর অনুচ্ছেদ -০৫ এর Component-wise progress অংশে ট্রান্সফর্মার ক্রয় খাতে ব্যয় ৪৬৩৩.০৫ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে , কিন্তু অনুচ্ছেদ-৮.১ এর Procurement of Goods and Works অংশে এই খাতে ব্যয় ৫৬৮৫.৩৫ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে। দুইটি অংশে প্রদর্শিত ব্যয়ের অসামঞ্জস্যতার ব্যাখ্যা আইএমইডি'কে প্রদান করতে হবে;

১৪.২ প্রকল্পের আওতায় সরবরাহকৃত বিতরণ ট্রান্সফর্মারগুলি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার এবং স্টক রেজিস্টার মেইনটেইন করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৪.৩ প্রকল্পটিতে ৬৩৮৬.৫৩ লক্ষ টাকা জি ওবি ঋণের বিপরীতে ৬১৭.০৯ লক্ষ টাকা নির্মাণকালীন সুদ কিভাবে ব্যয় হ'ল তার ব্যাখ্যা আইএমইডি'কে প্রদান করতে হবে;

১৪.৪ মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জানুয়ারি /২০১০ হতে জুন/ ২০১২ মেয়াদে বাস্তবায়নের কথা থাকলেও জুন /২০১৬ তে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে , অর্থাৎ মোট ৪(চার) বছর সময় বেশি লেগেছে। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সময় অধিকতর সতর্কভাবে ডিপিপি প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়ন করতে হবে যে এত বেশি টাইম ওভার রান (১৬০%) না হয়;

১৪.৫ আগামী ২(দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৪.১ হতে ১৪.৪) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা বলী আইএমইডি'কে অবহিত করতে হবে।

## Installation of an Off-Grid Wind Solar Hybrid System with HFO Based Engine Driven Generator in Hatya Island -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নাম : Installation of an Off-Grid Wind Solar Hybrid System with HFO Based Engine Driven Generator in Hatya Island

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকা :

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| চট্টগ্রাম | নোয়াখালী | হাতিয়া |

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৩১০১.৯৩ (৯৪৬৭.৩৩) | -- | ৯১৩.৫১ | মার্চ/২০১২ হতে ডিসেম্বর/২০১৩ | মার্চ/২০১২ হতে ডিসেম্বর/২০১৪ | কাজ অসমাপ্ত রেখে প্রকল্পটি সমাপ্ত ঘোষিত হওয়াতে প্রকৃত বাস্তবায়ন কাল নির্ণয়যোগ্য নয়। | প্রযোজ্য নয় | ১(এক) বছর (৫৪%) |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়নি। মূল ডিপিপিতে ৭.৫ মে: ও: ক্ষমতা সম্পন্ন হাইব্রীড বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (৫.৫ মেগা ওয়াট এইচএফও / ডিজেল, ১ মেঃ ওঃ সোলার এবং ১ মেঃ ওঃ বায়ুবিদ্যুৎ) নির্মাণের সংস্থান ছিল। Bidding Document পরিবর্তন করে ২(দুই)টি আলাদা লটে (Lot-1: Procurement of Design, Supply and Installation of 4.2 MW Solar PV-Diesel Hybrid Power Generation on turn-key basis এবং Lot-2: Procurement of Design, Supply and Installation of Renewal of existing Grid/Distribution Network, Jetty & Unloading Fuel Storage Infrastructure construction on

turn-key basis) ১৮/০৮/২০১৪ তারিখে দরপত্র আহবান করা হয় এবং প্রণীত আরডিপিপি'তে প্রকল্পের স্কোপ পরিবর্তন করা হয়, যা অনুমোদিত হয়নি। তাই প্রকল্পের মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কোন কাজ সম্পন্ন হয়নি।

৭.০ প্রকল্প সাহায্যের উৎস: এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)।

৮.০ সাধারণ পর্যবেক্ষণ:

৮.১ প্রকল্পের উদ্দেশ্য:

ক) প্রত্যন্ত হাতিয়া দ্বীপ অঞ্চলের মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন;

খ) নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বৃদ্ধি;

গ) কার্বন নিঃসরণ কমানো;

ঘ) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি;

ঙ) টেকনোলজি ট্রান্সফারের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;

চ) বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানী নীতি,২০০৮ অনুযায়ী ২০১৫ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ৫% এবং ২০২০ সালের মধ্যে ১০% এ উন্নীত করার লক্ষ্যে কাজ করা।

৮.২ প্রকল্পের পটভূমি:

২০১২ সালের যে পটভূমিতে প্রকল্পটি গৃহীত হয়েছিল তা নিম্নরূপঃ

"হাতিয়া নোয়াখালী জেলার একটি দ্বীপ উপজেলা। হাতিয়ার বিদ্যুৎ উৎপাদন মাত্র ২৪০ কিলোওয়াট। কিন্তু সংযোগ চাহিদা ১.৫ মে: ও:। প্রাথমিক অবস্থায় হাতিয়ায় ৮টি বিদ্যুৎ উৎপাদন ইউনিট ছিল যার মোট উৎপাদন ক্ষমতা ২৪০০ কিলোওয়াট। বর্তমানে মাত্র ২টি ইউনিট চালু আছে এবং ২৪০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। অন্য ৬টি ইউনিট বর্তমানে অচল রয়েছে। দারিদ্র্য বিমোচন , আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য বিদ্যুতের প্রয়োজনীয়তা অপরিহার্য। সরকার ২০২০ সালের মধ্যে সমগ্র দেশকে পর্যায়ক্রমে বিদ্যুৎ সরবরাহের আওতায় আনার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়া গ্রাম ও শহরের মধ্যে বিদ্যুৎ সরবরাহের বৈষম্য দূর করার জন্যও সরকার সচেষ্ট।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক (উন্নয়ন ও সমন্বয়) গত ২০/১০/২০০৯ তারিখে হাতিয়া সফর করেন। হাতিয়ার বিদ্যুৎ সমস্যা সমাধানের জন্য তার সভাপতিত্বে ০৪/০৩/২০১০ তারিখে একটি আন্ত :মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। ঐ সভায় ৩-৫ মে:ও: ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সুপারিশ করা হয় এবং পর বর্তীতে তা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। এ প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে ৩-৫ মে:ও: ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের একশন প্ল্যান তৈরীর জন্য অনুরোধ করে। সে অনুযায়ী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) ৫ মে:ও: ক্ষমতার একটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের একশন প্ল্যান বিদ্যুৎ বিভাগে প্রেরণ করে এবং বিদ্যুৎ বিভাগ কর্তৃক তা অনুমোদিত হয়। বিদ্যুৎ কেন্দ্রের জায়গা, প্ল্যান্টের আকার ও প্রযুক্তি নির্ধারণের লক্ষ্যে এবং ইনহাউজ ফিজিবিলিটি স্টাডি করার জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটি পিডিবির প্রধান নি র্বাহী প্রকৌশলীর নিকট একটি প্রতিবেদন পেশ করে। উক্ত প্রতিবেদনের ভিত্তিতে হাতিয়ার বিদ্যুৎ সরবরাহ প্রিমিসেস এ ৫ মে:ও: ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য বিবেচ্য প্রকল্পটি প্রণয়ন করা হয়"।

৮.৩ প্রকল্পের আওতায় গৃহীত মূল কার্যক্রম:

ক) নোয়াখালী জেলার হা তিয়া উপজেলায় ৭.৫ মেগা ওয়াট ক্ষমতা সম্পন্ন হাইব্রীড বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (১ মে: ও: সোলার, ১ মে:ও: বায়ু এবং ৫.৫ মে: ও: ডিজেল) স্থাপন করা।

খ) আবাসিক পূর্ত কাজ।

৮.৪ প্রকল্পের অনুমোদন অবস্থা: ০২/০৫/২০১২ তারিখে একনেক সভায় ১৩১০২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যা য়ে মার্চ, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৩ বাস্তবায়ন মেয়াদে প্রকল্প অনুমোদিত হয়। ২২/০১/২০১৪ তারিখে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর /২০১৪ ১(এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮.৫ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| Items of work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Pay Of Officers | Nos. | 37.089 | 8 | 22.41 | 3 | |
| Pay Of Staffs | Nos. | 16.308 | 8 | 4.76 | 3 | |
| Allowances | LS | 32.037 | - | 10.56 | - | |
| Repairs, Maintennance & Rehabilitation | LS | 16.000 | - | 9.00 | - | |
| Machinary & Equipment | Lot | 7055.814 | - | 0.000 | - | |
| Wind Motoring Station | - | 63.370 | - | 0.000 | - | |
| Office Furniture, Equipment Including All Accessories And Others | LS | 14.000 | - | 6.22 | - | |
| Transport- Vehicles | No. | 65.000 | 4 | 117.000 | 4 Nos | Re-alocation of budget |
| Long Term Service Agreement(LTSA) For 4 Years | - | 576.000 | - | 0.000 | - | |
| Erection, Testing & Commissioning | Lot | 451.387 | - | 0.000 | - | |
| Engineering Consulting Survices- Turn Key | mm | 336.000 | 48 | 333.83 | 48 | |

| Items of work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Training | pm | 200.000 | 20 | 0.000 | - | |
| Environmental And Social Costs | - | 0.000 | - | 0.000 | - | |
| Land Acquisition & Development | acres | 351.800 | 25 | 398.59 | 18 Acre | Internal re-alocation of budget |
| Civil Works- Turnkey | Lot | 858.441 | - | 0.000 | | |
| Cost Of Civil Works (Resd.l) | Sq.m | 286.243 | 1420.49 | 0.000 | - | |
| Guarantee Period Operation(2 Years) | Lot | 594.000 | - | 0.000 | - | |
| Fuel For Inatial Operation(1 Month) | - | 127.421 | - | 0.000 | - | |
| Charge Of Electrical Energy During Construction | LS | 12.000 | - | 0.000 | - | |
| Custom Duty, Texes & VAT @ 10% Of Material Cost | % | 1020.501 | 10 | 0.000 | - | |
| VAT & Advance Income Tax ( VAT & AIT) | - | 0.000 | - | 0.000 | - | |
| Bank Charge For LC Opening | % | 112.308 | 4.5 | 0.000 | - | |
| Interest During Construction @3% P.A. On Local And @4% P.A. | LS | 437.115 | - | 8.02 | - | |
| Physical Contingency | % | 219.55 | 6 | 0.000 | - | |
| Cost Escaltion | % | 219.55 | 6 | 3.12 | - | Advertisement publication cost |
| Total | | 13101.934 | | 913.51 | | |

৯.০ পরিদর্শনঃ তাই প্রকল্পের মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কোন কাজ সম্পন্ন হয়নি বিধায় প্রকল্পটি পরিদর্শনের প্রয়োজন নেই।

১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম, পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ:

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | মোঃ রায়হানুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী | পূর্ণকালীন | ০২/১২/২০১২ হতে ১৩/১২/২০১৫ |
| ২ | আহমেদ জহির খান | নির্বাহী প্রকৌশলী | খন্ডকালীন | ১৩/১২/২০১৫ হতে ১৮/০১/২০১৬ |
| ৩ | মোঃ সাইফুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী | খন্ডকালীন | ১৯/০১/২০১৬ হতে ০৪/০৪/২০১৬ |
| ৪ | আর ইউ এম রাশেদুল হাসান | নির্বাহী প্রকৌশলী | পূর্ণকালীন | ০৪/০৪/২০১৬ হতে পিসিআর প্রাপ্তি পর্যন্ত |

১১.০ পর্যবেক্ষণ:

১১.১ মূল ডিপিপিতে ৭.৫ মে:ও: ক্ষমতা সম্পন্ন হাইব্রীড বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (৫.৫ মেগা ওয়াট এইচএফও / ডিজেল, ১ মেঃ ওঃ সোলার এবং ১ মেঃ ওঃ বায়ুবিদ্যুৎ) নির্মাণের সংস্থান রয়েছে। তথাপি Bidding Document পরিবর্তন করে ২ (দুই)টি আলাদা লটে (Lot-1: Procurement of Design, Supply and Installation of 4.2 MW Solar PV-Diesel Hybrid Power Generation on turn-key basis এবং Lot-2: Procurement of Design, Supply and Installation of Renewal of existing Grid/Distribution Network, Jetty & Unloading Fuel Storage Infrastructure construction on turn-key basis) ১৮/০৮/২০১৪ ইং তারিখে দরপত্র আহবান করা হয়েছে। ডিপিপি সংশোধন না করেই কেন টার্ণকী অংশের কাজের ধরন পরিবর্তন করে দরপত্র আহবান করা হয়েছে যা বাঞ্চনীয় নয়।

১১.২ আলোচ্য প্রকল্পের পিসিআর অনুযায়ী Engineering Consultancy Services-Turnkey খাতে ৩৩৬.০০ লক্ষ টাকার বিপরীতে ৩৩৩.৮৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যেহেতু প্রকল্পটির আওতায় কোন টার্ন কী চুক্তি করা হয়নি, অতএব এই ৩৩৩.৮৩ লক্ষ টাকা কিভাবে ব্যয় করা যুক্তিযুক্ত নয়।

১১.৩ পিসিআর এর অনুচ্ছেদ-৮.১ অনুযায়ী Consultancy Services খাতে মূল ডিপিপি অনুযায়ী ৩৩৬.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে, তথাপি ৮৭৪.০০ লক্ষ টাকার চুক্তি করা হয়েছে, যা আর্থিক শৃংখলা পরিপন্থি। মূল অনুমোদিত মেয়াদকাল ডিসেম্বর ২০১৪ পর্যন্ত নির্ধারিত হলেও Consultancy Services এর চুক্তির মেয়াদ ২২/০৮/২০১৬ পর্যন্ত করা হয়েছে , যা মোটেই বাঞ্চনীয় নয়।

১১.৪ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ সমাপ্ত হবার ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের নির্দেশনা থাকলেও পিসিআর প্রেরণে ২ (দুই) বছর বিলম্ব হয়েছে।

১২.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(কোটি টাকায়)

| Description of procurement (goods/works /consultancy) as per bid document | Tender/Bid/Proposal Cost (in crore Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per PP | Contracted value | Invitation date | Contract signing/ L.C opening date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Land Development | 2.20 | 6.98 | 29/10/2013 | 17/02/2014 | 17/02/2014 | 21/07/2014 |
| Consultancy Services | 3.36 | 8.74 | | 22/04/2013 | 22/08/2016 | 22/08/2016 |

১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ক) প্রত্যন্ত হাতিয়া দ্বীপ অঞ্চলের মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন;<br>খ) নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার বৃদ্ধি;<br>গ) কার্বন নিঃসরণ কমানো;<br>ঘ) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি;<br>ঙ) টেকনোলজি ট্রান্সফারের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;<br>চ) নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন;<br>ছ) বাংলাদেশ নবায়নযোগ্য জ্বালানী নীতি অনুযায়ী ২০১৫ সালের মধ্যে মোট বিদ্যুৎ উৎপাদনের ৫% এবং ২০২০ সালের মধ্যে ১০% এ উন্নীত করার লক্ষ্যে কাজ করা। | প্রকল্পের আওতায় মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মিত না হওয়াতে প্রকল্পের কোন উদ্দেশ্য অর্জিত হয়নি। |

**১৪.০ সুপারিশ:**

১৪.১ মূল ডিপিপিতে ৭.৫ মে:ও: ক্ষমতা সম্পন্ন হাইব্রীড বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র (৫.৫ মেগা ওয়াট এইচএফও / ডিজেল, ১ মেঃ ওঃ সোলার এবং ১ মেঃ ওঃ বায়ুবিদ্যুৎ) নির্মাণের সংস্থান রয়েছে। তথাপি Bidding Document পরিবর্তন করে ২ (দুই)টি আলাদা লটে (Lot-1: Procurement of Design, Supply and Installation of 4.2 MW Solar PV-Diesel Hybrid Power Generation on turn-key basis এবং Lot-2: Procurement of Design, Supply and Installation of Renewal of existing Grid/Distribution Network, Jetty & Unloading Fuel Storage Infrastructure construction on turn-key basis) ১৮/০৮/২০১৪ ইং তারিখে দরপত্র আহবান করা হয়েছে। ডিপিপি সংশোধন না করেই কেন টার্ণকী অংশের কাজের ধরন পরিবর্তন করে দরপত্র আহবান করা হল এ বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে;

১৪.২ আলোচ্য প্রকল্পের পিসিআর অনুযায়ী Engineering Consultancy Services-Turnkey খাতে ৩৩৬.০০ লক্ষ টাকার বিপরীতে ৩৩৩.৮৩ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। যেহেতু প্রকল্পটির আওতায় কোন টার্নকী চুক্তি করা হয়নি , অতএব এই ৩৩৩.৮৩ লক্ষ টাকা কিভাবে ব্যয় করা হল তার ব্যাখ্যা উপযুক্ত প্রমাণাদিসহ আইএমইডিকে প্রেরণ করতে হবে;

১৪.৩ পিসিআর এর অনুচ্ছেদ-৮.১ অনুযায়ী Consultancy Services খাতে মূল ডিপিপি অনুযায়ী ৩৩৬.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে, তথাপি ৮৭৪.০০ লক্ষ টাকার চুক্তি করা হয়েছে, যা আর্থিক শৃংখলা পরিপন্থি। মূল অনুমোদিত মেয়াদকাল ডিসেম্বর ২০১৪ পর্যন্ত নির্ধারিত হলেও Consultancy Services এর চুক্তির মেয়াদ ২২/০৮/২০১৬ পর্যন্ত করা হয়েছে , যা মোটেই বাঞ্চনীয় নয়। ডিপিপি বহির্ভূতভাবে কেন অতিরিক্ত অর্থমূল্যে এবং অতিরিক্ত মেয়াদে চুক্তি করা হ 'ল তার ব্যাখ্যা প্রদান করতে হবে;

১৪.৪ প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল মার্চ ২০১২ হতে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত নির্ধারিত ছিল। জনাব মোঃ রায়হানুল হক, নির্বাহী প্রকৌশলী, বিপিডিবি ০২/১২/২০১২ হতে ১৩/১২/২০১৫ পর্যন্ত প্রকল্প পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। Consultancy Services খাতে ২২/০৪/২০১৩ তারিখে চুক্তি সম্পন্ন হয়। ডিপিপি বহির্ভূতভাবে কেন অতিরিক্ত অর্থমূল্যে এবং অতিরিক্ত মেয়াদে চুক্তি করা হ'ল সে বিষয়ে তার লিখিত বক্তব্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রদান করতে হবে;

১৪.৫ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ সমাপ্ত হবার ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের নির্দেশনা থাকলেও পিসিআর প্রেরণে ২ (দুই) বছর বিলম্ব হয়েছে। ভবিষ্যতে প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণ করতে হবে;

১৪.৬ আগামী ২ (দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৪.১ হতে ১৪.৫) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

# বৃহত্তর চট্টগ্রাম বিদ্যুৎ বিতরণ প্রকল্প-স্ক্যাডা পুনর্বাসন (সংশোধিত) -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। **প্রকল্পের নামঃ** বৃহত্তর চট্টগ্রাম বিদ্যুৎ বিতরণ প্রকল্প-স্ক্যাডা পুনর্বাসন (সংশোধিত)

২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থানঃ** চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম ও কক্সবাজার জেলার শহরাঞ্চল

৫। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় মোট (প্র: সা:) | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১০৮৪১.১৬ (৭৮৪১.৯০) | ১০৪০৫.৪৮ (৮৫৮৮.৯১) | ১০০৮৬.৮১ (৮১৫৭.১৪) | জানুয়ারি ২০০৯ হতে সেপ্টেম্বর ২০১০ | জানুয়ারি ২০০৯ হতে জুন, ২০১৬ | জানুয়ারি ২০০৯ হতে জুন, ২০১৬ | -৭৫৪.৩৫ (-৬.৯৬%) | ৫ বছর ৯ মাস (৩২৮.৫৭%) |

*প্রকল্প সাহায্যের উৎসঃ কুয়েত ফান্ড*

৬। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

প্রকল্পের মূল ডিপিপি ০৭/১২/২০০৮তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে “Large Customer Remote Metering System” আইটেমটি অন্তর্ভুক্ত করে প্রকল্পটি সংশোধন করা হয় এবং সংশোধিত প্রকল্পটি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গত ২৫/০৭/২০১২ইং তারিখ অনুমোদিত হয়। প্রকল্পের মেয়াদ চার দফায় ৫ বছর ৯ মাস বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পে র সর্বশেষ অনুমোদিত মেয়াদকাল জানুয়ারি ২০০৯ হতে জুন, ২০১৬।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- ৩৩ কেভি ও ১১ কেভি ফিডারে স্ক্যাডা সিস্টেম অন্তর্ভূক্ত করে ১৩২/৩৩ এবং ৩৩/১১ সাবস্টেশনে এ্যালার্ম ও ডাটা লগিং ব্যবস্থা চালু করা এবং কেন্দ্রীয়ভাবে খুলশী থেকে নিয়ন্ত্রণ করা।
- স্ক্যাডা সিস্টেম অন্তর্ভূক্ত করার মাধ্যমে ৩৩ কেভি এবং ১১ কেভি সঞ্চালন লাইনে সুপারভিশন ব্যবস্থা উন্নত করা এবং নির্ভরযোগ্য ও নিরাপদ অপারেশন চালু রাখা।

➢ প্রোগ্রামেবল থ্রি-ফেজ এনার্জি মিটার স্থাপন করে এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম উন্নত করা এবং সিস্টেম লস কমানো।

৭.২ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

| Name & Designation | Full Time | Part time | Responsible for more than One Project | Date of | |
|---|---|---|---|---|---|
| | | | | Joining | Transfer |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| Md. Shahabuddin Ahmed Chowdhury | Yes | NA | Not Applicable | 05.07.09 | 25.02.11 |
| Md. Motaher Hossain<br>Project Director (In-charge) | Yes | NA | Not Applicable | 25.02.11 | 02.03.11 |
| Md. Abul Hasem<br>Project Director (In-charge) | Yes | NA | Not Applicable | 02.03.11 | 03.03.11 |
| Md. Motaher Hossain<br>Project Director (In-charge) | Yes | NA | Not Applicable | 03.03.11 | 29.10.11 |
| Bikas Dewan<br>Project Director (In-incharge) | Yes | NA | Not Applicable | 29.10.11 | 05.05.13 |
| Nikhil Chandra Chy<br>Project Director | Yes | NA | Not Applicable | 05.05.13 | 29.06.14 |
| Md. Joynal Abedin<br>Project Director | Yes | NA | Not Applicable | 30.06.14 | 30.06.16 |

৮.০ **প্রকল্প পরিদর্শনঃ** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত ১০/০৫/২০১৭ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

৯.০ **প্রকল্পের অঙ্গভিত্তিক অগ্রগতিঃ** বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে প্রদান করা হ'লঃ

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| **1. Machinary & Equipments** | | | | | | |
| a) Master Station at Khulshi | nos. | | 1 | | 1 (100%) | |
| i) SCADA (Application) Server IM | set | | 2 | | 2 (100%) | |
| ii) Real Time Communication (RTC) and Telecontrol Interface Server | set | | 3 | | 3 (100%) | |
| iii) Remote Access Terminal | set | | 3 | 440.85 (100%) | 3 (100%) | |
| iv) Rear Projection System | set | | 1 | | 1 (100%) | |
| v) UPS System 415/230 Volt (in-built battery charger) | set | 440.85 | 1 | | 1 (100%) | |
| vi) Software for SCADA System & License | set | | 1 | | 1 (100%) | |
| vii) Miscellaneous | lot | | 1 | | 1 (100%) | |
| b) Remote Terminal Unit (with Optical Fibre Link 13 nos.+ with VHF link 21 nos.+ Local 1) | nos. | 821.82 | 35 | 821.82 (100%) | 35 (100 %) | |
| c) Supply & Installation of SCADA System Metering (Programmable) | nos. | 784.99 | 570 | 784.99 (100%) | 570 (100%) | |
| d) Communication System | lot | 543.47 | 1 | 543.47 (100%) | 1 (100%) | |
| e) Supply and Installation of Self Supported Tower (60m) (at Shikalbaha, Fisharbor, Patiya, EPZ & Fouzderhat) | nos. | 81.38 | 5 | 0.00 | 0.00 | New tower was not installed, so expenditure nill |

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| f) Telephone Exchanges | lot | 167.16 | 1 | 167.16 (100%) | 1 (100%) | |
| g) Link from SCADA at Kulshi to BPDB billing System at Agrabad | lot | 11.66 | 1 | 11.66 (100%) | 1 (100%) | |
| h) Supply and Installation of Lightning Protection System at Master Station | lot | 6.72 | 1 | 6.72 (100%) | 1 (100%) | |
| i) Supply and Installation of Lightning Protection System at 34 Outstations | lot | 38.84 | 1 | 38.84 (100%) | 1 (100%) | |
| j) Supply of spare parts | lot | 171.06 | 1 | 171.06 (100%) | 1 (100%) | |
| k) Supply of recommended Tools and Testing Equipment | lot | 32.79 | 1 | 32.79 (100%) | 1 (100%) | |
| l) Supply and Installation of Airconditioners | lot | 66.18 | 1 | 66.18 (100%) | 1 (100%) | |
| **m) Supply of Transport Vehicles** | | | | | | |
| i) Double Cabin Pick up | nos. | 36.44 | 2 | 36.44 (100%) | 2 (100%) | |
| ii) Jeep | nos. | 70.00 | 1 | 59.05 (84.36%) | 1 (100%) | |
| iii) Motor cycle | nos. | 6.00 | 4 | 5.92 (98.67%) | 4 (100%) | |
| **n) Supply & Installation of HT & LT Customer Metering System (Programmable)** | | | | | | |
| i) 33 kV & 11 kV Metering Pannel having Meter, CT, PT, | nos. | 4501.85 | 1800 | 4686.25 (104.09% | 1790 | |

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Remote Communication System (SIMs, Modem, Antenna etc.) necessary cables and necessary wiring with dismantling of old Meters complete in all respect | | | | ) | (99%) | Approved by Honb'le Minister, Power Division, MPEMR, Addl. Finance adjusted by Cost Escalation |
| ii) 0.4 kV Metering Pannel having Meter, necessary cables and necessary wiring with dismantling of old meters complete in all respect | nos. | | 3500 | | 3500 (100%) | |
| iii) Package of AMR System Software, Communication & Networking with all necessary Hardware like Servers, Backup Servers, Modems, PCs & UPS, Laptop Computer, Furniture & Airconditioners with 10 Meter Testing sets and Tools with 2 years Operation & Maintenance Service complete in all respect | lot. | | 1 | | 1 (100%) | |
| o) Supply & Installation of 100 kVA Generator at Master Station in Khulshi | nos. | 50.00 | 1 | 3.00 (6%) | 1 (100%) | |
| p) Supply of Fire Extinguisher | nos. | 2.00 | 20 | 2.00 (100%) | 54 (100%) | |
| **Sub-Total-1** | | **7833.21** | | **7878.20** | | |
| **2. Capital Block Allocation, Miscellaneous Capital Expenditure & Others** | | | | | | |
| a) 2 Years Operation & Maintenance Service Contract for SCADA System after issuing | LS | 110.94 | LS | 110.94 (100%) | (100%) | |

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| FAC | | | | | | |
| b) Royalty for Fiber Optics & VHF Communication | LS | 100.00 | LS | 0.00 | 0.00 | Optical Fibre supplied by PGCB with free of cost |
| c) Training of 20 Engineers at Manufacturer's Country | LS | 250.87 | LS | 250.87 (100%) | (100%) | |
| d) Painting of Self Suported Tower | nos. | 40.00 | LS | 10.69 (26.73%) | (40%) | Painting works done only on 10 nos. of old/existing tower |
| e) Miscellaneous | LS | 215.17 | LS | 0.00 | 0.00 | |
| f) Installation Cost | LS | 77.97 | LS | 24.68 (31.65%) | (100%) | |
| g) Interest During Construction (IDC) | LS | 259.77 | LS | 865.66 (333.24%) | (100%) | |
| h) CD, VAT & Taxes (9.20% on Foreign Material Cost, except 100% on Pick up) | LS | 740.56 | LS | 577.51 (77.98%) | (100%) | |
| i) Salary of Officers | LS | 128.36 | 9 | 206.44 (160.83%) | (100%) | |
| j) Salary of Staffs | LS | 73.52 | 16 | 93.42 (127.08%) | (100%) | |
| k) Allowances | LS | 23.80 | LS | 22.89 (96.17%) | (100%) | |
| l) Repair & Maintenance | LS | 23.80 | LS | 23.51 | (100%) | |

| Items of Work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | | Reasons for deviation (±) |
|---|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| | | | | (98.78%) | | |
| m) Supply & Services | LS | 22.00 | LS | 22.00 (100%) | (100%) | |
| n) Cost Escalation @ 8% of Direct Cost | LS | 404.39 | LS | 0.00 | 0.00 | |
| o) Physical Contingency @ 2% of Direct Cost | LS | 101.10 | LS | 0.00 | 0.00 | |
| **Sub-Total-2** | | **2572.26** | | **2208.61** | | |
| **Grand Total (1+2)** | | **10405.48** | | **10086.81** | | |

**১০. পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

**১০.১** সরেজমিন পরিদর্শন করে দেখা যায়, প্রকল্পের আওতায় স্ক্যাডা পুনর্বাসনের কাজ সম্পূর্ণরূপে সমাপ্ত হয়েছে এবং কন্ট্রোল রুম চালু রয়েছে। Cable সংযোগের জন্য উন্নত মানের Cable Lugs ব্যবহার করা হয়েছে। মাত্র ৩৬% ব্যয়ে মূল ডিপিপি'র কাজ শেষ হয়ে যাবার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন, এ ধরণের কাজ বাংলাদেশে নতুন বিধায় প্রাক্কলনের সময় সর্বোচ্চ বাজার দর বিবেচনায় নিয়ে ব্যয় প্রাক্কলন করা হয়েছিল। অব্যয়িত /সাশ্রয়ী অর্থ ব্যবহারের নিমিত্ত বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও মন্ত্রণালয়ের পরামর্শক্রমে এবং কু য়েত ফান্ডের সম্মতিতে "Large Customer Remote Metering System" আইটেমটি অন্তর্ভুক্ত করে ডিপিপি সংশোধন করা হয়। সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভূক্ত Remote Metering System এর কাজ করা হয়েছে।

১০.২ আলোচ্য প্রকল্পের অধীনে কোন নতুন সেলফ সাপোর্টেড টাওয়ার স্থাপন করা হয়নি বিধায় এই খাতে ৮১.৩৮ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে।

১০.৩ পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) হতে বিনামূল্যে অপটিক্যাল ফাইবার সরবরাহ করায় 'রয়েলটি ফর ফাইবার অপটিকস এন্ড ভিএইচএফ কমিউনিকেশন' বাবদ ১০০.০০ লক্ষ টাকা অব্যয়িত রয়েছে।

১০.৪ প্রাথমিকভাবে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০০৯ হতে সেপ্টেম্বর ২০১০ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু উক্ত মেয়াদে বাস্তবায়ন সম্পন্ন করা যায়নি বিধায় 4(চার) বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ও ডিপিপি সংশোধনের


মাধ্যমে মেয়াদ জুন, ২০১৬ পর্যন্ত নির্ধারিত হয়। ফলে অতিরিক্ত ৫(পাঁচ) বছর ৯(নয়) মাস অধিক সময় প্রয়োজন হয়, যা মূল অনুমোদিত বাস্তবায়নকালের ৩২৮.৫৭% বেশী | এভাবে বার বার প্রকল্পের স্কোপ অব ওয়ার্ক পরিমার্জন/পরিবর্তন করে মেয়াদ বৃদ্ধি করা বাঞ্চনীয় নয়।

১০.৫ প্রকল্পের আওতায় রিমোট মিটারিং সিস্টেম স্থাপন এবং প্রোগ্রামেবল থ্রি-ফেজ মিটার স্থাপন করার ফলে বিল আদায় সহজতর হয়েছে। তবে সিস্টেম লস কতটা কমেছে এবং রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে কিনা সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি।

১০.৬ প্রকল্পের আওতায় ২০ জন কর্মকর্তার SCADA (Supervisory Control and Data Acquisition) এর উপর ২০ জন প্রকৌশলীর বৈদেশিক প্রশিক্ষণ এবং কাস্টমার মিটারিং সিস্টেমের উপর আইএমইডি, পরিকল্পনা কমিশন ও বিদ্যুৎ বিভাগের ৩ জনসহ ১৩ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান ছিল। তবে কতজন কর্মকর্তার কোন বিষয়ে প্রশিক্ষণ হয়েছে সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। আইএমইডি হতে কোন কর্মকর্তা মনোনয়ন দেওয়া হয়নি।

১০.৭ প্রকল্পের আওতায় একটি জীপ এবং দুইটি ডাবল-কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে, যা অপারেশন এন্ড মেইনটেনেন্স (ও এন্ড এম) বিভাগে হস্তান্তর করা হয়েছে।

**প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থির চিত্রঃ**

| | |
|---|---|
|  **চিত্র-১- কন্ট্রোল রুম** |  **চিত্র-২- সার্ভার রুমের ফলস ফ্লোরের অংশ** |
|  **চিত্র-৩- সার্ভার রুমের ইকুইপমেন্টের অংশ** |  **চিত্র-৪- কেবল লাগস (lugs) সংযোগ** |

## ১১. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

| Description of Procurement (Goods/Works /Consultancy) as per bid Document | Tender/Bid/Proposal Cost (in Lakh Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted Value | Invitation Date | Contract Signing/ LC Opening Date | As per Contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| (a) Rehabilitation and Extension of SCADA at SCADA Control Center (SCC), Khulshi, Chittagong on Turn-key Basis | OTM | 3330.46 | 10.08.09 | 25.10.10 / 049910010569 Dt. 30.11.2010 | 25.04.12 | 31.07.12 |
| (b) Supply, Installation & Commissioning of HT Consumer Remote Metering Unit with Meter Data Managemenet (MDM) and Billing on Turn-key Basis | OTM | 4875.61 | 25.04.13 (Re-Tender) | 06.03.14 / 049914010114 Dt. 13.04.2014 | 25.08.15 | 21.06.16 |

## ১২. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ক) ৩৩ কেভি ও ১১ কেভি ফিডারে স্ক্যাডা সিস্টেম অন্তর্ভূক্ত করে ১৩২/৩৩ এবং ৩৩/১১ সাবস্টেশনে এ্যালার্ম ও ডাটা লগিং ব্যবস্থা চালু করা এবং কেন্দ্রীয়ভাবে খুলশী থেকে নিয়ন্ত্রণ করা। | ক) ৩৩ কেভি ও ১১ কেভি ফিডারে স্ক্যাডা সিস্টেম অন্তর্ভূক্ত করে ১৩২/৩৩ এবং ৩৩/১১ সাবস্টেশনে এ্যালার্ম ও ডাটা লগিং ব্যবস্থা চালু করা এবং কেন্দ্রীয়ভাবে খুলশী থেকে নিয়ন্ত্রণ করার ব্যবস্থা করা হয়েছে। |
| খ) স্ক্যাডা সিস্টেম অন্তর্ভূক্ত করার মাধ্যমে ৩৩ কেভি এবং ১১ কেভি সঞ্চালন লাইনে সুপারভিশন ব্যবস্থা উন্নত করা এবং নির্ভরযোগ্য ও নিরাপদ অপারেশন চালু রাখা। | খ) স্ক্যাডা সিস্টেম অন্তর্ভূক্ত করার মাধ্যমে ৩৩ কেভি এবং ১১ কেভি সঞ্চালন লাইনে সুপারভিশন ব্যবস্থা উন্নত করা করা হয়েছে। |
| গ) প্রোগ্রামেবল থি-ফেজ এনার্জি মিটার স্থাপন করে এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম উন্নত করা এবং সিস্টেম লস কমানো। | গ) প্রকল্পের আওতায় রিমোট মিটারিং সিস্টেম স্থাপন এবং প্রোগ্রামেবল থ্রি-ফেজ মিটার স্থাপন করার ফলে বিদ্যুৎ বিল আদায় সহজতর হয়েছে। তবে সিস্টেম লস কতটা কমেছে এবং রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে কিনা সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। ফলে উদ্দেশ্য অর্জনের বিষয়টি নিশ্চিত নয়। |

**১৩.	অডিট সংক্রান্ত তথ্যঃ**

২০১০-১১, ২০১১-১২ ও ২০১২-১৩ ও ২০১৪-১৫ অর্থ বছরে অডিট সম্পন্ন হয় এবং ৭টি প্রধান অডিট আপত্তি উত্থাপিত হয়। পিসিআর অনুযায়ী সবগুলি আপত্তির নিষ্পত্তিমূলকজবাব দেয়া হয়েছে|

**১৪.	সুপারিশ/মতামতঃ**

১৪.১	প্রকল্পের আওতায় রিমোট মিটারিং সিস্টেম স্থাপন এবং প্রোগ্রামেবল থ্রি-ফেজ মিটার স্থাপন করার ফলে সিস্টেম লস কতটা কমেছে এবং রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে কিনা সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য পাওয়া যায়নি। প্রকল্প সমাপ্তির পর বিদ্যুৎ বিল আদায়ের পরিমাণে উল্লেখযোগ্য কোন পরি বর্তন এসেছে কিনা এবং প্রকল্প ব্যয় বিবেচনায় নিয়ে সংস্থার রাজস্ব আয় বৃদ্ধি/হ্রাস পেয়েছে কিনা সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক মন্ত্রণালয়/আইএমইডি'কে প্রদান করতে হবে;

১৪.২ মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জানুয়ারি ২০০৯ হতে সেপ্টেম্বর ২০১০ পর্যন্ত নির্ধারিত ছিল। ৪(চার) বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ও ডিপিপি সংশোধনের মাধ্যমে মেয়াদ জুন, ২০১ ৬ পর্যন্ত নির্ধারিত হয়। ফলে অতিরিক্ত ৫(পাঁচ) বছর ৯(নয়) মাস অধিক সময় প্রয়োজন হ য়েছে। পরবর্তীতে প্রকল্প গ্রহণের সুপরিকল্পিতভাবে ডিপিপি প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়ন করতে হবে যাতে এত বেশি (৩২৮.৫৭%) টাইম ওভার রান না হয়;

১৪.৩ প্রকল্পের আওতায় SCADA system এর উপর ২০ জন প্রকৌশলীর বৈদেশিক প্রশিক্ষণ এবং কাস্টমার মিটারিং সিস্টেমের উপর আইএমইডি, পরিকল্পনা কমিশন বিদ্যুৎ বিভাগের ৩ জনসহ ১৩ জন কর্মকর্তার বৈদেশিক প্রশিক্ষণের সংস্থান ছিল। কতজন কর্মকর্তার কোন বিষয়ে প্রশিক্ষণ হয়েছে সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য অত্র বিভাগে প্রদান করতে হবে এবং ডিপিপি 'তে সংস্থান রাখার পরেও আইএমইডি হতে কোন কর্মকর্তা কেন মনোনয়ন দেওয়া হয়নি বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক আইএমইডি'কে অবহিত করতে হবে;

১৪.৪	অনুচ্ছেদ (১৪.১-১৪.৩) এর আলোকে গৃহীত ব্যবস্থাদির বিষয়ে আইএমই বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

## ইমারজেন্সি রিহ্যাবিলিটেশন এন্ড এক্সপানশন অব আরবান এরিয়াস পাওয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম আন্ডার চিটাগাং জোন (২য় সংশোধিত) -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নামঃ ইমারজেন্সি রিহ্যাবিলিটেশন এন্ড এক্সপানশন অব আরবান এরিয়াস পাওয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম আন্ডার চিটাগাং জোন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকাঃ

| বিভাগ | জেলা | শহর/স্থান |
|---|---|---|
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ফৌজদারীহাট, বাড়বকুন্ডু, হাটহাজারী, পটিয়া, সাতকানিয়া |
| | কক্সবাজার | কক্সবাজার, চকোরিয়া |
| | খাগড়াছড়ি | খাগড়াছড়ি |
| | রাংগামাটি | রাংগামাটি |
| | বান্দরবান | বান্দরবান |
| | কুমিল্লা | কুমিল্লা এস এন্ড ডি-১, কুমিল্লা এস এন্ড ডি-২, লাকশাম, বুড়িচং, চুয়াডাংগা |
| | চাঁদপুর | চাঁদপুর, |
| | ব্রাহ্মণবাড়িয়া | ব্রাহ্মণবাড়িয়া |
| | নোয়াখালী | নোয়াখালী, চৌহমুনী, কোম্পানীগঞ্জ |
| | ফেণী | ফেণী |
| | লক্ষীপুর | লক্ষীপুর |

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১১৭৭৫.০০ (০.০০) | ১৭৮৬২.৫১ (০.০০) | ১৭২৮২.৩৬ | জুলাই, ২০০৮ হতে জুন, ২০১১ | জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৫ | জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১৫ | ৫৫০৭.৩৬ (৪৬.৭৭%) | ৪(চার) বছর ৬(ছয়) মাস (১৫০%) |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৭.০ প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ**

**৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ**

- প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চট্টগ্রাম জোনের ১১টি জেলার ২১টি শহরে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকীকরণ এবং ক্ষমতা বৃদ্ধি করা।
- চট্রগ্রাম জোনের বিদ্যুৎ বিতরণ ব্যবস্হা উন্নয়ন করে লোড শেডিং হ্রাসকরণ;
- প্রকল্প এলাকার লো ভোল্টেজ সমস্যা দূরীকরণ;
- প্রকল্প এলাকার মানুষের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন করা।

**৭.২ প্রকল্পের পটভূমিঃ**

মার্চ/২০০৮ এ প্রকল্পটি অনুমোদনের সময় প্রকল্প গ্রহণ করার পটভূমি ছিল নিম্নরূপঃ

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে দেশের অর্থনৈতিক উন্নয়ন করা সরকারের মূল উদ্দেশ্য। বিদ্যুৎ সরবরাহ কার্যক্রম (Distribution System) সম্প্রসারণের মাধামে এ উন্নয়ন কাজ সম্পাদিত হয়। চট্রগ্রাম বিভাগের অন্তগর্ত বিপিডিবির বিদ্যমান বিতরণ লাইন ও সাব -ষ্টেশনগুলো দীর্ঘ দিন যাবৎ নাজুক অবস্হায় চলছে। অধিকাংশ সাবষ্টেশনে Overloaded অবস্হায় আছে। এতে বিতরণ ব্যবস্হায় কারিগরী সিষ্টেম লস ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এমতাবস্হায় , বিদ্যমান বিতরণ ব্যবস্হার জরুরী পুনর্বাসন ও উন্নয়ন করে নিরবিচ্ছন্ন বিদ্যুৎ সরবরাহের উদ্দেশ্যে প্রকল্প টি গ্রহণ করা হয় এবং গত ০১/০৩/২০০৮ তারিখ এটি একনেক সভায় অনুমোদিত হয়। আলোচ্য প্রকল্পের আওতায় বৃহত্তর চট্রগ্রাম ,কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলের ১১ টি জেলার ২১ টি শহর এলাকায় দূর্বল বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন করার সংস্থান রয়েছে।

**৭.৩ প্রকল্পের আওতায় গৃহীত মূল কার্যক্রমঃ**

- মেশিনারি এন্ড ইকুইপমেন্ট সংগ্রহ;
- ২.৮৯ একর ভূমি অধিগ্রহণ;
- নতুন ৪ টি সাব-ষ্টেশন ভবন নির্মাণ;
- বিদ্যমান ৭ টি সাব-ষ্টেশন ভবন সংস্কার;
- বিভিন্ন ক্ষমতার ৪০৮ কি.মি. নতুন লাইন নির্মাণ;
- বিভিন্ন ক্ষমতার ১৭৫ কি.মি. পুরাতন লাইন সংস্কার;
- ৬ টি যানবাহন সংগ্রহ।

**৭.৪ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ**

প্রকল্পটি মোট ১১৭৭৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ,২০০৮ হতে জুন,২০১১ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ০১/০৩/২০০৮ তারিখে একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি ১৮০১২.৬১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০০৮ হতে ডিসেম্বর,২০১৩ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৮/০৯/২০১২ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির ২য় সংশোধিত ডিপিপি ২১/০৫/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ১৭৮৬২.৫১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই , ২০০৮ হতে ডিসেম্বর,২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ১৮/০৯/২০১২ তারিখে অনুমোদিত হয়।

৮.০ **প্রকল্পের অর্থায়নঃ**

(ক) জিওবি:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান | Cash Foreign Exchange |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১৫৯৪৫.৪২ | ৬৩৭৮.১৭(৪০%) | ৯৫৬৭.২৫ (৬০%) | -- |

(খ) প্রকল্প সাহায্য: নেই।

(গ) নিজস্ব অর্থায়ন: ১৯১৭.০৯ লক্ষ টাকা।

৯.০ **প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| SL. No. | Description | Unit | Target As per DPP | | Actual Progress | |
|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical | Financial | Physical |
| | **Land** | | | | | |
| 1 | Land Acquisition | acre | 950.59 | 2.89 | 950.59 | 2.89 |
| 2 | Land Development | | 53.00 | | 0.0 | |
| | **Substation building** | | | | | |
| 3 | Substation building inclusive all works(New) | nos | 1497.17 | 4 | 1490.24 | 4 |
| 4 | Substation building inclusive all works(Renovation) | nos | 206.29 | 7 | 202.9 | 7 |
| | **Materials and Distribution line work** | | | | | |
| 5 | 33 KV Lines (New) | km | 838.5 | 42 | 722.68 | 42 |
| 6 | 33 KV Lines (Renovation) | km | 606.75 | 117 | 605.84 | 117 |
| 7 | 11 KV Lines (New) | km | 1214.3 | 114 | 1214.3 | 110.60 |
| 8 | 11 KV Lines (Renovation) | km | 268.14 | 41 | 268.08 | 36.47 |

| SL. No. | Description | Unit | Target As per DPP | | Actual Progress | |
|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical | Financial | Physical |
| 9 | 11/0.4 KV Lines (New) | km | 2506.22 | 145 | 2438.4 | 145 |
| 10 | 11/0.4 KV Lines (Renovation) | km | 81 | 12 | 81 | 12 |
| 11 | 0.4 KV Lines (New) | km | 1073.15 | 107 | 950.08 | 107 |
| 12 | 0.4 KV Lines (Renovation) | km | 34.55 | 5 | 33.55 | 5 |
| | **33/11 kV Substation work** | | | | | |
| 13 | 2 x 10 MVA Transformer (new) | Nos | 2509.55 | 3 | 2509.29 | 3 |
| 14 | 1 x 10 MVA Transformer (additional) | Nos | 973.64 | 3 | 971.65 | 3 |
| 15 | 1 x 10 MVA Transformer (new) | Nos | 522.69 | 1 | 524.53 | 1 |
| 16 | 2x 5 MVA Transformer (Renovation) | | 261.22 | 1 | 258.48 | 1 |
| 17 | 1 x 5 MVA Transformer (Renovation) | Nos | 552.11 | 3 | 551.35 | 3 |
| | **Distribution Transformer work** | | | | | |
| 18 | 11/0.4 KV, 250 KVA (New) | Nos | 457.60 | 104 | 453.07 | 103 |
| 19 | 11/0.4 KV, 100 KVA (New) | Nos | 393.49 | 115 | 393.49 | 115 |
| 20 | 11/0.4 KV, 200/250 KVA | Nos | 6.00 | 5 | 6 | 5 |
| 21 | 11/0.4 KV, 100 KVA | Nos | 3.30 | 3 | 3.3 | 3 |
| | **Transport Vehicles** | | | | | |
| 22 | Jeep | Nos | 39.09 | 1 | 39.09 | 1 |
| 23 | Double Cabin Pick-up | Nos | 38.72 | 2 | 38.72 | 2 |
| 24 | Motor Cycle | Nos | 4.5 | 3 | 0.0 | - |
| | **Others** | | | | | |
| 25 | Salary of Manpower | nos | 415.3 | 42 | 415 | - |
| 26 | Field Establishment | LS | 466.6 | | 466 | - |
| 27 | Internal Transportation | LS | 150.46 | | 95 | - |
| 28 | Installation Cost | LS | 1059.17 | | 1048.06 | - |
| 29 | Interest During Construction (IDC) | LS | 551.67 | | 551.67 | - |

| SL. No. | Description | Unit | Target As per DPP | | Actual Progress | |
|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical | Financial | Physical |
| 30 | Miscellaneous | LS | 18.74 | | 0 | - |
| 31 | Physical Contingency | LS | 59.00 | | 0 | - |
| 32 | Price Escalation | LS | 50.00 | | 0 | - |
| | **Grand Total** | | **17862.51** | | **17282.36** | |

**১০.০ পরিদর্শনঃ**

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক ২২-২৪ অক্টোবর ২০১৬ তারিখে প্রকল্প এলাকার চট্টগ্রাম জেলা অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

**১১.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম , পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ :

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | মোঃ আলমগীর হোসেন | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | আগস্ট, ২০০৮ হতে ফেব্রুয়ারি, ২০০৯ পর্যন্ত |
| ২ | মোঃ শাহিনুল ইসলাম খান | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ফেব্রুয়ারি, ২০০৯ হতে ৯ এপ্রিল ২০০৯ পর্যন্ত |
| ৩ | বিশ্বনাথ মজুমদার | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ৯ এপ্রিল, ২০০৯ হতে ৩১ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত |
| ৪ | প্রবীর কুমার সেন | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ৩১ ডিসেম্বর ২০১৩ হতে ৪ ফেব্রুয়ারি ২০১৪ পর্যন্ত |
| ৫ | মোঃ মোস্তাফিজুর রহমান | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ৪ ফেব্রুয়ারি ২০১৪ হতে ৩১ মার্চ ২০১৪ পর্যন্ত |
| ৬ | অনুপ কুমার গুপ্ত | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ৩১ মার্চ ২০১৪ হতে ১৮ সেপ্টেম্বর ২০১৪ পর্যন্ত |

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ৭ | মোঃ আবদুল আজিজ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ১৮ সেপ্টেম্বর ২০১৪ হতে জুন/২০১৬ |

**১২.০ পর্যবেক্ষণঃ**

১২.১ **লাইন নির্মাণঃ** প্রকল্পের আওতায় ৪২ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ১১৭ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রিনোভেশনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা শতভাগ অর্জিত হয়েছে। প্রকল্পের আওতায় ৪১ কিঃ মিঃ ১১ কেভি লাইন নির্মাণের লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৬.৪৭ কিঃ মিঃ (৮৯%) লাইন নির্মাণ করা হয়েছে এবং ২৬৮ কিঃ মিঃ ১১ কেভি লাইন রিনোভেশনের লক্ষ্যমাত্রা লক্ষ্যমাত্রার বিপরীতে ২৬৮ কিঃ মিঃ (১০০%) রিনোভেশন করা হয়েছে।

১২.২ **সাবস্টেশন ভবন নির্মাণ ও সংস্কারঃ** নতুন ৪ টি সাব-ষ্টেশন ভবন নির্মাণ এবং ৭টি সাব-ষ্টেশন ভবন সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে।

১২.৩ **বিতরণ ট্রান্সফর্মারঃ** প্রকল্পের আওতায় ১০৪ টি ২৫০ কেভি ট্রান্সফর্মার এবং ১১৫ টি ১০০ কেভি ট্রান্সফর্মার ক্রয় এবং স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা প্রায় শতভাগ অর্জিত হয়েছে।

১২.৪ **যানবাহন সংগ্রহঃ** প্রকল্পের আওতায় ১ টি জীপ এবং ২টি ডাবল কেবিন পিক -আপ ক্রয় করা হয়েছে ; যার সবগুলি বিপিডিবি'র অপারেশন এন্ড মেইনটেনেন্স বিভাগে হ্যান্ডওভার করা হয়েছে। ৩টি মটর সাইকেল ক্রয়ের সংস্থান থাকলেও সেগুলি ক্রয় করা হয়নি।

১২.৪ **প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনঃ**_ প্রকল্পটির বাস্তবায়ন কালে ৬(ছয়) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী নির্ধারিত জনবল সময়মত নিয়োগ দিতে না পারার কারণে বাস্তবায়ন কার্যক্রম বিঘ্নিত হয়েছে।

১২.৫ **প্রকল্প মেয়াদ বৃদ্ধি এবং সংশোধনঃ** মূল অনুমোদিত ডিপিপি 'র তুলনায় বৈদ্যুতিক মালামালের মূল্য বৃদ্ধি পাওয়াতে প্রকল্প সংশোধন প্রয়োজন হয়। ডিপিপি সংশোধন এবং অনুমোদনে যথেষ্ট সময় ব্যয় হয়েছে। মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুলাই, ২০০৮ হতে জুন, ২০১১ মেয়াদে বাস্তবায়নের কথা থাকলেও পর ডিসেম্বর ২০১৫ তে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে, অর্থাৎ মোট ৪(চার) বছর ৬(ছয়) মাস সময় বেশি লেগেছে।

১২.৬ **সাবস্টেশন নির্মাণে বিলম্বঃ** প্রকল্পের অনুকূলে ৪(চার)টি রেগুলার টাইপ ৩৩/১১ কেভি সাবস্টেশন নির্মাণ করা হয়েছে। সাবস্টেশন নির্মাণের জন্য টার্ণকী ঠিকাদার নিয়োগে যথেষ্ট বিলম্ব হয়েছে। ফলে নির্ধারিত সময়ে নির্মাণকাজ শেষ করা সম্ভব হয়নি। রেগুলার টাইপ সাবস্টেশন নির্মাণে জিআইএস (গ্যাস ইনসুলেটেড সাবস্টেশন ) সাবস্টেশনের তুলনায় অধিকতর বেশি পরিমাণ জমির প্রয়োজন হয় ; তবে নির্মাণ ব্যয় তুলনামূলকভাবে বেশি হয়। ভবিষ্যতে মূল্যবান কৃষি জমি রক্ষা করার লক্ষ্যে নির্মাণ ব্যয় বেশি হলেও বিপিডিবি 'র পক্ষ থেকে জিআইএস সাবস্টেশন নির্মাণের উদ্যোগ নেয়া যেতে পারে।

১২.৭ **বিতরণ লাইন নির্মাণের পর সংরক্ষণ ও মেইনটেনেন্সঃ** প্রকল্প এলাকা পরিদর্শনকালে দেখা যায়, কতিপয় স্থানে চালু(live) বৈদ্যুতিক বিতরণ লাইনের সাথে খুব বিপজ্জনক অবস্থায় যত্র তত্র গাছের ডাল স্পর্শ করে আছে এবং কিছু জায়গায় লাইন বিচ্যুত হবার অবস্থা তৈরী হয়েছে। যদিও প্রকল্প শেষ হবার পর এসকল লাইন অপারেশন এন্ড মেইনটেনেন্স (ও এন্ড এম ) বিভাগে হস্তা ন্তর করা হয়েছে , তবুও কোন রকম দুর্ঘটনা এড়ানোর জন্য লাইনসমূহ সঠিকভাবে মেইনটেইন করা জরুরী বিধায় বিপিডিবি'র দৃষ্টি আকর্ষণ করা যেতে পারে।

১২.৮ **প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ**

| অডিট পিরিয়ড | অডিট রিপোর্ট দাখিলের তারিখ | প্রধান প্রধান পর্যবেক্ষণ/আপত্তি | নিষ্পত্তি হয়েছে কিনা (নিষ্পত্তির জন্য গৃহীত ব্যবস্থা) |
|---|---|---|---|
| ২০০৯-১০ হতে ২০১১-১২ | ০৩/১২/২০১৩ | মোট ৮(আট) টি প্রধান আপত্তি উপস্থাপন করা হয়েছিল। | সকল উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে। |
| ২০১২-১৩ হতে ২০১৩-১৪ | ৩১/১২/২০১৪ | মোট ৫(পাঁচ)টি প্রধান আপত্তি উপস্থাপন করা হয়েছিল। | সকল উত্থাপিত আপত্তির নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়েছে। |

**১৩.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ**

(কোটি টাকা)

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | Tender /Bid/ proposal cost | | Tender/Bid/ proposal | | Date of completion of work/Services and supply of goods |
|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation Date | Contract signing/ LC opening Date | |
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* |
| Construction of 4(four) nos new and 7(seven) nos renovation of 33/11 kV substation on turn-key basis | 65.22 | 65.22 | 09/04/2012 | 05/11/2013 | 31/07/2015 |

**প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ**

| | |
|---|---|
|  |  |
| চিত্র-১ প্রকল্পের আওতায় নির্মিত হাটহাজারী সাবস্টেশন | চিত্র-২ প্রকল্পের আওতায় নির্মিত হাটহাজারী সাবস্টেশনের কন্ট্রোল রুম |
|  |  |
| চিত্র-৩ প্রকল্পের আওতায় স্থাপিত বিতরণ ট্রান্সফরমার | চিত্র-৪ প্রকল্পের আওতায় স্থাপিত বিতরণ লাইনে স্পর্শ করা গাছের ডাল |

**১৪.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ক) প্রকল্প এলাকায় বিদ্যুৎ বিতরণ লাইন এবং উপকেন্দ্রসমূহের ক্ষমতা বৃদ্ধি করে বিতরণ ব্যবস্থা শক্তিশালী করা। | ক) প্রকল্পের আওতায় ৪২ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ১১৭ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রিনোভেশন করা হয়েছে। নতুন ৪ টি সাব-ষ্টেশন ভবন নির্মাণ এবং ৭টি সাব-ষ্টেশন ভবন সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় ১০৩ টি ২৫০ কেভি ট্রান্সফর্মার এবং ১১৫ টি ১০০ কেভি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। |
| খ) লো ভোল্টেজ সমস্যা নিরসন করা এবং সিস্টেম লস কমানো। | খ) প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে এবং সিস্টেম লস কমেছে। ২০০৯ সালে চট্টগ্রাম অঞ্চলে সিস্টেম লস ছিল ১১.৩১%, যা ২০১৫ সালে কমে হয়েছে ৯.৮২ %। |
| গ) দেশের মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা। | গ) নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে দেশের মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে। |

**১৫.০ সুপারিশঃ**

১৫.১ ভবিষ্যতে বিদ্যুৎ বিতরণধর্মী প্রকল্পে দেশের মূল্যবান কৃষি জমি সাশ্রয়ের জন্য রেগুলার টাইপ সাবস্টেশনে র পরিবর্তে জিআইএস সাবস্টেশনের সংস্থান রাখা সমীচীন হবে;

১৫.২ ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন এবং প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে যাতে এত বেশি Time Over Run (১৫০%) ও Cost Over Run (৪৬.৭৭%) এড়িয়ে যাওয়া সম্ভব হয়;

১৫.৩ প্রকল্পের আওতায় সরবরা হকৃত বিতরণ ট্রান্সফর্মারগুলি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার এবং স্টক রেজিস্টার মেইনটেইন করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৫.৪ ভবিষ্যতের জন্য পরিকল্পনাধীন বিপিডিবি 'র বিতরণধর্মী প্রকল্পের কাজের সাথে যেন এই প্রকল্পের কোন কাজের বিশেষতঃ বিদ্যমান বিতরণ লাইন পুনর্বাসন কাজের যেন দ্বৈততা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৫.৫ প্রকল্প এলাকায় যেসকল স্থানে চালু(live) বৈদ্যুতিক বিতরণ লাইনের সাথে খুব বিপজ্জনক অবস্থায় যত্র তত্র গাছের ডাল স্পর্শ করে আছে এবং গাছের ডালের কারণে লাইন বিচ্যুত হবার অবস্থা তৈরী হয়েছে, দুর্ঘটনা এড়ানোর জন্য লাইনসমূহ সঠিকভাবে মেইনটেইন করার জন্য বিধায় বিপিডিবি 'র যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হ 'ল (অনুচ্ছেদ- ১২.৭ দ্রষ্টব্য);

১৫.৬ আগামী ৩(তিন) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৫.১ হতে ১৫.৫) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

## ডেভেলপমেন্ট অব নিউ ১৩২/৩৩ কেভি এন্ড ৩৩/১১ কেভি সাবস্টেশন আন্ডার ডিপিডিসি প্রজেক্ট (২য় সংশোধিত) -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

| | | |
|---|---|---|
| ১. | প্রকল্পের নামঃ | ডেভেলপমেন্ট অব নিউ ১৩২/৩৩ কেভি এন্ড ৩৩/১১ কেভি সাবস্টেশন আন্ডার ডিপিডিসি প্রজেক্ট (২য় সংশোধিত) |
| ২. | উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ | বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থাঃ | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড লিমিটেড (ডিপিডিসি) |
| ৪. | প্রকল্প এলাকাঃ | ঢাকা মহানগরীর রামপুরা, মগবাজার টি এন্ড টি কলোনী, লালবাগ, মিটফোর্ড এন্ড আইজি গেট, আজিমপুর, ধানমন্ডি, বসিলা, শ্যামপুর, পোস্তগোলা, শের-ই বাংলা নগর, কামরাঙ্গীর চর। |
| ৫. | প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ | |

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় | অতিক্রান্ত সময় |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪৩৪৬১.৫৫<br>(২৫৭৪১.৩৫) | ৫৮৭৯১.৩৯<br>(৩৭১০১.৯০) | ৫৬০০৪.৮৯ | জুলাই ২০০৬ হতে<br>জুন ২০১০ | জুলাই ২০০৬ হতে<br>ডিসেম্বর ২০১৫ | জুলাই ২০০৬ হতে<br>ডিসেম্বর ২০১৫ | ১২৫৪৩.৩৪<br>(২৮.৮%) | ৫(পাঁচ) বছর ৬(ছয়) মাস<br>(১৩৭.৫%) |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

**৭.০ <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>**

**৭.১ <u>উদ্দেশ্যঃ</u>**

১. ঢাকা শহরের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে ১৩২/৩৩ কেভি এবং ৩৩/১১ কেভি নতুন সাব-ষ্টেশন এবং ট্রান্সমিশন ও সাব-ট্রান্সমিশন লাইন নির্মাণ;

২. প্রকল্প এলাকায় লোড শেডিং হ্রাস;

৩. নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ।

৭.২ **পটভূমিঃ**

ঢাকা শহরের ক্রমবর্ধমান বি দ্যুৎ চাহিদা পূরণ এবং নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রস্তাবিত মূল প্রকল্প ১৪/০৯/২০০৬ তারিখে মোট ৪৩৪.৬১ কোটি (জিওবি ১৭৭.২০ কোটি ও প্রকল্প সাহায্য ২৫৭.৪১ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০০৬ হতে জুন ২০১০ মেয়াদে বাস্তবায়নের জ ন্য অনুমোদিত হয়। অত :পর এডিবির সাথে ২৮/০৬/২০০৭ তারিখে ও কেএফডব্লিউ এর সাথে ০৬/০৪/২০০৮ তারিখে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। এর পর গত ৩১/০১/২০১২ তারিখে মোট ৫৮২.৬৮ কোটি (জিওবি ১৯৭.১২ কোটি, প্রকল্প সাহায্য -৩৭১.০২ কোটি ও সংস্থান নিজস্ব-১৪.৫৪ কোটি) টাকা প্রাক্কলিত ব্য য়ে প্রকল্পটির ১ম সংশোধন একনেক সভা কর্তৃক অনুমোদিত হয়। বর্তমানে রামপুরা ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রের ২টি নতুন ১৩২ কেভি Bay নির্মাণের জন্য Lot-1 এর কার্যপরিধি এবং মূল্য বৃদ্ধি Lot-2 এর কাজের আওতায় ১৩২ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপন Line Route দ্বিতীয় বার পরিবর্তন হওয়ায় Scope of Work এবং মূল্য বৃদ্ধি পাওয়া ; প্রকল্পের মেয়াদ বৃদ্ধিকরণ , মেশিনারী, ইকুইপমেন্ট, পূর্ত, Installation & Testing ও অন্যান্য বিবিধ কাজের মূল্য পরিবর্তন হওয়া ; অতিরিক্ত পরামর্শক সেবা গ্রহণের জন্য Consultant এর ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণে প্রকল্প টি ২য় বার সংশোধন করা হয়। প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি ৫৮৭.৯১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৪/১১/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৭.৩ **প্রকল্পের মূল কার্যক্রমঃ**

১. ৫টি ৩৩/১১ কেভি সাব-ষ্টেশন (শের-ই-বাংলা নগর, আজিমপুর, মগবাজার টি এন্ড টি ক লোনি, মিটফোর্ড এবং আইজি গেট) নির্মাণ;
২. লালবাগে এ ১৩২/৩৩/১১ কেভি ১টি নতুন জিআইএস সাব-ষ্টেশন নির্মাণ;
৩. মাদারটেক এ ১৩২/৩৩ কেভি ১টি নতুন সাব-ষ্টেশন নির্মাণ;
৪. ধানমন্ডিতে ১টি ১৩২/৩৩ কেভি গ্রীড সাব-ষ্টেশন জিআইএস সাব-ষ্টেশন রূপান্তর;
৫. ৩১.২ কি:মি: ১৩২ কেভি আন্ডার গ্রাউন্ড ক্যাবেল ও ১৩৪ কি:মি: ৩৩ কেভি আন্ডার গ্রাউন্ড ক্যাবেল নির্মাণ;
৬. ৬.৮ কি: মি: ১৩২ কেভি ডাবল সার্কিট ওভারহেড সঞ্চালন লাইন নির্মাণ;
৭. ২.৬ কি: মি: সিংগেল সার্কিট ওভারহেড সঞ্চালন লাইন নির্মাণ;

৭.৪ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | মেয়াদকাল |
|---|---|---|
| ১) | ইফতেখার উদ্দীন ফিরোজ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ১০/০৭/২০০৮ হতে ১৮/০২/২০১২ |
| ২) | মোঃ সালাউদ্দীন জাহাঙ্গীর,তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ১৯/০২/২০১২ হতে ২৭/১১/২০১৩ |
| ৩) | এ. এইচ. এম. মেসবাহুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ২৮/১১/২০১৩ হতে ০৭/০৩/২০১৬ |

## ৮.০ প্রকল্পের অর্থায়নের উৎস ও প্রকৃত ব্যয়ঃ

ক) জিওবি (লক্ষ টাকায়)

| মোট | ঋণ | ইকুয়িটি | অনুদান | প্রকৃত ব্যয় | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৯৭১১.৮৮ | ৭৮৮৪.৭৫ | ১১৮২৭.১৩ | -- | ১৮৩৬৭.৭০ | ১৩৪৪.১৮ |

খ) প্রকল্প সাহায্যঃ

| উৎস | মোট | ঋণ | অনুদান | প্রকৃত ব্যয় | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক | ৯.৬ মিলিয়ন ইউএস ডলার | ৯.৬ মিলিয়ন ইউএস ডলার | -- | ৮.১৩ মিলিয়ন ইউএস ডলার | ১.৪৭ মিলিয়ন ইউএস ডলার |
| কে এফ ডব্লিউ, জার্মানী | ৪৩.১৭ মিলিয়ন ইউএস ডলার (৩১.৪ মিলিয়ন ইউরো) | -- | ৪৩.১৭ মিলিয়ন ইউএস ডলার (৩১.৪ মিলিয়ন ইউরো) | ৩৮.৫১ মিলিয়ন ইউএস ডলার | ৪.৬৬ মিলিয়ন ইউএস ডলার |

গ) নিজস্ব অর্থায়নঃ

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | ইকুয়িটি | অনুদান | প্রকৃত ব্যয় | অব্যয়িত অর্থ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১৯৭৭.৬০ | -- | -- | -- | ৮৬৫.২২ | ১১১২.৩৮ |

## ৯.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ

ডিপিডিসি থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| ক্রম নং | অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলিত ব্যয় | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | আর্থিক | বাস্তব | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| ০১ | Pay of officers | ২২৬.৪৪ | ২১৯.১৬ | ১২ জন | বেতন ও ভাতা |

| ক্রম নং | অঙ্গের নাম | ডিপিপি অনুযায়ী অঙ্গের প্রাক্কলিত ব্যয় | ডিসেম্বর ২০১৫ পর্যন্ত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | আর্থিক | আর্থিক | বাস্তব | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০২ | Pay of Establishment | ৯৫.৯৭ | ৯২.৮৮ | ১২ জন | ডিপিডিসি'র নিজস্ব ফান্ড থেকে ব্যয় করা হয়েছে। |
| ০৩ | Allowances | ৩৩১.৭৭ | ৩২১.১০ | - | |
| ০৪ | Fuel & Lubricants | ১০০.০০ | ৯৮.৮৫ | -- | |
| ০৫ | Training | ৮০.০০ | ০.০০ | -- | |
| ০৬ | Consultancy | ১৭৭৪.৩৪ | ১৮৩৭.৮২ | -- | |
| ০৭ | Repair, Maintenance and Rehabilitation | ৮৫.০০ | ৮৪.৩৫ | - | |
| ০৮ | Transport Vehicles | ১০৫.৮৫ | ১০৫.৭৪ | -- | |
| ০৯ | Office Equipment | ৪৭.৫০ | ১৬.৪৫ | -- | |
| ১০ | Machinery & Equipment | ৩৩৮২৫.৪৮ | ৩৩৭৯৪.৩৩ | -- | |
| ১১ | Land Acquisition/Purchase | ১০০.০০ | ৯৩.৭৫ | ০.৪২ একর | |
| ১২ | Land Development | ১৮.২০ | - | - | |
| ১৩ | Civil Construction | ৭১৪৪.৪১ | ৬৮১৯.৩২ | ৮০,০০০ বর্গফিট | |
| ১৪ | Installation, Testing & Commissioning | ২৩০০.১৭ | ২২৯৭.৬৩ | -- | |
| ১৫ | CD and VAT (30% of Material Cost) and IT & VAT on construction works | ৯৪০০.০০ | ৮৪০৬.৯৫ | -- | |
| ১৬ | IT and VAT | ৯৯১.৬৮ | ৯৯০.১১ | -- | |
| ১৭ | Miscellaneous | ২৭৫.০০ | ২৭৩.৬৯ | -- | |
| ১৮ | IDC | ১৩২৩.৪২ | ২৩২.০৮ | - | |
| ১৯ | Price Contingency | ৩৪৮.০৫ | ০.০০ | - | |
| ২০ | Physical Contingency | ২১৮.১১ | ০.০০ | - | |
| | **মোট** | **৫৮৭৯১.৩৯** | **৫৬০০৪.৮৯** | | |

## ১০.০ পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক ১২ এপ্রিল ২০১৭ তারিখে প্রকল্প দপ্তরসহ ঢাকা মহানগরীর রামপুরা, লালবাগ, এবং ধানমন্ডি এলাকায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

## ১১.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকা)

| Description of procurement (goods/works/consultancy) as per bid document | | Tender /Bid/ proposal cost | | Tender/Bid/ proposal | | Date of completion of work/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | Contracted value | Invitation Date | Contract signing/ LC opening Date | `As per contract | Actual |
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* | *7* | *8* |
| Turn key Package (GD1 & WD1) | Supply, installation , testing and commissioning of machinery & equipment including construction of 132/33/11 kV substation at Lalbag and Madartek and conversion Dhanmondi 132/33/11 s/s to regular substation | 15043.50 | 15043.50 | May 2009 | December 2011 | July 2014 | June 2015 |
| Turn-key Package (GD2 and WD2) | Supply, installation , testing and commissioning of machinery & equipment including construction of 33/11 kV substation at Sher-e-Bangla nagar, Azimpur, Mogbazar T&T colony, Mitford, IG gate | 7691.68 | 7691.68 | April 2007 | August 2009 | September 2013 | June 2012 |
| Turnkey package (GD3 and WD3) | Supply, installation , testing and commissioning of 132 kV, 33kV U/G cable including jointing, termination and civil construction | 14972.62 | 14972.62 | May 2009 | January 2012 | February 2014 | July 2015 |
| Turnkey package(GD4 and WD4) | Supply, installation , testing and commissioning of 132 kV 4 ckt and 132 kV 2 ckt overhead transmission line | 6087.09 | 6087.09 | May 2009 | December 2011 | August 2014 | June 2015 |

## ১২.০ পর্যবেক্ষণঃ

১২.১ **সরেজমিনে পরিদর্শনঃ** লালবাগে ২ টি ১৩২ কেভি ট্রান্সফর্মার (কান্ট্রি অব অরিজিনঃ ইন্ডিয়া ) এবং ২ টি ৩৩কেভি ট্রান্সফর্মার (কান্ট্রি অব অরিজিনঃ চায়না ) বসানো হয়েছে। জিআইএস উপকেন্দ্র স্থাপনের জন্য একটি ৪তলা ভবন নির্মাণ করা হয়েছে। উপকেন্দ্রে সিমেন্স (জার্মানী) কোম্পানীর ১৩২ কেভি জিআইএস সার্কিট ব্রেকার এবং সিমেন্স (ইন্ডিয়া) কোম্পানীর ৩৩ কেভি জিআইএস সার্কিট ব্রেকার ব্যবহার করা হয়েছে। ধানমন্ডি উপকেন্দ্রে সিমেন্স (জার্মানী) কোম্পানীর ১৩২ কেভি জিআইএস সার্কিট ব্রেকার ব্যবহার করা হয়েছে। মাদারটেক উপকেন্দ্রে "ভারত বিজলী লিমিটেড" কোম্পানীর ২ টি ১৩২ কেভি ট্রান্সফর্মার ব্যবহার করা হয়েছে এবং সিমেন্স (জার্মানী) কোম্পানীর ১৩২ কেভি জিআইএস সার্কিট ব্রেকার ব্যবহার করা হয়েছে। পূর্বে মাদারটেক GIS উপকেন্দ্রের ইনকামিং সোর্স হিসাবে মানিকনগর ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র হইতে ক্যাবল লাইনের মাধ্যমে পাওয়ার গ্রহণের পরিকল্পনা ছিল। পরবর্তীতে ১৩২ কেভি লেভেলে নির্ভরযোগ্য গ্রীড নেটওয়ার্ক ও এডিবি'র অর্থায়নে ডিপিডিসি-এর প্রস্তাবিত প্রকল্পের লাভ ক্ষতি বিবেচনায় পিজিসিবি এবং ডিপিডিসি যৌথভাবে মানিকনগর ১৩২ কেভি উপকেন্দ্রের পরিবর্তে রামপুরা ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রকে নতুন ১৩২/৩৩ কেভি মাদারটেক উপকেন্দ্রের Incoming Source হিসাবে নির্ধারণে ঐক্যমত হয়। রামপুরা হতে মাদারটেক উপকেন্দ্রে বিদ্যুৎ গ্রহণের জন্য রামপুরা ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে ২টি ১৩২ কেভি Bay নির্মাণ করা হয়েছে।

১২.২ **প্রকল্প বার বার মেয়াদ বৃদ্ধিঃ** মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুলাই ২০০৬ হতে জুন ২০১০ মেয়াদে বাস্তবায়নের কথা থাকলেও পর ডিসেম্বর/ ২০১৫ তে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে , অর্থাৎ মোট ৫(পাঁচ) বছর ৬(ছয়) মাস সময় বেশি লেগেছে। প্রকল্পটির উন্নয়ন সহযোগী সংস্থা ADB-এর সহিত ২৮/০৬/২০০৭ইং তারিখ এবং KfW-এর সহিত ০৬/০৪/২০০৮ইং তারিখে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। KfW-এর অর্থায়নে বাস্তবায়নাধীন ৩টি প্যাকেজের টেন্ডার প্রকিয়া ডিসেম্বর/২০১১-এর মধ্যে শেষ হয়। এই সময়ের মধ্যে কপার , এ্যালুনিমিয়াম, জিংক এবং সিলিকন এর মূল্য বিশ্ব বাজারে ব্যাপক বৃদ্ধির কারণে ইলেকট্রিক্যা ল ইকুইপমেন্ট সমূহের মূল্য বৃদ্ধি ঘটে। এছাড়া KfW গাইড লাইন অনুযায়ী Consultant নিয়োগ বাধ্যতামূলক থাকায় Foreign Currency পরিশোধ সাপেক্ষে Consultant নিয়োগ করা হয় , যা মূল ডিপিপিতে অন্তর্ভুক্ত ছিল না। এই সকল কারণে Lowest Bidder-এর অনুকূলে Contract Award করার জন্য প্রকল্প মূল্য সংশোধনের প্রয়োজন হয়। প্রকল্পের Lot-3 প্যাকেজের আওতায় ৫ কিলোমিটার ১৩২ কেভি ডাবল সার্কিট ওভারহেড লাইন (Hasnabad-Kallayanpur Double Circuit Line Turn into Lalbag) বর্তমান টাওয়ারের উপর ৫ কি:মি: ফোর সার্কিট ওভারহেড লাইন এবং ১৩২ কেভি ওভারহেড লাইন (Hasnabad-Kallayanpur Single Circuit Turn into Kamarangirchar: 3.75 Km Single Circuit Overhead Line on Existing Tower) টাওয়ার নির্মাণের সংস্থান ছিল। Plan Route-এ ঘর বাড়ী এবং বসতি গড়ে উঠায় চুক্তির Original Scope of Work অনুযায়ী কাজ করা সম্ভব হয়নি। এ পরিপ্রে ক্ষিতে Lot-3 কাজের Scope of Work পরিবর্তন হয় এবং Consultant-এ পরামর্শ ও সুপারিশ অনুযায়ী নুতন রুট সিলেকশন করা হয়। 1st Change of Route-এ মোট ২৮টি টাওয়ার ছিল। ২৮টি টাওয়ারের মধ্যে ডিপিডিসি 'র সর্বাত্তক প্রচেষ্টায় ২১টি টাওয়ারের Foundations Erection কাজ সম্পন্ন হয়। ভূমির মালিক ও স্থানীয় জনগনের প্রচন্ড বাধার কারণে টাওয়ার নং -২,৩,৪ ও ৭ কোন ক্রমেই নির্মাণ করা সম্ভব হয়নি। এই অবস্থার প্রেক্ষিতে Consultant-এর পরামর্শ ও গাইড অনুযায়ী পুনরায় লাইন এর রুট পরিবর্তন করা হয় (2nd Change of Route)। ডিপিডিসি বোর্ড কর্তৃক ২য় পরিবর্তিত লাইন রুট অনুমোদন করা হয়।

2nd Change of Route –এ ৩৬টি টাওয়ার এবং ৬.৮ কি:মি: ডাবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন (Bisecting Hasnabad-Kallayanpur Line Nea Bosila Bridge upto Kamrangirchar 132/33 kV Substation) এবং প্রায় ২.৬ কি:মি: ফোর সার্কিট ওভারহেড ট্রা ন্সমিশন লাইন (কামরাংগীচর ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র হতে নতুন প্রস্তাবিত লালবাগ ১৩২/৩৩ কেভি GIS উপকেন্দ্র পর্যন্ত) নির্মাণ করা হয়। এই সকল নানাবিধ কারণে প্রকল্পের ২৮.৮% কস্ট ওভার রান এবং ১৩৭.৫% টাইম ওভার রান হয়েছে।

**১২.৩** পিসিআর-এর অনুচ্ছেদ-৮ এর প্রকিউরমেন্ট অংশ পর্যবেক্ষণ করলে দেখা যায় যে , প্যাকেজ-১ এর ক্ষেত্রে মে -২০০৯ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৬(ছয়) মাস পর ডিসেম্বর -২০১১ তে, প্যাকেজ-২ এর ক্ষেত্রে এপ্রিল -২০০৭ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৩(তিন) মাস পর আগস্ট ২০০৯-এ, প্যাকেজ-৩ এর ক্ষেত্রে মে -২০০৯ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৭(সাত) মাস পর জানুয়ারি-২০১২তে এবং প্যাকেজ-৪ এর ক্ষেত্রে মে-২০০৯ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৩(তিন) মাস পর ডিসেম্বর ২০১১ তে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। টেন্ডার আহবানের পর চুক্তি স্বাক্ষর হতে এত দীর্ঘ বিলম্ব কাম্য নয়। এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়।

১২.৪ পিসিআর-এর পৃষ্ঠা-১৯ এর অনুচ্ছেদ-৫ অনুযায়ী পরামর্শক খাতে ডিপিপি প্রাক্কলনের অধিক ব্যয় করা হয়েছে। পিসিআর -এর পৃষ্ঠা-১৮ এর অনুচ্ছেদ-৪ অনুযায়ী ২জন ব্যক্তিকে বৈদেশিক এবং ৬৫ জন ব্যক্তিকে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ দেয়া হয়ে ছে। পিসিআর-এর পৃষ্ঠা-১৯ এর অনুচ্ছেদ-৫অনুযায়ী প্রশিক্ষণ খাতে ৮০.০০ লক্ষ টাকার বিপরীতে কোন অর্থ ব্যয় করা হয়নি।

১২.৫ পিসিআর-এর পৃষ্ঠা-২১ এর অনুচ্ছেদ-৭ অনুযায়ী ২টি জীপ, ২টি পিক-আপ এবং ৪টি মোটর সাইকেল ক্রয় করা হয়েছে। তবে কোন গাড়ি অপারেশন এন্ড মেইন্টেনেন্স বিভা গে কিংবা যানবাহন পুলে হস্তান্তর করা হয়নি। ক্রয়কৃত গাড়িগুলি কারা ব্যবহার করছে সে সম্বন্ধে কোন তথ্য নেই।

১২.৬ প্রকল্প সমাপ্ত হবার ৩(তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিধান থাকলেও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে ১(এক) বছর ৯(নয়) মাস পর পিসিআর প্রদান করা হয়েছে।

১২.৭ প্রকল্পের আওতায় অব্যয়িত জিওবি অর্থের পরিমাণ ১৩৪৪.১৮ লক্ষ টাকা। এই অর্থ ফেরত প্রদান করা হয়েছে কিনা সে সম্বন্ধে কোন তথ্য পিসিআর-এ নেই।

১২.৮ **প্রকল্পের External Audit সংক্রান্ত তথ্যঃ**

২০০৭-০৮ হতে ২০১২-১৩ অর্থ বছরে দাখিলকৃত অডিট রিপোর্টগুলির সকল আপত্তি নিষ্প ন্ন করা হয়েছে। ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থবছরের মোট ১০টি অডিট আপত্তির প্রমাণ সহ জবাব দেয়া হয়েছে।

**১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ১. ঢাকা শহরের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে ১৩২/৩৩ কেভি এবং ৩৩/১১ কেভি নতুন সাব-ষ্টেশন এবং ট্রান্সমিশন ও সাব-ট্রান্সমিশন লাইন নির্মাণ;<br>২. প্রকল্প এলাকায় লোড শেডিং হ্রাস;<br>৩. নিরবচ্ছিন্ন ও স্থিতিশীল বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ। | প্রকল্পের আওতায় ৭টি জিআইএস সাবস্টেশন স্থাপন করা হয়েছে এবং ট্রান্সমিশন লাইন নির্মাণ করা হয়েছে। প্রকল্প বা স্তবায়নের ফলে প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে এলাকার মানুষের ভোগান্তি কমবে এবং আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে। তবে প্রকল্পটির বাস্তবায়ন দীর্ঘায়িত হবার ফলে এর সুফল পেতে স্টেক হোল্ডারদের বিলম্ব হয়েছে। |

**১৪.০ সুপারিশঃ**

**১৪.১** পিসিআর-এর অনুচ্ছেদ-৮ এর প্রকিউরমেন্ট অংশ পর্যবেক্ষণ করলে দেখা যায় যে , প্যাকেজ-১ এর ক্ষেত্রে মে -২০০৯ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৬(ছয়) মাস পর ডিসেম্বর -২০১১ তে, প্যাকেজ-২ এর ক্ষেত্রে এপ্রি ল-২০০৭ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৩(তিন) মাস পর আগস্ট ২০০৯-এ, প্যাকেজ-৩ এর ক্ষেত্রে মে -২০০৯ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৭(সাত) মাস পর জানুয়ারি-২০১২তে এবং প্যাকেজ-৪ এর ক্ষেত্রে মে-২০০৯ এ টেন্ডার আহবান করার ২(দুই) বছর ৩(তিন) মাস পর ডিসেম্বর ২০১১ তে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। টেন্ডার আহবানের পর চুক্তি স্বাক্ষর হতে এত দীর্ঘ বিলম্ব করার ব্যাখ্যা সংস্থা কর্তৃক প্রদান করতে হবে;

১৪.২ পিসিআর-এর পৃষ্ঠা-১৮ এর অনুচ্ছেদ-৪ অনুযায়ী ২জন ব্যক্তিকে বৈদেশিক এবং ৬৫ জন ব্যক্তিকে স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। পিসিআর-এর পৃষ্ঠা-১৯ এর অনুচ্ছেদ-৫ অনুযায়ী প্রশিক্ষণ খাতে ৮০.০০ লক্ষ টাকার বিপরীতে কোন অর্থ ব্যয় করা হয়নি। প্রশিক্ষণ খাতে অর্থ ব্যয় ব্যতিরেকে কিভাবে প্রশিক্ষণ প্রদান করা হ'ল তার ব্যাখ্যা সংস্থা কর্তৃক প্রদান করতে হবে;

১৪.৩ পিসিআর-এর পৃষ্ঠা-২১ এর অনুচ্ছেদ-৭ অনুযায়ী ২টি জীপ, ২টি পিক-আপ এবং ৪টি মোটর সাইকেল ক্রয় করা হয়েছে। তবে কোন গাড়ি অপারেশন এন্ড মেইন্টেনেন্স বিভাগে কিংবা যানবাহন পুলে হস্তান্তর করা হয়নি। ক্রয়কৃত গাড়িগুলি যথাযথ প্রক্রিয়ায় হস্তান্তর কেন করা হয়নি তার ব্যাখ্যা সংস্থা কর্তৃক প্রদান করতে হবে;

১৪.৪ প্রকল্প সমাপ্ত হবার ৩(তিন) মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিধান থাকলেও আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে ১(এক) বছর ৯(নয়) মাস পর পিসিআর প্রদান করা হয়েছে। এই বিলম্বের কারণ আইএমইডি'কে অবহিত করতে হবে;

১৪.৫ প্রকল্পের আওতায় অব্যয়িত জিওবি অর্থের পরিমাণ ১৩৪৪.১৮ লক্ষ টাকা। এই অর্থ ফেরত প্রদান করার সপক্ষে উপযুক্ত প্রমাণ আইএমইডি'তে সরবরাহ করতে হবে;

১৪.৬ মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুলাই ২০০৬ হতে জুন ২০১০ মেয়াদে বাস্তবায়নের কথা থাকলেও পর ডিসেম্বর / ২০১৫ তে বাস্তবায়ন কাজ সমাপ্ত হয়েছে , অর্থাৎ মোট ৫(পাঁচ) বছর ৬(ছয়) মাস সময় বেশি লেগেছে। প্রকল্পের ২৮.৮% কস্ট ওভার রান এবং ১৩৭.৫% টাইম ওভার রান হয়েছে। এই বিলম্বের জন্য পরিকল্পনাহীনতার অভাব পরিলক্ষিত হয়। ভবিষ্যতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সময় অধিকতর সতর্কভাবে ডিপিপি প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়ন করতে হবে যে এত বেশি টাইম ওভার রা ন (১৩৭.৫%) না হয়;

১৪.৭ আগামী ২(দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৪.১ হতে ১৪.৬) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

# পার্বত্য চট্টগ্রাম বিদ্যুৎ বিতরণ উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)

## -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নাম: পার্বত্য চট্টগ্রাম বিদ্যুৎ বিতরণ উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ।

৩. বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)।

৪. প্রকল্প এলাকা:

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| চট্টগ্রাম | রাঙ্গামাটি | সদর, কাউখালী, কাপ্তাই, রাজস্থলী, লংগদু, বাঘাইছড়ি, নানিয়ারচর, জুরাছড়ি, বরকল, বিলাইছড়ি |
| | বান্দরবান | সদর, লামা, নাইক্ষংছড়ি, রুমা, রোয়াংছড়ি, থানচি, আলী কদম |
| | খাগড়াছড়ি | সদর, পানছড়ি, দীঘিনালা, মহালছড়ি, মাটিরাঙ্গা, মানিকছড়ি, লক্ষ্মীছড়ি, রামগড়, গুইমারা |

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল:

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের%) | অতিক্রান্ত সময় (অনুমোদিত বাস্তবায়নকালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (জিওবি) (সংস্থা) | সর্বশেষ সংশোধিত (জিওবি) (সংস্থা) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৬৪৪৭.৪০ (১৫৭৫৯.৭৩) (৬৮৭.৬৭) | ১৮০৭৯.৪০ (১৭২৯৬.৭০) (৭৮২.৭০) | ১৭৫৬৬.৫১ | জানুয়ারি ২০১১ থেকে জুন ২০১৩ পর্যন্ত | জানুয়ারি ২০১১ থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত | জানুয়ারি ২০১১ থেকে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত | ১১১৯.১১ (৯৩.৬২%) | ৩০ মাস (১০০%) |

| ৬. সাধারণ পর্যবেক্ষণ: |
|---|

| |
|---|
| ৬.১ পটভূমি: আধুনিক উন্নয়নের মূল চালিকা শক্তি হচ্ছে বিদ্যুৎ। ধারনা করা হয় যে বিদ্যুতের প্রাপ্যতা ও ব্যবহার দেশের তিন পার্বত্য জেলার মানুষের কর্ম সংস্থানের সৃষ্টি করে আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন ঘটাবে। অপরদিকে অতিরিক্ত বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে দেশের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। এ বিবেচনায় আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়। প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম নিম্নরূপ:<br>• ৯০ কিলোমিটার ৩৩ কেভি লাইন নির্মাণ;<br>• ২০ কিলোমিটার ৩৩ কেভি লাইন রেনোভেশন;<br>• ২০০ কিলোমিটার ১১ কেভি লাইন নির্মাণ;<br>• ৩০ কিলোমিটার ১১ কেভি লাইন রেনোভেশন;<br>• ৩৫০ কিলোমিটার ০.৪ কেভি লাইন নির্মাণ;<br>• ৪০ কিলোমিটার ০.৪ কেভি লাইন রেনোভেশন;<br>• ১০০ কিলোমিটার ০.২৩ কেভি লাইন নির্মাণ;<br>• ২×৫ এমভিএ রেগুলার টাইপ সাবস্টেশন ১টি;<br>• ১×৫ এমভিএ রেগুলার টাইপ সাবস্টেশন ৩টি;<br>• ৪×১.৬৭ এমভিএ রেগুলার টাইপ সাবস্টেশন ১টি;<br>• ২০০ কেভিএ-এর ১১টি বিতরণ ট্রান্সফরমার;<br>• ১০০ কেভিএ-এর ১৮০টি বিতরণ ট্রান্সফরমার;<br>• ৫০ কেভিএ-এর ৩১০টি বিতরণ ট্রান্সফরমার; এবং<br>• ২৫ কেভিএ-এর ২০০টি বিতরণ ট্রান্সফরমার। |
| ৬.২ উদ্দেশ্য: প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে-<br>• বিদ্যমান দুর্বল বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ;<br>• নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ;<br>• লো-ভোল্টেজ সমস্যা হ্রাস; এবং<br>• বিদ্যুৎ বিক্রয়ের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধির মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। |
| ৬.৩ প্রকল্পের অনুমোদন ও সংশোধন : ১৬৪৪৭.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জানুয়ারি ২০১১ থেকে জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য আলোচ্য প্রকল্পটি একনেক কর্তৃক ৯ নভেম্বর ২০১০ তারিখে অনুমোদন হয়। কতিপয় আইটেমের ব্যয় বৃদ্ধির কারণে ১৮০৭৯.৪০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় ও জুন ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধিপূর্বক ১ম সংশোধন মাননীয় বিদ্যুৎ প্রতিমন্ত্রী কর্তৃক ৩০ অক্টোবর ২০১৩ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত ২৭ আগস্ট ২০১৪ তারিখে বৃদ্ধি করা হয়। সর্বশেষ প্রকল্পের আন্তঃখাত সমন্বয় বিদ্যুৎ বিভাগ কর্তৃক ১৬ এপ্রিল ২০১৫ তারিখে অনুমোদিত হয়। |
| ৬.৪ প্রকল্প পরিদর্শন : আইএমই বিভাগের পরিচালক (শক্তি) বেগম নাসিমা মহসিন কর্তৃক ২৪-২৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত হয়ে সহায়তা করেন। |

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|
| ১. | প্রকৌশলী এ বি এম মিজানুর রহমান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | অতিরিক্ত দায়িত্বে | ৮ মার্চ ২০১১ থেকে ৮ জানুয়ারি ২০১২ পর্যন্ত |

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম ও পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | সময়কাল |
|---|---|---|---|
| ২. | প্রকৌশলী মোঃ আবদুল মোত্তালিব<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ৮ জানুয়ারি ২০১২ থেকে ১৮ জুন ২০১৫ পর্যন্ত |
| ৩. | প্রকৌশলী উ গা প্রু<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ঐ | ১৮ জুন ২০১৫ থেকে ৩১ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত |

৭. প্রকল্পের অগ্রগতি: প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নরূপ:

| ক্রমিক নম্বর | অঙ্গের নাম | সর্বশেষ আরডিপিপি অনুযায়ী | | অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | আর্থিক (%) | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | কর্মকর্তাদের বেতন | ১৪ জন | ১৫৯.৯৫ | ১১০.০০<br>(৬৮.৭৭%) | ১০ জন |
| ২. | কর্মচারীদের বেতন | ৪০ জন | ১৮৪.৯৬ | ৯৮.৫২<br>(৫৩.২৬%) | ২৫ জন |
| ৩. | ভাতাদি | থোক | ২০১.৭৯ | ২৯৭.১৩<br>(১৪৭.২৪%) | থোক |
| ৪. | সরবরাহ ও সেবা | থোক | ৬৩.৯১ | ৬১.৯৩<br>(৯৬.৯০%) | থোক |
| ৫. | জ্বালানী, মেরামত, রক্ষণাবেক্ষন ও পুনর্বাসন | থোক | ৪৬.৩৪ | ৯৫.৬০<br>(২০৬.৩০%) | থোক |
| ৬. | যানবাহন | ৯টি (১টি জীপ, ৩টি ডাবল কেবিন পিকআপ, ৫টি মোটর সাইকেল) | ১৮২.৩৪ | ১৭৭.৯১<br>(৯৭.৫৭%) | ৯টি (১টি জীপ, ৩টি ডাবল কেবিন পিকআপ, ৫টি মোটর সাইকেল) |
| ৭. | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | থোক | ১৪৩৯০.৭১ | ১৪২৬১.৭৪<br>(৯৯.১০%) | থোক |
| ৮. | ভূমি অধিগ্রহণ | ১ একর | ১৭.৬৯ | ৫.২৮<br>(২৯.৮৪%) | ১ একর |
| ৯. | ভূমি উন্নয়ন | ২১০০০ কিউবিক মিটার | ৪২.০০ | - | - |

| ক্রমিক নম্বর | অঙ্গের নাম | সর্বশেষ আরডিপিপি অনুযায়ী | | অগ্রগতি | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | প্রাক্কলিত ব্যয় | আর্থিক (%) | বাস্তব |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১০ | সোলার প্যানেল, বৃষ্টির পানি সংরক্ষণাগারসহ অন্যান্য পূর্ত কাজ | থোক | ২৫.০০ | ১১.৯০ (৪৭.৬%) | থোক |
| ১১. | অভ্যন্তরীণ পরিবহন | থোক | ৩০০.০০ | ২৯২.৮৯ (৯৭.৬৩%) | থোক |
| ১২. | স্থাপনা ব্যয় | থোক | ২২৩৩.০০ | ২২৮২.৬৮ (১০২.২২%) | থোক |
| ১৩. | জরিপ | থোক | ১০.০০ | - | থোক |
| ১৪. | নির্মাণকালীন সুদ | থোক | ১২৫.৭৫ | - | থোক |
| ১৫. | ফিজিক্যাল কন্টিজেন্সি | থোক | ৪৭.৭৬ | - | থোক |
| ১৬. | মূল্য বৃদ্ধি | থোক | ৪৮.২০ | ৪৭.৬৩ (৯৮.৮১%) | থোক |
| | | সর্বমোট: | ১৮০৭৯.৪০ | ১৭৫৬৭.৫১ (৯৭.১৬%) | |

৮. পরিদর্শনকালীন পর্যবেক্ষন:

৮.১ প্রকল্পের আডিপিপিতে ১৭.৬৯ লক্ষ টাকায় ১ একর ভূমি অধিগ্রহণের সংস্থান ছিল। বাস্তবে ৫.২৮ লক্ষ টাকায় ১ একর ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা হয়েছে। আরডিপিপি'র প্রাক্কলিত মূল্য ও বাস্তবে পরিশোধিত মূল্যের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্যের কারণে প্রতীয়মান হয় যে বাস্তবতার ভিত্তিতে এ অঙ্গের প্রাক্কলন নির্ধারণ করা হয়নি। এছাড়া ভূমি উন্নয়ন ও জরিপ বাবদ আরডিপিপিতে যথাক্রমে ৪২.০০ লক্ষ টাকা ও ১০.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও বাস্তবে এ দুটি অঙ্গের বিপরীতে কোন ব্যয় সম্পন্ন হয়নি। এ বিষয়ে প্রকল্প সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর সঙ্গে আলোচনাক্রমে জানা যায় যে, নিযুক্ত ঠিকাদার কর্তৃক টার্নকী ভিত্তিতে উক্ত দুটি অঙ্গের কাজ সম্পন্ন করায় আলাদাভাবে এ দুটি কাজ করা হয়নি;

৮.২ প্রকল্পের আওতায় ১৮২.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৯টি যানবাহন (১টি জীপ, ৩টি ডাবল কেবিন পিকআপ, ৫টি মোটর সাইকেল) ক্রয়ের সংস্থান আছে। প্রকৃতপক্ষে ১৭৭.৯১ লক্ষ টাকা ব্যয়ে উক্ত সংখ্যক গাড়ী ক্রয় করা হয়েছে বলে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ অবহিত করেন;

৮.৩ স্থাপন ব্যয় অঙ্গের জন্য আরডিপিপি'র ২২৩৩.০০ লক্ষ টাকা প্রাক্কলনের বিপরীতে ২২৮২.৬৮ লক্ষ টাকা বাস্তবে ব্যয় হয়েছে। অর্থাৎ প্রাক্কলন অপেক্ষা ৪৯.৬৮ লক্ষ টাকা (১০২.২২%) বেশি ব্যয় হয়েছে; এবং

৮.৪ প্রকল্পের সবচাইতে গুরুত্বপূর্ণ যন্ত্রপাতি ও সরঞ্জামাদি অঙ্গের বিপরীতে আরডিপিপি'র ১৪৩৯০.৭১ লক্ষ টাকার মধ্যে ১৪২৬১.৭৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে। অনুমোদিত প্রাক্কলন অপেক্ষা ১২৮.৯৭ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে। অর্থাৎ এক্ষেত্রেও প্রকল্প প্রণয়নকালে বাস্তবতার ভিত্তিতে প্রাক্কলন নির্ধারণ করা হয়নি।

| ৯. প্রকল্পের উদ্দেশ্য অর্জন: | |
|---|---|
| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
| ক. বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ; | ক. প্রকল্পের আওতায় ১১৩ কিলোমিটার ৩৩ কেভি, ৩০৮ কিলোমিটার ১১ কেভি, ৩৯৬ কিলোমিটার ০.৪ কেভি ও ১৪৮ কিলোমিটার ০.২৩ কেভি নতুন বিতরণ লাইন নির্মাণ এবং ২০ কিলোমিটার ৩৩ কেভি লাইন, ৩০ কিলোমিটার ১১ কেভি ও ৪০ কিলোমিটার ০.৪ কেভি লাইন রেনোভেশনের মাধ্যমে তিন পার্বত্য জেলার বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ করা হয়েছে; |
| খ. নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ, লো-ভোল্টেজ সমস্যা ও সিস্টেম লস হ্রাসকরণ; এবং | খ. বিভিন্ন কেভি'র ৯৬৫ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ, ৯০ কিলো মিটার বিতরণ লাইন রেনোভেশন এবং ৮টি রেগুলার সাবস্টেশন ও বিভিন্ন এমভিএ-এর ৭০১টি বিতরণ সাবস্টেশন নির্মাণ সম্পন্নের মাধ্যমে ৩টি পার্বত্য জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ, লো-ভোল্টেজ সমস্যা ও সিস্টেম লস সমস্যা হ্রাস করা হয়েছে; এবং |
| গ. রাজস্ব আয় বৃদ্ধি এবং প্রকল্প এলাকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। | গ. প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বিদ্যমান ৮৮৯৫৮ সংখ্যক গ্রাহক সংযোগের স্থলে জানুয়ারি ২০১৭ পর্যন্ত ১০,০০,৭৩৮ সংখ্যক গ্রাহক সংযোগ প্রদান সম্পন্ন করা হয়েছে। ফলে রাজস্ব আয় বৃদ্ধির মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হবে বলে আশা করা যায়। |

১০. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্য: আলোচ্য প্রকল্পের আওতায় সম্পাদিত প্রকিউরমেন্ট নিম্নরূপ:

| ক্রমিক নম্বর | কাজের/প্যাকেজের বর্ণনা | দরপত্র আহবানের তারিখ | চুক্তি স্বাক্ষরের তারিখ | চুক্তি মূল্য | পরিশোধিত মূল্য | কার্য সম্পাদনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১. | Eastern Cables Ltd. | ৫ সেপ্টেম্বর ২০১১ | ২৪ জানুয়ারি ২০১২ | ২২৯৫৫০০০.০০ | ২২৯৫৫০০০.০০ | ১১ এপ্রিল ২০১২ |
| ২. | TS Transformer Ltd. | ১০ মে ২০১২ | ১৬ সেপ্টেম্বর ২০১২ | ১৭২৭৯৮০৭.০০ | ১৭২৭৯৮০৭.০০ | ৯ নভেম্বর ২০১২ |
| ৩. | Ctg. Steel works | ৬ সেপ্টেম্বর ২০১১<br>৭ মার্চ ২০১৩ | ৮ জানুয়ারি ২০১২<br>৮ অক্টোবর ২০১২ | ১৩৬৬০৯৭১৭.০০ | ১৩৬৬০৯৭১৭.০০ | ২৪ জুন ২০১২<br>৪ এপ্রিল ২০১৩ |
| ৪. | Confidence Steel Ltd. | ২৪ সেপ্টেম্বর ২০১২<br>২৮ নভেম্বর ২০১৩ | ১৪ মার্চ ২০১৩<br>২৭ এপ্রিল ২০১৪ | ৩৩৬৮৬১৫৩৮.০০ | ৩৩৬৮৬১৫৩৮.০০ | ২ নভেম্বর ২০১৪ |
| ৫. | M/S. Microtech | ২৮ জানুয়ারি ২০১৪ | ২৭ ফেব্রুয়ারি ২০১৪ | ১২০২৩৪৭২১.০০ | ১২০২৩৪৭২১.০০ | ২৮ জুন ২০১৪ |
| ৬. | B & T Cables Ltd. | ১০ মে ২০১২ | ২৯ আগস্ট ২০১২ | ৪৪৩২৪৩৪৬.০০ | ৪৪৩২৪৩৪৬.০০ | ১৬ নভেম্বর ২০১২ |
| ৭. | Integral Ele. | ১০ মে ২০১২ | ১৯ সেপ্টেম্বর | ৩৭৯১৯২৫০.০০ | ৩৭৯১৯২৫০.০০ | ২১ মার্চ |

| ক্রমিক নম্বর | কাজের/প্যাকেজের বর্ণনা | দরপত্র আহবানের তারিখ | চুক্তি স্বাক্ষরের তারিখ | চুক্তি মূল্য | পরিশোধিত মূল্য | কার্য সম্পাদনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| | Company | | ২০১২ | | | ২০১৩ |
| ৮. | BRB Cables Ltd. | ২৩ ফেব্রুয়ারি ২০১২ | ২৩ মার্চ ২০১৪ | ১২৪৬৩৭৬৪৯.০০ | ১২৪৬৩৭৬৪৯.০০ | ২০ জুলাই ২০১৪ |
| ৯. | TPT Cables Ltd. | ১০ মে ২০১২ | ১৯ সেপ্টেম্বর ২০১২ | ১১৮৯৯৮৫০.০০ | ১১৮৯৯৮৫০.০০ | ১৬ জানুয়ারি ২০১৩ |

১১. পরিদর্শনের স্থির চিত্র ও বর্ণনা:



চিত্র-১: খাগড়াছড়ির মানিকছড়ি উপজেলাধীন ৩৩/১১ কেভি ৫/৬.৬৭ এম.ভি.এ ক্ষমতাসম্পন্ন নির্মিত গ্রামীন টাইপ উপকেন্দ্র



চিত্র-২: বান্দরবানের ওয়াইজাংশন ৩৩/১১ কেভি ৫/৬.৬৭ এম.ভি.এ ক্ষমতাসম্পন্ন নির্মিত গ্রামীন টাইপ উপকেন্দ্র



চিত্র-৩: রাঙ্গামাটির কাউখালী উপজেলাধীন বাশখালী, রাংগীপাড়া, দিঘলছড়ি এলাকায় নির্মিত ১১ কেভি লাইন

১২. অডিট সংক্রান্ত তথ্য: পিসিআর এ প্রদত্ত তথ্য অনুসারে ২০১২-১৩ অর্থ বছরে প্রকল্পের অভ্যন্তরীণ অডিট পরিচালিত হয় এবং ৭টি আপত্তি উত্থাপিত হয়। আপত্তিসমূহের নিষ্পত্তিমূলক জবাবের সঙ্গে প্রমানক দাখিল করা হয় এবং অতঃপর আপত্তিসমূহ নিষ্পত্তি করা হয়। অপরদিকে ২০১১ থেকে ২০১৪ অর্থ বছরে পরিচালিত External অডিটের মাধ্যমে উত্থাপিত ৫টি আপত্তি নিষ্পত্তির জন্য প্রক্রিয়াধীন আছে।

১৩. **সমস্যা:**

**১৩.১ টাইম ওভাররান ও কস্ট ওভাররান :** প্রকল্পের ৯৩.৬২% টাইম ওভাররান ও ১০০% কস্ট ওভাররান ঘটেছে। প্রকল্প ব্যবস্থাপনা ও মনিটরিং ব্যবস্থার দুর্বলতার কারণে মূলতঃ তা ঘটেছে বলে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ ৫);

**১৩.২ নির্ধারিত প্রাক্কলন অপেক্ষা বেশি ব্যয় :** আরডিপিপি'র স্থাপন ব্যয়ের বিপরীতে নির্ধারিত প্রাক্কলন অপেক্ষা ৪৯.৬৮ লক্ষ টাকা বেশি ব্যয় হয়েছে (অনুচ্ছেদ ৮.৩);

**১৩.৩ একাধিক প্রকল্প পরিচালক:** প্রকল্পে একাধিক প্রকল্প পরিচালক নিযুক্ত করার কারণে প্রকল্প বাস্তবায়ন ব্যহত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে (অনুচ্ছেদ ৬.৬);

**১৩.৪ নির্ধারিত প্রাক্কলন অপেক্ষা উল্লেখযোগ্য কম ব্যয় সম্পন্ন** ভূমি অধিগ্রহণ অঙ্গের বিপরীতে আরডিপিপি'র নির্ধারিত প্রাক্কলন অপেক্ষা উল্লেখযোগ্যভাবে কম ব্যয় হয়েছে। বাস্তবতার ভিত্তিতে প্রাক্কলন নির্ধারণ না করার কারণে এরুপ হয়েছে বলে প্রতীয়মান হয় (অনুচ্ছেদ ৮.১);

**১৩.৫ বিলম্বে পিসিআর প্রেরণ:** প্রকল্প বাস্তবায়ন ডিসেম্বর ২০১৫ তে সমাপ্ত হলেও ২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখে অর্থাৎ ৮ মাস পর পিসিআর আইএমইডি-তে প্রেরণ করা হয়;

**১৩.৬ ত্রুটিপূর্ণ পিসিআর প্রণয়ন:** প্রণীত পিসিআর-এ প্রকিউরমেন্ট সংক্রান্ত ছকে প্যাকেজের বর্ণনার পরিবর্তে প্রতিষ্ঠানের নাম উল্লেখ করা হয়েছে এবং ডিপিপি'র নির্ধারিত পরিমাণ/সংখ্যা ও চুক্তি অনুসারে কার্য সম্পাদনের তারিখ উল্লেখ করা হয়নি। এছাড়া প্রকল্পের উদ্দেশ্য অর্জন সম্পর্কেও কোন আলোকপাত করা হয়নি; এবং

**১৩.৭ অডিট আপত্তি অনিষ্পন্ন** প্রকল্পের External অডিটে উত্থাপিত ৫টি আপত্তি নিষ্পন্নের জন্য প্রক্রিয়াধীন আছে।

১৪.সুপারিশ:

১৪.১ ভবিষ্যতে প্রকল্পের টাইম ওভাররান ও কস্ট ওভাররান যাতে না ঘটে সে বিষয়ে সজাগ থাকতে হবে। প্রয়োজনে প্রকল্প ব্যবস্থাপনা শক্তিশালী ও বাস্তবায়ন মনিটরিং জোরদার করতে হবে (অনুচ্ছেদ-১৩.১);

১৪.২ আরডিপিপি'র স্থাপন ব্যয়ের বিপরীতে নির্ধারিত প্রাক্কলন অপেক্ষা ৪৯.৬৮ লক্ষ টাকা বেশি ব্যয়ের বিষয়টি মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে খতিয়ে দেখে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে; (অনুচ্ছেদ ১৩.২);

১৪.৩ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে একাধিক প্রকল্প পরিচালক নিযুক্ত করার বিষয়টি পরিহার করতে হবে (অনুচ্ছেদ ১৩.৩);

১৪.৪ ভূমি অধি গ্রহণ অঙ্গের বিপরীতে আরডিপিপি'র নির্ধারিত প্রাক্কলন অপেক্ষা উল্লেখযোগ্যভাবে কম ব্যয়ে হয়েছে। ভবিষ্যতে মাঠপর্যায়ে যথাযথ জরিপ/তথ্যের ভিত্তিতে প্রাক্কলন নির্ধারণ করার বিষয়ে সচেষ্ট থাকতে হবে (অনুচ্ছেদ ১৩.৪);

১৪.৫ আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলে তিন পার্বত্য জেলায় বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতির উন্নতি হয়েছে এবং গ্রাহক সংযোগের সংখ্যাও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এ ধারা অব্যাহত রেখে তিন পার্বত্য জেলাকে ১০০% বিদ্যুতায়নের আওতায় আনার উদ্দেশ্যে ভৌগলিক অবস্থান বিবেচনায় বিকল্প বিদ্যুতায়ন ব্যবস্থা যেমন সোলার বিদ্যুৎ ব্যবস্থা স্থাপনের বিষয়টি বিবেচনায় নেয়া যেতে পারে;

১৪.৬ প্রকল্পের পিসিআর প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে আইএমইডি-তে প্রেরণ করতে হবে (অনুচ্ছেদ ১৩.৫);

১৪.৭ ভবিষ্যতে পিসিআর প্রণয়নের ক্ষেত্রে সঠিক ও যথাযথ তথ্য অন্তর্ভূক্তকরণে যত্নবান হতে হবে (অনুচ্ছেদ ১৩.৬); এবং

১৪.৮ প্রকল্পের External অডিটে উত্থাপিত ৫টি আপত্তি দ্রুত নিষ্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৩.৭)।

# সেন্ট্রাল জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রজেক্ট (২য় সংশোধিত)

## -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নামঃ সেন্ট্রাল জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন প্রজেক্ট (২য় সংশোধিত)

২. উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়ঃ বিদ্যুৎ বিভাগ/বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকাঃ ঢাকা বিভাগের ৬টি জেলা-ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, শেরপুর, জামালপুর ও টাংগাইল এবং সিলেট বিভাগের ৪টি জেলা -সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ ও হবিগঞ্জ।

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৯৭৯২২.৪৪ (৭৪০১৯.৮৯) | ১৩১৫৪২.৭৬ (৭০১৫৮.২৭) | ১৩১৫৪২.৭৬ | ডিসেম্বর ২০০৯ হতে জুন, ২০১৩ | ডিসেম্বর ২০০৯ হতে জুন, ২০১৬ | ডিসেম্বর ২০০৯ হতে জুন, ২০১৬ | ৩৩৬২০.৩২ (৩৪.৩৩%) | ৩(তিন) বছর (৮৫.৭১%) |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭.০ প্রকল্প সাহায্যের উৎসঃ

আলোচ্য প্রকল্পটি জাইকার অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। এ প্রকল্পের অর্থায়নের বিষয়ে জাইকার সাথে গত ০১/০৩/২০০৯ তারিখে বাংলাদেশ সরকারের ঋণচুক্তি সম্পাদিত হয় এবং গত ২৬/০৬/২০০৯ তারিখে চুক্তিটি কার্যকর হয়।

৮.০ প্রকল্পের উদ্দেশ্য ও পটভূমিঃ

৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বৃহত্তর ময়মনসিংহ জেলার এবং সিলেট বিভাগের মোট ৪০টি উপজেলার বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকীকরণ এবং ক্ষমতা বৃদ্ধি করা।

### ৭.২ প্রকল্পের পটভূমিঃ

বিদ্যুৎ কোন দেশের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য অপরিহার্য উপাদান। দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকরণের জন্য বিভিন্ন উন্নয়নমূলক খাতে পর্যাপ্ত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা প্রয়োজন। দেশের অর্থনৈতিক কর্মকান্ডের ব্যাপক প্রসার, দ্রুত নগরায়ণ এবং ক্রমবর্ধমান শিল্পায়নের কারণে বিদ্যুতের চাহিদা পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে দেশের বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ, আধুনিকীকরণ এবং ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। দেশের বৃহত্তর ময়মনসিংহ জেলা এবং সিলেট বিভাগের বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় বিদ্যমান বিভিন্ন সমস্যার কারণে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ কঠিন হয়ে পড়ে। উক্ত এলাকার বিদ্যমান বিতরণ লাইন ও সাব-স্টেশনসমূহ ওভারলোডেড হওয়ার কারণে লো-ভোল্টেজ, লোডশেডিং এবং সিস্টেম লসসহ বিভিন্ন সমস্যা বিরাজমান ছিল। এ সমস্ত সমস্যার সমাধানকল্পে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়।

### ৭.৩ প্রকল্পের আওতায় গৃহীত মূল কার্যক্রমঃ

- ৪৬৪.২২ কিঃ মিঃ ৩৩ কেভি বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- ৩৬৫.২৩ কিঃ মিঃ ৩৩ কেভি বিদ্যুৎ বিতরণ লাইন সংস্কার;
- ২৪০৪ কিঃ মিঃ ১১ কেভি বা নিম্ন বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ;
- ৩০০৭ কিঃ মিঃ ১১ কেভি বা নিম্ন বিদ্যুৎ বিতরণ লাইন সংস্কার;
- ২৪২০ টি বিতরণ ট্রান্সফর্মার স্থাপন;
- ৩৯৪ সেট ক্যাপাসিটর ব্যাংক স্থাপন;
- ৪৬০ একর ভূমি অধিগ্রহণ;
- নতুন ২৬ টি সাব-ষ্টেশন নির্মাণ;
- বিদ্যমান ৩০ টি সাব-ষ্টেশন সংস্কার;
- ৩টি জীপ, ২৩টি পিক-আপ এবং ৮৩টি মোটরসাইকেল সংগ্রহ;
- অন্যান্য পূর্ত কাজ।

### ৭.৪ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকল্পটি গত ২৩/০৩/২০১০ তারিখে মোট ৯৭৯২২.৪৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে 'একনেক' কর্তৃক অনু মোদিত হয়। ১৯/০৯/২০১৩ তারিখে প্রকল্পটি ১ম বার সংশোধিত আকারে একনেক সভায় মোট ১৪৩৯৪৩.৩৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ২য় বার সংশোধিত আকারে মোট ১৩১৫৪২.৭৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

### ৮.০ প্রকল্পের অর্থায়নঃ

(ক) জিওবি: (লক্ষ টাকায়)

| মোট | ঋণ | ইক্যুইটি |
|---|---|---|
| ৩৮৪৩৯.৭০ | ১৫৩৭৫.৮৮ (৪০%) | ২৩০৬৩.৮২ (৬০%) |

(খ) প্রকল্প সাহায্য:

(লক্ষ টাকায়)

| মোট | ঋণ | অনুদান |
|---|---|---|
| ৭০১৫৮.২৭ | ৭০১৫৮.২৭ | |

(গ) নিজস্ব অর্থায়ন: ২২৯৪৪.৭৯ লক্ষ টাকা।

**৯.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়নঃ**

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| Sl no | Name of Components | Cost as per RDPP | Achievement up to June-2016 |
|---|---|---|---|
| 1 | Pay of Officers | 757.00 | 552.00 |
| 2 | Pay of Staffs | 324.00 | 291.00 |
| 3 | Allowances | 378.00 | 375.00 |
| 4 | Repair & maintenance | 360.00 | 341.00 |
| 5 | Materials and equipments | 93,081.70 | 82,528.90 |
| 6 | Erection work | 14,542.83 | 13,672.74 |
| 7 | Land Acquisition | 626.67 | 631.82 |
| 8 | Civil works | 270.00 | 156.62 |
| 9 | Consultancy | 1,729.99 | 1,162.95 |
| 10 | Physical Contingency | 30.00 | 8.95 |
| 11 | Price Escalation | 65.00 | - |
| 12 | Supplies & Services | 575.00 | 175.02 |
| 13 | Bank Charge | 100.00 | 238.40 |
| 14 | Custom Duty & VAT (12% of Materials Cost) | 20,250.00 | 19,900.00 |
| 15 | Port, shipping & survey charge | 356.97 | 454.31 |
| 17 | VAT & IT on local work & service value | 2,260.33 | 2,979.77 |
| 18 | Interest During Construction (3% on Local, 4% on F.Ex. Cost) | 9,490.54 | 8,688.35 |
| | **Total** | **131542.76** | **132300.09** |

ক) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় বরাদ্দঃ ১৩১৫৪২.৭৬ লক্ষ টাকা

খ) পারফর্মেন্স গ্যারান্টি নগদায়নঃ ২৫৪.৪৩ লক্ষ টাকা

গ) ডিপোজিট ওয়ার্ক বরাদ্দঃ ৫০২.৯০ লক্ষ টাকা

(ক)+(খ)+(গ) মোট বরাদ্দঃ ১৩২৩০০.০৯ লক্ষ টাকা

মোট প্রকল্প ব্যয়ঃ ১৩২২৬৬.০৭ লক্ষ টাকা

## ১০.০ পরিদর্শনঃ

আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক ২১-২৩ মে ২০১৭ তারিখে প্রকল্প এলাকার সিলেট জেলা অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

## ১১.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম , পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ :

| ক্রঃ নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোসাদ্দেকুল ইসলাম | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | সেপ্টেম্বর ১০, ২০০৯ হতে সেপ্টেম্বর ০৬, ২০১০ পর্যন্ত |
| ২ | বিধু ভূষণ সরকার | নির্বাহী প্রকৌশলী | ভারপ্রাপ্ত | সেপ্টেম্বর ০৭, ২০১০ হতে সেপ্টেম্বর ১১, ২০১০ পর্যন্ত |
| ৩ | মোঃ আঃ বাছিদ | নির্বাহী প্রকৌশলী | ভারপ্রাপ্ত | সেপ্টেম্বর ১২, ২০১০ হতে সেপ্টেম্বর ১৯, ২০১০ পর্যন্ত |
| ৪ | মোঃ মাহবুবুর রহমান | তত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | সেপ্টেম্বর ২০, ২০১০ হতে জুন ৩০, ২০১৬ |

## ১২.০ পর্যবেক্ষণঃ

### ১২.১ লাইন নির্মাণঃ

| কার্যক্রমের বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| ৩৩ কেভি ওভারহেড লাইন (নতুন) | ৪৬৪.২২ কি:মি: | ৩৮৬.৪২ কি:মি: |
| ৩৩ কেভি ওভারহেড লাইন (নবায়ন ও সংস্কার) | ৩৬৫.২৩ কি:মি: | ৩৭৬.৬২ কি:মি: |
| ৩৩ কেভি আন্ডার গ্রাউন্ড লাইন | ৩১.৭১ কি:মি: | ৩১.৭১ কি:মি: |
| ১১ কেভি লাইন (নতুন) | ৬৯৩ কি:মি: | ৫৬৫.০৪ কি:মি: |
| ১১ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ৭৯৮ কি:মি: | ৭৩০.৮৪ কি:মি: |
| ১১ কেভি আন্ডার গ্রাউন্ড লাইন | ৩১ কি:মি: | ২৯.৬৬ কি:মি: |
| ১১/০.৪ কেভি লাইন (নতুন) | ৫৬৭ কি:মি: | ৭৫১.৯৪ কি:মি: |
| ১১/০.৪ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ৬৮৫ কি:মি: | ৭০০.০২ কি:মি: |
| ০.৪ কেভি লাইন (নতুন) | ১১৪৪ কি:মি: | ১০২৪.৪৯ কি:মি: |
| ০.৪ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ১৫২৪ কি:মি: | ১৬১৭.৮৯ কি:মি: |

১২.২ সাবস্টেশন নির্মাণ ও সংস্কারঃ প্রকল্পের আওতায় নতুন ২৬ টি সাব-ষ্টেশন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল যার ২৬টি নির্মাণ করা হয়েছে। ৩০টি সাব-ষ্টেশন আপগ্রেডেশনের লক্ষ্যমাত্রার বিপরীতে ২৬ টি (৮৭%) আপগ্রেডেশনের কাজ সম্পন্ন করা হয়েছে।

১২.৩ বিতরণ ট্রান্সফর্মারঃ প্রকল্পের আওতায় ১১৬৬টি ২৫০ কেভিএ ট্রান্সফর্মার স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল; যা শতভাগ অর্জিত হয়েছে। প্রকল্পের আওতায় ১২৫৪টি ১০০ কেভিএ ট্রান্সফর্মার স্থাপনের লক্ষ্যমাত্রার বিপরীতে ১২২৬টি ট্রান্সফর্মার (৯৮%) স্থাপন করা হয়েছে।

১২.৪ যানবাহন সংগ্রহঃ প্রকল্পের আওতায় ৩টি জীপ, ২৩টি পিক-আপ এবং ৮৩টি মোটর সাইকেল ক্রয় করা হয়েছে ; যার সবগুলি বিপিডিবি'র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে হ্যান্ডওভার করা হয়েছে।

১২.৫ প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনঃ _ প্রকল্পটির বাস্তবায়ন কালে ৩(তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে , এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী নির্ধারিত জনবল সময়মত নিয়োগ দিতে না পারার কারণে বাস্তবায়ন কার্যক্রম বিঘ্নিত হয়েছে।

১২.৬ প্রকল্পটি বৃহত্তর ময়মনসিংহ ও সিলেট জেলার ৪০টি উপজেলা জুড়ে বিস্তৃত। কিন্তু সেন্ট্রাল স্টোরটি গাজীপুর জেলার টংগীতে হওয়াতে মালামাল পরিবহনে জটিলতা ও বিলম্ব হয়েছে।

১২.৭ চলমান বিদ্যুৎ লাইন বন্ধ করে লাইন সংস্করণ ও সম্প্রসারণের কাজ করতে হয়। সব সময় লাইন বন্ধ করা যায় না বিধায় নিরবিচ্ছিন্নভাবে কাজ করা সম্ভব হয়নি। ফলে নির্ধারিত সময়ের চেয়ে অনেক এলাকায় বেশি সময় ব্যয় হয়েছে।

১২.৮ বিদ্যুতের পোল ইরেকশন এবং বিদ্যুৎ লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময়ে জমির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ে অতিরিক্ত সময় ব্যয় হয়।

১২.৯ প্রকল্পটির ওয়ার্ক ভলিউম অতিমাত্রায় বেশি এবং প্রকল্প এলাকা অনেক বিস্তৃত হওয়াতে নির্ধারিত সময়ে সকল অংগের যথাযথভাবে বাস্তবায়ন করা কঠিন ছিল। তথাপি বিপিডিবি 'র অন্যান্য সমধর্মী প্রকল্পের তুলনায় আলোচ্য প্রকল্পের বাস্তবায়ন কাজ অপেক্ষাকৃত দ্রুত গতিতেই সম্পন্ন হয়েছে।

**১৩.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ**

প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য প্রতিবেদনের পরিশিষ্ট-'ক' তে বর্ণনা করা হয়েছে।

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্রঃ



চিত্র-১- বটেশ্বর সাবস্টেশন প্যানেল, সিলেট



চিত্র-২- স্থাপিত বিতরণ লাইন, সিলেট সদর



চিত্র-৩- স্থাপিত ৩৩/১১ সাবস্টেশন, মৌলভীবাজার



চিত্র-৪- স্থাপিত ৩৩/১১ সাবস্টেশন, সিলেট

## ১৪.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ক) প্রকল্প এলাকায় বিদ্যুৎ বিতরণ লাইন এবং উপকেন্দ্রসমূহের ক্ষমতা বৃদ্ধি করে বিতরণ ব্যবস্থা শক্তিশালী করা। | ক) প্রকল্পের আওতায় ৩৮৬.৪২ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন নির্মাণ এবং ৩৭৬.৪২ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রিনোভেশন করা হয়েছে। নতুন ২৬ টি সাব-ষ্টেশন নির্মাণ এবং ২৬ টি সাব-ষ্টেশন সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে। প্রকল্পের আওতায় ১১৬৬ টি ২৫০ কেভি ট্রান্সফর্মার এবং ১২২৬ টি ১০০ কেভি ট্রান্সফর্মার স্থাপন করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নের ফলে ৩৭৭.৮৮ এমভিএ বিদ্যুৎ বিতরণ ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। |
| খ) লো ভোল্টেজ সমস্যা নিরসন করা এবং সিস্টেম লস কমানো। | খ) প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে এবং সিস্টেম লস কমেছে। ২০১০-১১ সালে ময়মনসিংহ অঞ্চলে সিস্টেম লস ছিল ১৬.১৭%, যা ২০১৬ সালে কমে হয়েছে ১৩.৯৬ %। ২০১০-১১ সালে সিলেট অঞ্চলে সিস্টেম লস ছিল ১৯.৩৪%, যা ২০১৬ সালে কমে হয়েছে ১৩.৮৯ %। |
| গ) দেশের মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা। | গ) নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে দেশের মানুষের আর্থ -সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে। |

## ১৫.০ সুপারিশঃ

১৫.১ ভবিষ্যতে বিদ্যুৎ বিতরণধর্মী প্রকল্পে দেশের মূল্যবান কৃষি জমি সাশ্রয়ের জন্য রেগুলার টাইপ সাবস্টেশনের পরিবর্তে জিআইএস সাবস্টেশনের সংস্থান রাখা সমীচীন হবে;

১৫.২ ভবিষ্যতে ডিপিপি প্রণয়ন ও প্রকল্প বাস্তবায়নের সময় অধিকতর সর্তকতা অবলম্বন করতে হবে যাতে সকল অঙ্গের বাস্তবায়ন ডিপিপির 'র লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয় এবং অনুমোদিত ব্যয়ের মধ্যেই অঙ্গসমূহের বাস্তবায়ন কাজ সম্পন্ন হয়;

১৫.৩ প্রকল্পের আওতায় নির্মিত সকল ৩৩/১১ উপকেন্দ্রের টান্সফর্মারসহ প্রধান প্রধান ইকুইপমেন্টের স্পেসিফিকেশন এবং উৎপাদনের তারিখের প্রমাণ হিসেবে প্রয়োজনীয় কাগজপত্র বিউবো সংরক্ষণ করবে এবং চাহিদা মোতাবেক আইএমই বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়/সংস্থাকে সরবরাহ করবে;

১৫.৪ প্রকল্পের আওতায় সরবরাহকৃত বিতরণ ট্রান্সফর্মারগুলি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার এবং স্টক রেজিস্টার মেইনটেইন করার উদ্যোগ গ্রহণ করতে হবে;

১৫.৫ ভবিষ্যতের জন্য পরিকল্পনাধীন বিপিডিবি 'র বিতরণধর্মী প্রকল্পের কাজের সাথে যেন এই প্রকল্পের কোন কাজের বিশেষতঃ বিদ্যমান বিতরণ লাইন পুনর্বাসন কাজের যেন দ্বৈততা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৫.৬ টংগীতে অবস্থিত সেন্ট্রাল সেন্টার হতে মালামাল পরিবহণ করতে সময়ক্ষেপণ হয় বিধায় স্থানীয়ভাবে সংশ্লিষ্ট বিতরণ বিভাগে স্টোর নির্মানের বিষয়টি বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বিবেচনা করতে পারে;

১৫.৭ প্রকল্প বাস্তবায়নের ফলে সিস্টেম লস ময়মনসিংহ অঞ্চলে ২.২১% এবং সিলেট অঞ্চলে ৬.১৮% হ্রাস পেয়েছে। প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০১৬ সালে ময়মনসিংহ অঞ্চল এবং সিলেট অঞ্চলের সিস্টেম লস যথাক্রমে ১৩.৯৬% এবং ১৩.৮৯%। বিপিডিবি'র সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে আনার জন্য সংস্থা কর্তৃক উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

১৫.৮ আগামী ৩(তিন) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৫.১ হতে ১৫.৭) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

“পরিশিষ্ট-ক”

**প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ**

## Goods & Works for the Project:

| Pkg no | Description of Procurements (Good/works/Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (in lakh Tk) | | Tender/Bid/Proposal | | Date of Completion of works/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | Contracted value excluding VAT/AIT/LD | Invitation date/ | Contract Signing /LC Opening Date | As per contract | Actual |
| **Material and Equipment Procurement** | | | | | | | |
| Pkg-01 | 33kv Distribution Lines (Full Turnkey) as per bill of quantity | 7,825.47 | 6,154.39 | 11.10.10 | 14.12.11 | 13.05.13 | 19.05.15 |
| Pkg-02 | 33/11 kv Sub-station (Full Turnkey) as per bill of Quantity | 12,898.53 | 12,471.40 | 21.10.10 | 20.02.12 | 19.08.13 | 15.06.2016 |
| Pkg-03.1 | Conductor ACSR Dog & Guy Wire | 2,690.00 | 2,221.26 | 01.02.11 | 10..11.12 | 01.10.12 | 17.10.12 |
| Pkg-03.2 | Conductor ACSR Wasp & Ant | 4,606.90 | 3,793.48 | 01.02.11 | 10..11.12 | 09.07.12 | 09.10.12 |
| Pkg-04 | SPC Poles | 7,924.55 | 7,924.55 | 25.05.10 | 23.05.11 | 22.11.11 | 15.07.12 |
| Pkg-05.1 | Pole Fittings for Mymensingh | 1,414.80 | 1,414.80 | 22.03.11 | 18.09.18 | 18.01.12 | 19.06.12 |
| Pkg-05.2 | Pole Fittings for Sylhet | 1,776.44 | 1,776.44 | 22.03.11 | 18.09.18 | 6 month | 19.06.12 |
| Pkg-06 | Insulators | 361.09 | 310.53 | 25.05.10 | 26.09.10 | 26.04.11 | 05.06.12 |
| Pkg-07.1 | Distribution Transformer | 2,141.92 | 1,755.89 | 25.05.10 | 5.12.10 | 6 months | 21.03.12 |
| Pkg-07.2 | Transformer Cable | 653.40 | 512.77 | 25.05.10 | 28.10.10 | 6 months | 21.05.12 |
| Pkg-07.3 | Transformer Accessories | 921.20 | 870.07 | 25.05.10 | 24.10.10 | 26.03.11 | 18.04.11 |
| Pkg-08 | Capacitor Bank | 1,013.31 | 850.05 | 25.05.10 | 12.12.13 | 13.05.11 | 17.08.12 |
| Pkg-09.1 | Maintenance Tools | 764.38 | 632.15 | 23.05.10 | 10.10.11 | 22.08.12 | 09.06.13 |
| Pkg-9.3A | Bucket Truck | 750.20 | 619.77 | 23.05.10 | 01.08.11 | 01.01.12 | 15.07.13 |
| Pkg-11 | 33 kv 15 Meter 650 dan SPC Poles for 33 kv Distribution Lines. | 2,991.10 | 2,844.52 | 03.12.12 | 22.12.13 | 6 month | 13.08.14 |

| Pkg no | Description of Procurements (Good/works/Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (in lakh Tk) | | Tender/Bid/Proposal | | Date of Completion of works/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | Contracted value excluding VAT/AIT/ LD | Invitation date/ | Contract Signing /LC Opening Date | As per contract | Actual |
| Pkg-12 | Different types of ACSR Conductor for 33kv distribution line & Sub-station | 1,794.25 | 1,482.51 | 20.12.12 | 29.10.13 | 6 month | 16.06.14 |
| Pkg-13 | 33/11kv Power Transformer and associated Equipments for 33/11 kv Sub-station | 4,643.00 | 4,406.13 | 20.12.12 | 04.11.13 | 9 month | 03.09.14 |
| Pkg-14 | Circuit Breaker, ACR,GIS, CRP and other items for 33/11kv sub-station. | 3,163.72 | 2,613.68 | 10.01.13 | 08.12.13 | 6 month | 09.11.14 |
| Pkg-16 | Gantry, Hardware and Line fittings | 948.68 | 782.92 | 12.03.13 | 19.11.13 | 6 month | 19.12.14 |
| Pkg-17 | ACSR -Dog Conductor & Earth Wire | 3,356.55 | 2,493.05 | 20.12.12 | 22.12.13 | 6 month | 23.02.15 |
| Pkg-18 | AAC Wasp & AAC Ant Conductor | 4,193.62 | 3,460.89 | 20.12.12 | 19.12.13 | 6 month | 26.08.14 |
| Pkg-20 | 11/0.4Kv Distribution Transformer | 3,540.27 | 2,924.76 | 10.01.13 | 21.11.13 | 6 month | 08.17.14 |
| Pkg-21 | Transformer Cable and Control Cable for Distribution Transformer & Sub-station. | 2,130.28 | 1,759.91 | 13.01.13 | 29.10.13 | 6 month | 16.06.14 |
| | | | | | | | |
| Pkg-24 | 33 Kv & 11kv Underground Cable with termination kit . | 1799.31 | 1,486.48 | 12.03.13 | 02.12.13 | 6 month | 09.12.14 |
| Pkg-26 | 3 phase 4 wire Digital Whole Current Meter | 1,457.73 | 1,198.35 | 05.02.13 | 15.12.13 | 6 month | 10.06.14 |
| Pkg-27 | SPC Poles Supply for 11 kv & LT Lines for Mymensingh Circle. | 4,887.03 | 4,592.98 | 13.01.13 | 22.01.14 | 6 month | 26.06.14 |
| Pkg-28 | SPC Poles Supply for 11 kv & LT Lines for Tangail Circle. | 2,096.06 | 1,950.44 | 22.01.13 | 21.11.13 | 6 month | 28.06.14 |
| Pkg-29 | SPC Poles Supply for 11 kv & LT Lines for distribution Sylhet circle. | 1,181.74 | 1,109.46 | 22.01.13 | 05.11.13 | 6 month | 05.01.15 |

| Pkg no | Description of Procurements (Good/works/Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (in lakh Tk) | | Tender/Bid/Proposal | | Date of Completion of works/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | Contracted value excluding VAT/AIT/ LD | Invitation date/ | Contract Signing /LC Opening Date | As per contract | Actual |
| Pkg-30 | SPC Poles Supply for 11 kv & LT Lines for distribution Moulvibazer circle. | 2,489.62 | 2,344.44 | 13.01.13 | 19.12.13 | 6 month | 20.05.15 |
| Pkg-14(Addl) | Circuit Breaker, ACR,GIS, CRP and other items for 33/11kv sub-station. | 190.52 | 190.52 | N/A | 24.08.15 | 6 month | 14.12.15 |
| Pkg-16(Addl) | Gantry, Hardware and Line fittings | 66.35 | 129.14 | N/A | 01.04.15 | 6 month | 11.11.15 |
| Pkg-23 | 11 kv Capacitor Bank | - | - | Dropped | | | - |
| Pkg-19 | Insulator with Hard wire & fitting.for 33 kv,11 kv & LT Lines | 1,245.31 | 1,165.52 | 10.01.13 | 05.05.14 | 6 month | 04.03.15 |
| Pkg-22.1 | Accessories for Distribution Transformer | - | - | Dropped | 6 month | - | |
| Pkg-22.2 | Transformer repairing machine tools | 470.62 | 440.35 | 12.03.13 | 06.04.15 | 6 month | 4.03.15 |
| Pkg-25 | 33kv & 11kv feeder meter and LT CT operated transformer & single point check meter | 564.42 | 522.35 | 05.02.13 | 06.05.14 | 6 month | 27.04.15 |
| Pkg-19 (Addl) | Insulator with Hard wire & fitting.for 33 kv,11 kv & LT Lines | 178.75 | 167.30 | N/A | 30.03.15 | 6 month | 04.06.15 |
| Pkg-07.3(Addl) | Transformer Accessories | 139.94 | 126.54 | N.A | 26.7.15 | 6 month | 18.04.11 |
| Pkg-13(Addl) | 33/11kv Power Transformer and associated Equipments for 33/11 kv sub-station | 463.90 | 439.72 | N.A | 24.08.15 | 6 month | 03.09.14 |
| Pkg-21 (Addl) | Transformer Cable and Control Cable for Distribution Transformer & Sub-station. | 309.88 | 294.48 | N.A | 28.01.15 | 6 month | 20.05.15 |
| Pkg-31 | Procurement of Double Cabin Pick-up | 436.45 | 436.35 | 15.01.14 | 24.02.14 | 60 days | 02.11.14 |
| Pkg-32 | Procurement of Motor Cycle | 107.20 | 98.62 | 19.05.14 | 24.08.14 | 180 days | 26.11.14 |
| Pkg-32/A | Procurement of Motor Cycle | 5.00 | 4.75 | 01.07.15 | 04.07.15 | 15 days | 20.07.15 |

| Pkg no | Description of Procurements (Good/works/Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (in lakh Tk) | | Tender/Bid/Proposal | | Date of Completion of works/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | As per DPP | Contracted value excluding VAT/AIT/LD | Invitation date/ | Contract Signing /LC Opening Date | As per contract | Actual |
| Pkg-32.1 | Procurement of 11 KV Insulator | 47.06 | 47.06 | 8/12/13 | 20.01.14 | 6 month | 21.09.14 |
| Pkg-32.2 | Procurement of 33 KV Insulator | 298.15 | 294.48 | 19/6/14 | 25.08.14 | 6 month | 29.07.15 |
| Pkg-32.3 | 33 kv Cross Arm & Fittings for Divn-1, Mymensingh | 52.20 | 50.29 | 28.10.14 | 23.02.15. | 6 month | 06.8.15 |
| Pkg-32.4 | 34 kv Cross Arm & Fittings for Divn-2,Sylhet | 62.50 | 59.37 | 28.10.14 | 03.02.15. | 6 month | 16.7.15 |
| Pkg-32.5 | 35 kv Cross Arm & Fittings for Divn-3, Moulvibazer | 61.69 | 56.47 | 28.10.14 | 03.02.15. | 6 month | 16.7.15 |
| Pkg-32.6 | 36 kv Cross Arm & Fittings for Divn-4, Tangail | 97.81 | 89.11 | 28.10.14 | 03.02.15. | 6 month | 6.8.15 |
| Pkg-32.7 | 11 kv Cross Arm & Fittings for Divn-1, Mymensingh | 182.29 | 163.31 | 28.10.14 | 03.02.15. | 6 month | 02.05.15 |
| Pkg-32.7(Addl) | 11 kv Cross Arm & Fittings for Divn-1, Mymensingh | 26.96 | 24.53 | N.A | 18.8.15 | 3 month | 12.10.15 |
| Pkg-32.8 | 11 kv Cross Arm & Fittings for Divn-2,Sylhet | 176.78 | 168.65 | 28.10.14 | 03.02.15. | 6 month | 25.06.15 |
| Pkg-32.9 | 11 kv Cross Arm & Fittings for Divn-3, Moulvibazer | 201.23 | 185.14 | 28.10.14 | 03.02.15. | 6 month | 25.06.15 |
| Pkg-32.9 (Addl) | 11 kv Cross Arm & Fittings for Divn-3, Moulvibazer | 30.08 | 27.67 | N.A | 09.08.15 | 3 month | 13.09.15 |
| Pkg-32.10 | 11 kv Cross Arm & Fittings for Divn-4, Tangail | 184.98 | 175.60 | 28.10.14 | 03.02.15. | 6 month | 20.05.15 |
| Pkg-61 | 11 kv Pole Fittings for 33kv Line under CZPDP. | 295.00 | - | Dropped | | | |
| Pkg-72 | 11 kv Cross Arm,Clamp and other pole fittings for Mymensingh Zone | 96.60 | 88.87 | 10.08.15 | 11.10.15 | 4 month | 30.11.15 |
| Pkg-72 (Addl) | 11 kv Cross Arm,Clamp and other pole fittings for Mymensingh Zone | 14.48 | 13.32 | N.A | 22.12.15 | 3 month | 18.01.16 |
| Pkg-73 | 11 kv Cross Arm,Clamp and other pole fittings for Sylhet Zone | 132.93 | 122.29 | | 1/10/2015 | 3 month | 18.11.15 |
| Pkg-73 | 11 kv Cross Arm,Clamp | 19.93 | 18.34 | N.A | 21.12.15 | 3 month | 21.12.15 |

| Pkg no | Description of Procurements (Good/works/Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (in lakh Tk) | | Tender/Bid/Proposal | | Date of Completion of works/Services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|---|
| | | **As per DPP** | **Contracted value excluding VAT/AIT/LD** | **Invitation date/** | **Contract Signing /LC Opening Date** | **As per contract** | **Actual** |
| (Addl) | and other pole fittings for Sylhet Zone | | | | | | |
| Pkg-74 | 33 kv cross Arm with accessories for different 33 kv lines | 67.48 | 62.08 | 10.08.15 | 11/10/2015 | 3 month | 30.11.15 |
| Pkg-74(Addl) | 33 kv cross Arm with accessories for different 33 kv lines | 9.97 | 9.17 | N/A | 22.12.15 | 3 month | 18.01.16 |
| Pkg-75 | 33 kv l/a and PG Clamp | 160.50 | - | Dropped | - | - | - |
| Pkg-76 | 33 kv & 11 kv Cable Termination kit | 38.50 | - | Dropped | - | - | - |
| Pkg-77 | 33 kv Pole Fittings and Accessories for 33 kv line under czpdp | 112.00 | - | Dropped | - | - | - |
| **Total of Equipment Cost** | | **93,081.70** | **82,528.90** | - | - | - | - |

## ভোলা ২২৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ (সংশোধিত)

## -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। **প্রকল্পের নামঃ** ভোলা ২২৫ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ (সংশোধিত)

২। **বাস্তবায়নকারী সংস্থাঃ** বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৩। **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ** বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

৪। **প্রকল্পের অবস্থানঃ** বোরাহানুদ্দিন, ভোলা।

৬। **প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকালঃ**

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় মোট (প্র: সা:) | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ২০৫৯৬৪.৫৬ (১৩৭৮০৮.০০) | ২০০১৪১.৬৯ (১৪০৫৭৯.৮১) | ১৭১৭৭৭.৮৩ (১২৮১৩৩.৯৯) | ডিসেম্বর, ২০১১ হতে সেপ্টেম্বর, ২০১৪ | ডিসেম্বর, ২০১১ হতে জুন, ২০১৬ | ডিসেম্বর, ২০১১ হতে জুন, ২০১৬ | -৩৪১৮৬.৭৩ (-১৬.৬%) | ১ বছর ৯ মাস (৬৩.৬৩%) |

*প্রকল্প সাহায্যের উৎসঃ ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক (আইডিবি)*

৬। **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

প্রকল্পটি মোট ২০৫৯৬৫.০০ লক্ষ (দুই হাজার উনষাট কোটি পয়ষট্টি লক্ষ ) টাকা ব্যয়ে ডিসেম্বর, ২০১১ হতে সেপ্টেম্বর, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ১০/০৪/২০১২ তারিখে 'একনেক' সভা কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পের প্রথম সংশোধন ডিপিইসি কর্তৃক ২০০১৪১.৬৯ লক্ষ (দুই হাজার এক কোটি একচল্লিশ লক্ষ উনসত্তর হাজার ) টাকা ব্যয়ে ডিসেম্বর, ২০১১ হতে সেপ্টেম্বর, ২০১৫ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে ২০/১১/২০১৩ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ৯(নয়) মাস অর্থাৎ জুন, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৭। **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা নিরসন এবং বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি;

- বর্তমানে বিদ্যমান বিদ্যুৎ ঘাটতি লাঘব ও লোড শেডিং কমানো;
- কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের সুষ্ঠু ও কার্যকরী ব্যবহার নিশ্চিত করা।

৭.২ প্রকল্পের মূল কার্যক্রমঃ

- ১৫০ মেঃ ওঃ গ্যাস টারবাইন ইউনিট স্থাপন;
- ৭৫ মেঃ ওঃ স্টীম টারবাইন ইউনিট স্থাপন;
- ইরেকশন/কমিশনিং ও বিদ্যুৎ কেন্দ্রের আনুষাঙ্গিক অন্যান্য কাজ;
- আবাবসিক ও অনাবাসিক পূর্ত কাজ;
- গ্যাস পাইপ লাইন স্থাপন; এবং
- যানবাহন সংগ্রহ।

৭.৩ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

| ক্রমিক নম্বর | প্রকল্প পরিচালকের নাম ও পদবী | পূর্ণকালীন/খন্ডকালীন | সময় কাল |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | মোঃ আবদুল মজিদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ০৫/০৭/২০১১ থেকে ১৫/০৪/২০১৩ |
| ২। | হারুন-উর-রশিদ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ১৫/০৪/২০১৩ থেকে ৩০/০৬/২০১৬ |

**৮.০ প্রকল্প পরিদর্শনঃ** আইএমই বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের সহকারী পরিচালক (বিদ্যুৎ) জনাব মোঃ তাওসীফ রহমান কর্তৃক গত (৯-১০) ফেব্রুয়ারি ২০১৭ তারিখে প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয। পরিদর্শন কালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত হয়ে সহায়তা প্রদান করেন।

**৯.০ প্রকল্পের অঙ্গাভিত্তিক অগ্রগতিঃ** বিদ্যুৎ বিভাগ থেকে প্রাপ্ত PCR (project Completion Report) এর তথ্য অনুযায়ী প্রকল্পটির অঙ্গাভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি সংযুক্তি-ক তে প্রদান করা হয়েছে।

**১০. পরিদর্শনকালীন পর্যবেক্ষণঃ**

**১০.১** প্রকল্প দলিল অনুযায়ী পাওয়ার প্ল্যান্টের ক্ষমতা ২২৫ মেগাওয়াট । National Load Dispatch Centre (NLDC)-এর চাহিদার ভিত্তিতে এ কেন্দ্রের উৎপাদন হ্রাস /বৃদ্ধি করা হয়। ০৮/০৮/২০১৫ বিদ্যুৎ কেন্দ্রের সিম্পল সাইকেল অংশের এবং ০২/০৯/২০১৫ তারিখে কম্বাইন্ড সাইকেলের Commercial Operation Date(COD) ছিল। ০২/০৯/২০১৫ থেকে আলোচ্য পাওয়ার প্ল্যন্টটি পূর্ণ ক্ষমতায় বাণিজ্যিকভাবে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে। পরিদর্শনের তারিখে অর্থাৎ ১০/০২/২০১৭ তারিখে উৎপাদন ছিল ১৮৫ মেগাওয়াট।

১০.২ আলোচ্য প্রকল্পের অধীনে মূল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে M/s China Chengda Engineering Co Ltd টার্ণকী ঠিকাদার হিসেবে পাওয়ার প্ল্যান্ট স্থাপনের কাজ সম্পন্ন করেছে। আলোচ্য প্রকল্পের অধীনে GE-France কর্তৃক প্রস্তুতকৃত দুইটি গ্যাস টারবাইন এবং গ্যাস টারবাইন জেনারেটর স্থাপন করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় Harbine Turbine Company Ltd., P.R. China কর্তৃক প্রস্তুতকৃত একটি স্টীম টারবাইন এবং JINAN

Power Equipment Co. Ltd. China কর্তৃক প্রস্তুতকৃত স্টীম টারবাইন জেনারেটর স্থাপন করা হয়েছে। প্রকল্পের আওতায় স্থাপিত গুরুত্বপূর্ণ মেশনারীজের বিবরণ সংযুক্তি -খ তে দেয়া হ'ল।

১০.৩ বিদ্যুৎ কেন্দ্রটিতে দ্বৈত জ্বালানীর সংস্থান নেই বিধায় বিকল্প হিসেবে তরল জ্বালানী ব্যবহারের সুযোগ নেই। এমতাবস্থায় গ্যাস সরবরাহ নিয়মিতভাবে এবং কাংক্ষিত চাপে না হলে কেন্দ্রটির ক্ষমতার effective utilization হবেনা।

১০.৪ প্রাথমিকভাবে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ডিসেম্বর, ২০১১ হতে সেপ্টেম্বর, ২০১৪ পর্যন্ত নির্ধারিত ছিল। কিন্তু উক্ত মেয়াদে বাস্তবায়ন সম্পন্ন করা যায়নি বিধায় এক বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি ও ডিপিপি সংশোধনের মাধ্যমে মেয়াদ জুন, ২০১৬ পর্যন্ত নির্ধারিত হয়। ফলে অতিরিক্ত ১(এক) বছর ৯(নয়) মাস অধিক সময় প্রয়োজন হয়, যা মূল অনুমোদিত বাস্তবায়নকালের ৬৩.৬৩% বেশী;

১০.৫ প্রকল্পের আওতায় সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড কর্তৃক গ্যাস পাইপ লাইন নির্মাণ এবং রেগুলেটরী মিটারিং স্টেশন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। মূল ডিপিপি 'তে এই খাতে ৭৫১.৬৩ লক্ষ টাকার সংস্থান থাকলেও প্রকৃতপক্ষে ৯০২.৬৩ লক্ষ টাকা ব্যয় হয় বিধায় ডিপিপি আন্তঃ খাত সমন্বয় করে প্রাইজ কন্টিনজেন্সি খাত থেকে এই অর্থ সমন্বয় করা হয় ;

১০.৬ প্রকল্পের আওতায় ৫০ জন কর্মকর্তার ৯১ জন-মাস বিদেশী প্রশিক্ষণের সংস্থান থাকলেও প্রকৃতপক্ষে ৪১ জন কর্মকর্তা ৯১ জন-মাস বিদেশী প্রশিক্ষণ সম্পন্ন করেছে।

১০.৭ প্রকল্পের আওতায় একটি জীপ এবং একটি ডাবল-কেবিন পিক-আপ ক্রয় করা হয়েছে। জীপটি বিদ্যুৎ কেন্দ্রের অপারেশন এন্ড মেইনটেনেন্স (ও এন্ড এম) বিভাগে হস্তান্তর করা হয়েছে এবং পিক-আপটি সিলেট বিভাগে বাস্তবায়নরত বিপিডিবি'র একটি বিতরণধর্মী প্রকল্পে হস্তান্তর করা হয়েছে।

## ১১. প্রকল্পের প্রকিউরমেন্ট সংক্রান্ত তথ্যঃ

(লক্ষ টাকায়)

| Description of Procurement (Goods/ Works/ Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (cost in Lac Taka) | | Tender/Bid/Proposal | | Date of implement of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation date | contract signing/L.C opening date | As per contract | Actual |
| **GOODS** | | | | | | |
| EPC Contract for Bhola 225 MW CCPP Construction Project | USD 169,618,736.00 + BDT. 1,0043.31 | USD 169,618,736.00 + BDT. | 09.08.2011 | 09.04.2013/ 30.05.2013 | GT- 20.11.2014 STG- 15.08.2015 | GT - 08.05.2015 STG - 02.09.2015 |

| Description of Procurement (Goods/ Works/ Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (cost in Lac Taka) | | Tender/Bid/Proposal | | Date of implement of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation date | contract signing/L.C opening date | As per contract | Actual |
| | | 1,0043.31 | | | | |
| Installation of Gas Line & RMS of Bhola 225 MW CCPP Construction Project | BDT.4533.35 | EURO 2,634,833.14 + BDT. 803.34 | 11.09.2013 | 11.03.2014/ 17.04.2014 | 08.12.2014 | 11.02.2015 |
| Supply of 1 no. Station Wagon (MITSUBISHI PAJERO JEEP) | 72.26 | 72.26 | | 30.06.2013 | 30.06.2013 | 30.06.2013 |
| Supply of 1 no. Double Cabin Pick-up | 41.72 | 41.72 | 23.05.2010 | | 13.07.2010 | 20.09.2010 |
| Office Furniture & Equipment | 265.00 | 144.38 | | 12.06.2016 | 11.07.2016 | 26.06.2016 |
| **WORKS** | | | | | | |
| Land Acquisition | 632.52 | 816.90 | | | | |
| Land Development | 1516.84 | 126.72 | | 24.02.2015 | 15.06.2015 | 10.06.2015 |
| Civil Works ( Non-residential) | 2202.37 | 2190.48 | | 27.03.2016 | 05.07.2016 | 27.06.2016 |
| Civil Works ( residential) | 1696.85 | 1696.28 | | 09.09.2015 | 11.05.2016 | 10.05.2016 |

## ১২. প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| পরিকল্পিত উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| (ক) স্থানীয়ভাবে বিদ্যুৎ উৎপাদনের মাধ্যমে উৎপাদন ঘাটতি পূরণ ও লোডশেডিং হ্রাস; | (ক)০২/০৯/২০১৫ তারিখ থেকে সফলভাবে প্ল্যান্টটি বাণিজ্যিক অপারেশন শুরু করে ও জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে। ফলে উৎপাদন ঘাটতি পূরন ও লোডশেডিং হ্রাস পেয়েছে বলে প্রকল্প দপ্তর জানায় । |
| (খ) কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট স্থাপনের মাধ্যমে প্রাকৃতিক গ্যাসের সুষ্ঠু ও কার্যকরী ব্যবহার নিশ্চিত করা। | (খ) কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট স্থাপনের ফলে গ্যাস টারবাইন অংশের নির্গত ধোঁয়া পুনরায় ব্যবহার করে স্টী ম টারবাইন চালানো হয়, ফলে কোনরূপ জ্বালানী ছাড়াই অতিরিক্ত ৫০% বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়। |
| (গ) বর্তমানে বিদ্যমান বিদ্যুৎ ঘাটতি লাঘব ও লোড শেডিং কমানো; | প্ল্যান্টটিতে উৎপাদিত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে ভোলা জেলার বিদ্যুৎ চাহিদা অনেকাংশে সম্পূর্ণভাবে পূরণ হচ্ছে বলে প্রকল্প দপ্তর জানায় । |

## ১৩. অডিট সংক্রান্ত তথ্যঃ

২০১২-১৩ এবং ২০১৩ -১৪ অর্থ বছরে দুইবার অডিট সম্পন্ন হয় এবং ৬টি প্রধান অডিট আপত্তি উত্থাপিত হয়। পিসিআর অনুযায়ী তন্মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি করা হয়েছে এবং ৪টির নিষ্পত্তিমূলকজবাব দেয়া হয়েছে।

প্রকল্প বাস্তবায়নের কতিপয় স্থিরচিত্রঃ

|  |  |
|---|---|
| **চিত্র:১ বিদ্যুৎ কেন্দ্রের ওভারভিউ** | **চিত্র:২ বিদ্যুৎ কেন্দ্রের হিট রিকোভারী স্টীম জেনারেটর।** |
|  |  |
| **চিত্র:৩ বিদ্যুৎ কেন্দ্রের সুইচইয়ার্ড** | **চিত্র:৪ বিদ্যুৎ কেন্দ্রের কন্ট্রোলরুম** |

## ১৪. সুপারিশ/মতামত:

১৪.১ প্ল্যান্ট পরিচালনার জন্য কোন কোম্পানীর সাথে LTSA (Long Term Service Agreement) না করে প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীগণকে এই বিদ্যুৎ কেন্দ্রের O &M (Operation and Maintenance) এ পদায়ন করার বিষয়টি বিবেচনা করতে হবে;

**১৪.২** বিদ্যুৎ কেন্দ্রে সঠিক চাপে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ নিশ্চিত করবে। পরবর্তী পর্যায়ে বিদ্যুৎ কেন্দ্রটিতে দ্বৈত জ্বালানী ব্যবস্থা চালু করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ বিবেচনা করতে পারে (অনুচ্ছেদ ১২.৫);

**১৪.৩** প্রকল্প অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৪.৪ প্রকল্পের আওতায় স্থাপিত Gas Turbine(GT) ও Steam Turbine(ST) যথাযথভাবে সংরক্ষণ এবং প্রয়োজনমত ওভারহোলিং করতে হবে;

১৪.৫ বিদ্যুৎ কেন্দ্রে পদায়ন করা কর্মকর্তা/কর্মচারীগণকে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ **(Safety Training)** দিতে হবে এবং সেফটি শ্যু ও পোশাক সরবরাহ করতে হবে; এবং

**১৪.৬** অনুচ্ছেদ (১৪.১-১৪.৫) এর আলোকে গৃহীত ব্যবস্থাদির বিষয়ে আইএমই বিভাগকে দ্রুত অবহিত করতে হবে।

প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতিঃ

| ইকনমিক কোড | ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ | ভৌত পরিমাণ | অনুমোদিত ব্যয় | ভৌত পরিমাণ | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | **Revenue Component** | | | | |
| 4500 | | Pay officers | 15 Nos | 190.11 | 15 Nos | 170.20 |
| 4600 | | Pay of Establishment | 20 Nos | 70.02 | 20 Nos | 62.02 |
| 4700 | | Allowances | LS | 156.078 | LS | 139.48 |
| 4900 | | Repairs,Maintenance & Rehabilitation | LS | 25.00 | LS | 24.96 |
| | | **Total Revenue :** | | **441.21** | | **396.66** |
| 6813 | | **Capital Component**<br>**A1: Supply of Machinery & Equipment**<br>2x75 MW Gas Turbine Generating unit etc | Lot | 54475.53 | | 54507.58 |
| 6813 | | 1x75 MW Steam Turbine Generating unit with condenser | | 11453.61 | | 11460.34 |
| 6813 | | Heat recovery Steam Generator Set with all auxiliaries | | 15870.08 | | 15879.540 |
| 6813 | | Electrical System | | 10244.81 | | 10250.87 |
| 6813 | | HRSG feed water pumps, circulating water pumps, | | 5702.37 | | 5705.71 |
| 6813 | | Instrument & Control System | | 1345.86 | | 1346.55 |
| 6813 | | Overead Electric crane, electric crane(GT& ST), gantry weather | | 1342.63 | | 1343.44 |
| 6813 | | Spares & consumables for warranty period | | 5017.96 | | 5020.97 |
| | | **Sub-total of A1** | | **105452.85** | | **105515.00** |
| 7006, 7016 | | **Civil & Building Works-Turn-key :**<br>a) Soil test, demarcation etc.)<br>b) Site works c) Pilling d) Foundation<br>e) Control bldg,<br>Administrative building, etc. | Lot | 9287.32 | | 9287.32 |
| | | **Sub-total of A2** | | **9287.32** | | **9287.32** |
| 7016, 7982 | | Erection, Testing & Commissioning of the power | Lot | 13629.82 | | 13629.82 |
| | | **Sub-total of A3** | | **13629.82** | | **13629.82** |
| 7982 | | Insurance | LS | 1910.59 | | 1910.59 |
| | | **Sub-total of A4** | | **1910.59** | | **1910.59** |
| 7982 | | **A5: Services (Turn-key Part)**<br>Guarantee Period Operation<br>a) Service for Execution of Schedule maintanance<br>b) Operation and Maintenance | Lot | 4636.48 | | 4613.06 |
| 7982 | | 2. Design & Engineering including Documents | lot | 3991.24 | | 3991.04 |
| 7982 | | Training Abroad and at Site | | 706.00 | | 706.00 |
| | | **Sub Total of A5** | | **9333.72** | | **9310.10** |

| ইকনমিক কোড | ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ | ভৌত পরিমাণ | অনুমোদিত ব্যয় | ভৌত পরিমাণ | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| 7901 | | **Other Turn-key Part**<br>VAT & AIT of the EPC Contractor (5.5% & 5%) | 15% | 3387.01 | 15% | 3387.01 |
| | | **Sub-total of A6** | | **3387.01** | | **3387.01** |
| | | **Total of A** (A1+A2+A3+A4+ A5+A6) (Total Turn-key Cost) | | **143001.31** | | **143039.84** |
| 6901 | | **Direct Cost**<br>**B. Non- Turnkey Part**<br>Land Acquisition | 48.201 acres | 632.52 | 48.201 acres | 632.52 |
| 7001 | | Land Development | 315666 cum | 1516.84 | 315666 cum | 311.05 |
| 7016 | | Cost of Civil works (non-residential) | sqm/LS | 2202.37 | sqm/LS | 2180.350 |
| 7011 | | Cost of civil works (Residential) | 5529.44 sqm. | 1696.85 | 5529.44 sqm. | 1691.87 |
| 6807 | | Transport Vehicles | 4 nos | 113.98 | 4 nos | 113.98 |
| 7981 | | Engineering/Consultency services | LS | 749.12 | LS | 648.10 |
| 7982 | | Gas Pipe Line & Pressure Reducing & Metering Station (RMS) | LS | 4533.35 | LS | 3434.64 |
| 7982 | | Training Local | LS | 5.00 | LS | 0.00 |
| 7981 | | Project Start-up Workshop | LS | 78.08 | LS | 0.00 |
| 7981 | | Familiarization Visit | LS | 23.42 | LS | 14.05 |
| 7981 | | Financial Auditor | LS | 78.08 | LS | 7.35 |
| 7982 | | Fuel (Gas) for initial run (3 month) | month | 1707.13 | month | 1590.93 |
| 7982 | | Charge of electrical energy consummed during construction | LS | 12.00 | LS | 0.00 |
| | | **B: Sub-total of (1 to 13)** | | **13348.74** | | **10624.84** |
| | | **Total Direct Cost (A+B)** | | **156350.06** | | **153664.68** |
| | | **Indirect Cost**<br>**C. Others (Non-Turn key part)** | | | | |
| 7901 | | Costoms duty, Taxes & VAT @ 15% of C & F cost | 15% | 16448.91 | 15% | 7500.00 |
| 7901 | | VAT & Advance Income Tax ( VAT & AIT) for the Consultancy, Gas pipe line & RMS Contractor | 15% | 647.43 | 15% | 387.94 |
| 7981 | | Bank charge for LC Opening @ 1.5% of C&F cost | | 1644.89 | | 512.39 |

| ইকনমিক কোড | ক্রমিক নং | সর্বশেষ সংশোধিত ডিপিপি অনুযায়ী অঙ্গের বিবরণ | ভৌত পরিমাণ | অনুমোদিত ব্যয় | ভৌত পরিমাণ | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| 6815& 6821 | | Office Furniture & Equipment including all accessories (Annexure-8) | Lot | 265.00 | Lot | 144.38 |
| 7981 | | Physical contingency (2% of Direct Cost) | LS | 3113.59 | LS | 67.15 |
| 7981 | | Interest during construction @ 3% p.a. on Local and 4% p.a. on F.Ex. Component Considering 60% equity on Local Component | 3%&4% | 9446.96 | 3%&4% | 9104.63 |
| 7981 | | Price Contigency (8 % of Direct Cost) | LS | 11783.67 | LS | 0.00 |
| | | **Total Indirect Cost (C)** | | **43350.44** | | **17716.49** |
| | | **Grand Total (Direct Cost + Indirect+ revenue) Cost)** | | **200141.70** | | **171777.83** |

## Major Equipment List Of Bhola 225 MW CCPP

Warrantee Period (24 Months)

For GTG started on 08.05.2015 Competed on 08.05.2017

For STG started on 02.09.2015 Completed on 02.09.2017

| Sl no | Name of the major component | Specification in brief | Country of origin | Year of manufacturing |
|---|---|---|---|---|
| 1) | Gas Turbine | Combustion Gas Turbine, Model No. PG 6111 FA, Speedtronic Mark VIe | GE-France | 2014 |
| 2) | Gas Generator | Type: 6FA<br>ATB2 84230KVA, 3000RPM, 11500Volts , 0.8 PF, 0 Kpa, 40°C Gas 67384 KW , 4229 Amps, 275 Field Volts, 1.9m Alt,0.53 SCR, 50 Hz, 3 Phase, WYE Connection<br>Brushless Exciter | GE-France | 2014 |
| 3) | Steam Turbine | Dual Pressure, tandem compound, single casing impulse condensing turbine. Rated output 74.92 MW, Speed 3000 rpm. Primary Steam pr. 8.30 MPa, Temp. $637^0$C, Exhaust pr. 09kPA and cooling water temp $43.8^0$ C | Harbine Turbine Company Ltd., P.R. China | 2014 |
| 4) | Steam Generator | Type : 50WX18Z-076<br>Rated Power: 75MW<br>Rated Output: 93.75MVA<br>Rated Voltage : 11500 V<br>Rated Current : 4706.7 A<br>3000RPM, 50Hz, 0.8PF Legging<br>3 phase, WYE connection | JINAN Power Equipment Co. Ltd.<br><br>China | 2014 |
| 5) | DCS | Symphony Plus Control System | ABB, Singapore | 2014 |
| 6) | HRSG | HP(LP) Output 115.23(12.22) t/h<br>HP(LP) Steam pressure 8.45(0.58) MPa<br>HP(LP) Steam temperature 540(251.2) C<br>Gas temperature 623.3°C | Hangzhou Boiler Group Co. Ltd., China | 2014 |
| 7) | Unit Transformer | 11.5/230 Kv, 3×35MVA<br>Rated Current : $(5271/\sqrt{3})/263.6$ A<br>ONAN/ONAF | Changzhou XD Co. Ltd<br>China | 2014 |
| 8) | Generator Circuit Breaker | Type : $SF_6$ Circuit Breaker<br>Rated Voltage : 17.5 kV<br>Rated Current : 6500Amp<br>63 K A/1s | ABB, Switz erland | 2014 |

| Sl no | Name of the major component | Specification in brief | Country of origin | Year of manufacturing |
|---|---|---|---|---|
| | | | | |
| **Sl no** | **Name of the major component** | **Specification in brief** | **Country of origin** | **Year of manufacturing** |
| 6) | Unit Auxiliary Transformer | 11.5/6.6 Kv, 12MVA<br>Rated Current : 602.5/1049.7 A<br>Dyn11,ONAN | TBEA<br>China | 2014 |
| 7) | 33/11.5 Kv Trnsformer | 33/11.5Kv, 5MVA<br>Rated Current : 87.5/251 A Dyn11,ONAN | TEBA<br>China | 2014 |
| | 230/33 Kv Trnsformer | 230/33Kv, 46/60MVA<br>Rated Current : 150.6/989.7 A<br>Dyn1,ONAN/ONAF | Changzhou XD Co. Ltd<br>China | 2014 |
| 8) | Gas Booster | Compressor<br>Model: TP10T3301<br>Capacity: 14607Kg/Hr<br>Inlet Pressure: 5.50 Bar<br>Inlet Temperature : 20°C<br><br>Motor:<br>Type: 560L2L BSNS<br>Rated Power: 2200KW<br>Rated Voltage: 6.6KV<br>Rated Current: 228Amp, PF: 0.88<br>RPM: 2966 | Atlas Copco<br>USA<br><br>ABB, China | 2014 |
| 9) | Switchyard Equipment | | | |
| | i) CB | Type : $SF_6$ Circuit Breaker<br>Rated Voltage : 245 kV<br>Rated Current : 1600Amp | Alstom,<br>P.R.China | 2013 |
| | ii) Line Protection equipment | Distance relay REL 670 & its accessories | ABB,<br>Switzerland | 2014 |
| | iii) Isolator | Type : Center Break Disconnector<br>Rated Voltage : 245(252)KV<br>Rated Current : 2000 Amp | Alstom,<br>P.R.China | 2013 |
| | iv) LA | Metal Oxide Surge Arrester, 186 RMS, Y 10WZ – 186/520 | ABB – Silverstar Shenseng Surge Arrester Co. Ltd, P.R.China | 2013 |
| | v) CT | 750-1000-3000/5A | P.R.China | 2013 |
| | vi) PT | $230 / \sqrt{3}/$ ; $0.11/\sqrt{3}$; $0.11/\sqrt{3}$ | Artech Dyh Electric, P.R. China | 2013 |
| | vii) Earthing Switch | 50 kA/3s | Alstom,<br>P.R.China | 2013 |

## পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ বরিশাল বিভাগীয় কার্যক্রম-১

## -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

**প্রকল্পের নামঃ পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ বরিশাল বিভাগীয় কার্যক্রম -১**

১। প্রকল্পের অবস্থান : বরিশাল পবিস ১/২, পটুয়াখালী, ভোলা, ঝালকাঠি এবং পিরোজপুর পবিস এর আওতাধীন এলাকাসমূহ ।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ।

৩। প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়/বিদ্যুৎ বিভাগ ।

৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়: জুলাই, ২০১০ - জুন,২০১৬ইং

প্রকৃত ব্যয়- ২৬৪৭২.১৬ লক্ষ টাকা

( লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় (জুন,২০১৬ পর্যন্ত) | পরিকল্পিত বাস্তবায়নকাল | | প্রকৃত বাস্তবায়নকাল | অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল | সর্বশেষ সংশোধিত | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| *(১)* | *(২)* | *(৩)* | *(৪)* | *(৫)* | *(৬)* | *(৭)* | *(৮)* |
| ২৬৭৭১.৮৮ | ৩৩১৮০.০০ | ২৬৪৭২.১৬ | জুলাই, ২০১০ইং হতে জুন,২০১৩ ইং (৩ বছর) | জুলাই, ২০১০ইং হতে জুন,২০১৬ইং | ০৬ (ছয়) বৎসর | ৯৮.৮৮% | ২০০% |

**৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (ক) রাজস্ব ব্যয় | | | | | | |
| ১ | ৪৫০১ কর্মকর্তাদের বেতন | | ১৯ জন | ২.৮৮ | ৫ জন (২৬%) | - |
| ২ | ৪৬০১ কর্মচারীদের বেতন | | ২৭ জন | ৪৫.৯৮ | ২০ জন (৭৪%) | ৩৭.৫৫ (৮১.৬৭%) |
| | ৪৭০৪ ভাতাদি | | | | | |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩ | ৪৭০১ মহার্ঘ ভাতা | | ৪৬ জন | ১১.৯২ | ২৫ জন (৫৪%) | ০.৬৩ (৫.২৮%) |
| ৪ | ৪৭০৫ বাড়ীভাড়া | | ৪৬ জন | ৩২.২৫ | | ১৭.০৯ (৫২.৯৯%) |
| ৫ | ৪৭১৩ উৎসব ভাতা | | ৪৬ জন | ৮.৩০ | | ৫.০৪ (৬০.৭২%) |
| ৬ | ৪৭১৭ চিকিৎসা ভাতা | | ৪৬ জন | ৭.৩৯ | | ৪.৯৫ (৬৬.৯৮%) |
| ৭ | ৪৭৫৫ টিফিন ভাতা | | ৪৬ জন | ১.৫১ | | ১.১৬ (৭৬.৮২%) |
| ৮ | ৪৭৬৫ যাতায়াত ভাতা | | ৪৬ জন | ১.৫১ | | ০.১৬ (১০.৬০%) |
| ৯ | ৪৭৯৫ অন্যান্য ভাতা (গ্রাচুইটি+ডেপুটেশন+ অন্যান্য ভাতা | | ৪৬ জন | ৬৬.১৫ | | ২০.৪৪ (৩০.৯০%) |
| | ৪৮০০ সরবরাহ ও সেবা | | | | | |
| ১০ | ৪৮০১ ভ্রমন ব্যয় | | থোক | ৪১.০০ | | ২৮.৩২ (৬৯.০৭%) |
| ১১ | ৪৮০৬ অফিস ভাড়া | | ০৩ টি | ৬.০০ | থোক | ৪.৯২ (৮২%) |
| ১২ | ৪৮১৩ ভ্যাট ট্যাক্স (আন্তর্জাতিক কন্সালটেন্ট-৪০%) | | - | ৯৩.৬০ | | ১০.৫৩ (১১.২৫%) |
| ১৩ | ৪৮১৬ টেলিফোন | | ০৩ টি | ৫.০০ | ০৩ টি (১০০%) | ৩.১৬ (৬৩.২%) |
| | | | | | | |
| ১৪ | ৪৮১৯ পানি ও সুয়ারেঞ্জ | | থোক | ০.৫০ | থোক | ০.০০ (০০.০০%) |
| ১৫ | ৪৮২১ বিদ্যুৎ | | থোক | ২.০০ | থোক | ০.৯১(৪৫.৫%) |
| ১৬ | ৪৮২২ গ্যাস ও ফুয়েল | | থোক | ০.৫০ | থোক | ০.৪৬(৯২%) |
| ১৭ | ৪৮২৩ পেট্রোল ও লুব্রিকেন্ট (জীপ-১টি, পিকআপ ডাবল কেবিন-১টি) | | জীপ-১টি, পিকআপ ডাবল কেবিন-১টি | ৩৪.০০ | জীপ-১টি, পিকআপ ডাবল কেবিন-১টি(১০০%) | ১৬.৫০ (৪৮.৫৩%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১৮ | ৪৮২৪ ইন্সুরেন্স ও ব্যাংক চার্জ | | আমদানীকৃত মালামালের ১.৭২% | ২৪৭.৮৫ | প্রকৃত পরিসংখ্যান | ১১২.০০ (৪৫.১৯%) |
| ১৯ | ৪৮২৭ মুদ্রন ও বাঁধাই | | থোক | ১১৭.০০ | থোক (স্থানীয়)<br>থোক (আন্তর্জাতিক) | ১৫.৪৪<br>৪.৭৮ (১৭.২৮%) |
| ২০ | ৪৮২৮ ষ্টেশনারী, সীল ও ষ্ট্যাম্প | | থোক | ৯.০০ | থোক | ৭.৭১ (৮৫.৬৭%) |
| ২১ | ৪৮৪০ প্রশিক্ষণ ব্যয় | | ১৫০ জন | ৬৯.৬০ | প্রশিক্ষণ হয় নাই | ০.০০ ( ০০.০%) |
| ২২ | ৪৮৪৫ আপ্যায়ন ব্যয় | | থোক | ১১.০০ | থোক | ৬.৬১(৬০.০৯%) |
| ২৩ | ৪৮৪৬ ট্রান্সপোর্টেশন ও ল্যান্ডিং চার্জ | ক্রয়কৃত মালামালের ২% | ক্রয়কৃত মালামালের ২% | ৫০৩.৯১ | প্রকৃত পরিসংখ্যান | ২৩৪.৬৭(৪৬.৫৭%) |
| ২৪ | ৪৮৭৪ পরামর্শক | | স্থানীয়: ১৪৮০ জনমাস<br>আন্তর্জাতিক: ১৫ জনমাস | ৩৫০.০০<br>২৩৪.০০ | প্রকৃত পরিসংখ্যান | স্থানীয় ২৯৪.৪৮(৮৪.১৩%)<br>আন্তর্জাতিক ৭০.২০(৩০.০০%) |
| ২৫ | ৪৮৮৫ ইন্সপেকশন ও টেষ্টিং ফি | | ক্রয়কৃত সম্পদের ১৪% | ৩৫.০০ | প্রকৃত পরিসংখ্যান | ৭.৫১(২১.৪৬%) |
| | ৪৯০০ মেরামত ও সংরক্ষণ | | | | | |
| ২৬ | ৪৯০১ ভেহিকেল (জীপ-১টি, পিকআপ ডাবল কেবিন-১টি) | | জীপ-১টি, পিকআপ ডাবল কেবিন-১টি | ১০.০০ | প্রকৃত পরিসংখ্যান | ৩.০৯(৩০.৯%) |
| ২৭ | ৪৯০৬ আসবাবপত্র | | থোক | ০.৭২ | থোক | ০.১৩ (১৮.০৬%) |
| ২৮ | ৪৯১৬ কম্পিউটার ও অফিস | | থোক | ২.০০ | থোক | ০.৯৮ (৪৯%) |
| ২৯ | ৪৯৯১ ইকুইপম্যান্ট | | থোক | ০.৭২ | থোক | ০.৭০(৯৭.২২%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| (খ) | ৬৮০০ মূলধন ব্যয় | | | | | |
| ৩০ | ৬৮০৭ মোটরযান | | জীপ-১টি, ডাবলকেবিন পিকআপ -১টি | ৯২.২৩ | প্রকৃত পরিসংখ্যান | ৯২.২৩ (১০০%) |
| ৩১ | ৬৮১৩ বৈদ্যুতিক সরঞ্জামাদী ও মালামাল লাইন নির্মান মালামাল উপকেন্দ্র নির্মান মালামাল ষ্ট্রীট লাইন, লাইন টুলস ও অন্যান্য | | লট | ২৫০৫৮.৬২ | প্রকৃত পরিসংখ্যান | ২১৫৩৩.৫৮ (৮৫.৯৩%) |
| ৩২ | ৬৮১৫ কম্পিউটার ও এক্সেসোরিজ | | ৬ সেট | ৩.৫৫ | ৪ সেট | ১.৬২ (৪৫.৬৬%) |
| ৩৩ | ৬৮২১ আসবাবপত্র | | থোক | ৯.০০ | থোক | ৫.৬৫ (৬২.৭৭%) |
| ৩৪ | ৬৮৫১ অন্যান্য | | ফটোকপি-১; এয়ারকুলার-১ | ২.৭৫ | থোক | ০.৭৯ (২৮.৭২%) |
| | ৬৯০০ ভূমি অধিগ্রহন/ক্রয় | | | | | |
| ৩৫ | ৬৯০১ ভূমি অধিগ্রহন | | ১.৯৮ একর | ২৫.০০ | প্রকৃত পরিসংখ্যান | ২১.১৮ (৮৪.৭২%) |
| | ৭০০০ নির্মান কাজ | | | | | |
| | ৭০০১ ভূমি উন্নয়ন | | ১.৯৮ একর | ০.০০ | ভূমি উন্নয়ন করা হয় | ০.০০ (০০.০%) |
| ৩৬ | ৭০৫৬ বৈদ্যুতিক লাইন স্থাপন ব্যয়<br>বৈদ্যুতিক সাবষ্টেশন স্থাপন ব্যয় | | ২৫০০ কিমি<br>০৬ টি (ভূমি উন্নয়নসহ) | ২৫০৪.৯৭<br>২৯৫.০৩ | ২৫৩৭ কিমি<br>০৬ টি | ২২২৩.১৩ (৮৮.৭৫%)<br>২৮৩.৮৬ (৯৬.২১%) |
| ৩৭ | ৭৯০১ সিডি ভ্যাট | | আমদানীকৃত মালামালের ১৩.৫% | ১৯৪৩.৬৯ | প্রকৃত পরিসংখ্যান অনুযায়ী | ১৪০০.০০(৭২.০৩%) |

| ক্রমিক নং | সংশোধিত ডিপিপি অনুযায়ী অংগ | একক | সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষমাত্রা | | প্রকৃত বাস্তবায়ন (জুন, ২০১৬ পর্যন্ত) | |
|---|---|---|---|---|---|---|
| | | | বাস্তব | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ৩৮ | ৭৯৮৩ Interest During Construction (IDC) | | থোক | ২৩৪.৮৮ | থোক | ০০.০০(০০.০০%) |
| | মোট= | | | ৩৩১৮১.০০ | | ২৬৪৭২.১৬(৭৯.৭৮%) |

তথ্য সূত্রঃ পিসিআর।

৬। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ** প্রযোজ্য নয়।

৭। **পটভূমিঃ**

৮। **উদ্দেশ্যঃ** প্রকল্প এলাকায় আর্থিক উন্নয়ন, দারিদ্র হ্রাসকরণ কল্পে স্বল্প খরচে নির্ভর যোগ্য বিদ্যুৎ সরবরাহ করা। এ প্রেক্ষিতে প্রকল্পের আওতাধীনে ২২৬৫ কিমি নূতন বৈদ্যুতিক লাইন নির্মান, ২৩৪ কিমি লাইন বৈদ্যুতিক লাইন নবায়ন /আপগ্রেডেশন এবং মোট ৪৫ এমভিএ সম্পন্ন ০৬ (ছয়) টি নতুন ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মানের মাধ্যমে ৯২০০০জন গ্রাহকের অনুকুলে বিদ্যুৎসংযোগ প্রদানের সুবিধা (Facility) সৃষ্টি করা।

৯। **প্রকল্প অনুমোদন এবং সংশোধনঃ**

প্রকল্প অনুমোদনঃ- ০৯/০৯/২০১০ইং

সর্বশেষ সংশোধনঃ- ০৫/০৮/২০১৪ইং

১০। **ক্রয় কার্যক্রমঃ**

মালামাল ও যন্ত্রপাতি ক্রয়: ২১৫৪১.৬৪ লক্ষ টাকা

যানবাহন ক্রয় : ৯২.২৩ লক্ষ টাকা

ভূমি অধিগ্রহন/ক্রয় : ২১.১৮ লক্ষ টাকা

লাইন ও উপকেন্দ্র নির্মাণ

তথা কাজের বিপরীতে ব্যয়: ২৫০৬.৯৯ লক্ষ টাকা

সেবা খাতে ক্রয় : ৫৯৯.৩৫ লক্ষ টাকা

১১। **প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ** প্রকল্পের শুরু হতে জুন ২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি হয়েছে মোট ২৬৪৭২.১৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যায়ের ৭৯.৭৮% এবং বাস্তব অগ্রগতি ১০০% এর অধিক। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিমণরূপঃ

| অর্থ বছর | সংশোধিত এডিপি বরাদ্দ | | | অবমুক্তি | ব্যয় | | | অব্যয়িত |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | টাকা | প্রঃ সাঃ | | মোট | টাকা | প্রঃ সাঃ | অর্থ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ২০০৮-০৯ | | | | | | | | |
| ২০০৯-১০ | | | | | | | | |
| ২০১০-১১ | ২৫০০.০০ | ২৫০০.০০ | ০০.০০ | ২৫০০.০০ | ২৩৭৯.৪২ | ২৩৭৯.৪২ | ০০.০০ | ১২০.৫৮ |
| ২০১১-১২ | ৪০০০.০০ | ৪০০০.০০ | ০০.০০ | ৪০০০.০০ | ৩৯৭০.৩০ | ৩৯৭০.৩০ | ০০.০০ | ২৯.৭০ |
| ২০১২-১৩ | ১১০০.০০ | ১১০০.০০ | ০০.০০ | ১১০০.০০ | ১০৫৩.২৫ | ১০৫৩.২৫ | ০০.০০ | ৪৬.৭৫ |
| ২০১৩-১৪ | ১৭৭.০০ | ১৭৭.০০ | ০০.০০ | ১৭৭.০০ | ১৬৯.৯৯ | ১৬৯.৯৯ | ০০.০০ | ৭.০১ |
| ২০১৪-১৫ | ৪৮০০.০০ | ৪৭০০.০০ | ১০০.০০ | ৪৭০০.০০ | ৪৬৮৬.৪৯ | ৪৬৮১.৭১ | ৪.৭৮ | ১৮.২৯ |
| ২০১৫-১৬ | ১৪৬৪৫.০০ | ৩৬৪৫.০০ | ১১০০০.০০ | ৩৬৪৫.০০ | ১৪২১২.৭১ | ৩৩৬৯.৮৮ | ১০৮৪২.৮৩ | ২৭৫.১২ |
| সর্বমোট | ২৭২২২.০০ | ১৬১২২.০০ | ১১১০০.০০ | ১৬১২২.০০ | ২৬৪৭২.১৬ | ১৫৬২৪.৫৫ | ১০৮৪৭.৬১ | ৪৯৭.৪৫ |

এ প্রকল্পের সর্বশেষ সংশোধিত অনুমোদিত ব্যয় ৩৩১৮০.০০ লক্ষ টাকা এবং সর্বমোট ব্যয় হয়েছে ২৬৪৭২.১৬ লক্ষ টাকা। পিসিআর পর্যালোচনা করে দেখা যায় প্রকল্পের অধীনে মোট ছাড়কৃত টাকার পরিমাণ ১৬১২২.০০ লক্ষ টাকা। এতে দেখা যায় প্রকল্প সমাপ্ত শেষে ছাড়কৃত অব্যয়িত অর্থ ৪৯৭.৪৫ লক্ষ টাকা (১৬১২২-১৫৬২৪.৫৫ লক্ষ টাকা)। পিসিআর এ প্রদত্ত তথ্যানুযায়ী উক্ত অব্যয়িত অর্থ সরকারী কোষাগারে যথাসময়ে জমা দেওয়া হয়েছে।

**১২। উপকারভোগীদের মতামতঃ** উপকারভোগীরা বৈদ্যুতিক সংযোগ পাওয়ায় সন্তুষ্টি প্রকাশ করেন। বাচ্ছাদের পড়াশুনা ও জীবন যাত্রা কিছুটা সহজতর হয়েছে। তবে অতিরিক্ত অর্থ আদায় ও লোডশেডিং এর কারণে অনেকে হতাশা প্রকাশ করেছে।

**১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্পের শুরু থেকে শেষ পর্যন্ত ২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেছেন। প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি নিচে প্রদান করা হলঃ

| নাম ও পদবী | পূর্ণকালীন | খন্ডকালীন | যোগদানের তারিখ | বদলীর তারিখ |
|---|---|---|---|---|
| জনাব সুনিল চন্দ্র দে<br>(তত্বাবধায়ক প্রকৌশলী)<br>প্রকল্প পরিচালক, আরইই-বিডিপি-১ | পূর্ণকালীন | | ০৬/০৯/২০১০ইং | ১৯/০২/২০১৪ইং |
| জনাব মোঃ জালাল উদ্দিন মিয়া<br>(তত্বাবধায়ক প্রকৌশলী)<br>প্রকল্প পরিচালক, আরইই-বিডিপি-১ | পূর্ণকালীন | | ০৫/০২/২০১৪ ইং | ৩০/০৬/২০১৬ ইং |

উপরের  তথ্য পর্যালোচনা দেখা যায় মাত্র ০৬ (ছয়) বছরের বাসত্মবায়িত এ প্রকল্পে ০২ (দুই) জন কর্মকর্তা প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন ।

**১৪। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

| **পরিকল্পিত উদ্দেশ্য** | **অর্জিত ফলাফল** |
|---|---|
| প্রকল্পের আওতায় ২৫০০কিমি নতুন লাইন নির্মাণ/ নবায়ন, ০৬টি নতুন উপকেন্দ্র নির্মা ণ ও ৯২০০০জন গ্রাহক  সংযোগের নিমিত্তে প্রকল্পটি গ্রহন করা হয়েছিল। | প্রকল্পের বিপরীতে ২৫৩৭ কিমি নতুন লাইন নির্মা ণ/নবায়ন, ৬টি নুতন  উপকেন্দ্র নির্মা ণ এবং ১,১১,০৪৫ জন গ্রাহক সংযোগের নির্মিত্তে সুবিধা সৃষ্টি করা হয়েছে। |

১৫। উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণ প্রকল্পের কাঙ্খিত উদ্দেশ্য অর্জিত হয়েছে ।

**১৬।** **অডিট :** ২০১০-১৩ অর্থ বছরের ফাফার্ড অডিটে মোট ০৬ টি আপত্তি দেয় তন্মেধ্যে নিস্পত্তি হয় ০২ টি  এবং নিস্পত্তির অপেক্ষায় আছে ০৪টি । ২০১৩-১৪ অর্থ বছরের ফাফার্ড অডিটে মোট ০২ টি আপত্তি দেয় তন্মেধ্যে নিস্পত্তি হয় ০২ টি। ২০১৪-১৫ অর্থ বছরের ফাফার্ড অডিটে মোট ০৪ টি আপত্তি দেয় তন্মেধ্যে নিস্পত্তি হয় ০১ টি  এবং  নিস্পত্তির অপেক্ষায় আছে ০৩টি । ২০১৫-১৬ অর্থ বছরে অডিট  চলমান।

**১৭।** **প্রকল্প বাস্তবায়ন সমস্যা :** প্রকল্প বাস্তবায়ন ইতোমধ্যে সমাপ্ত ।

১৮। **প্রকল্প বাস্তবায়নে বিলম্ব (Time Over-run):** প্রকল্পটি আইডিবি সাহায্যপুষ্ট । প্রকল্পটি ০৯/০৯/২০১০ইং তারিখে অনুমোদিত হলেও আইডিবি'র সঙ্গে লোন এগ্রিমেন্ট হয় ২৪/০৬/২০১৪ ইং তারিখে । ফলশ্রুতিতে  আইডিবি ফান্ড প্রাপ্তিতে বিলম্ব হওয়ায় প্রকল্পটির মেয়াদ দীর্ঘায়িত হয় । তবে চুক্তি সমাপ্তির সময়ে (৩ বছর ) ১৫ মাস পূর্বেই প্রকল্পটি সমাপ্ত হয়। চুক্তির মেয়াদ ১৭/০৯/২০১৭ পর্যমত্ম রয়েছে।

১৯ । ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন (If any):  প্রযোজ্য নয়

২০ । চুক্তি বাস্তবায়নে  বিলম্বের কারণ:  IDB এর সহিত চুক্তি করতে বিলম্ব হয়েছে, এছাড়া Soft lone IBD  দিতে না পারায় প্রকল্পের স্বার্থে পরবর্তীতে Hard lone  নেওয়ার বিষয়ে সরকারের সিদ্ধামত্ম হয়। এতে বিলম্ব হয়।

২১।	এক নজরে পরিদর্শনের কিছু আলোকচিত্র:



















## ২২।	পরিদর্শন পর্যবেক্ষণঃ

**২২.১।**	বিগত ২৫-২৬ মে ২০১৭ সালে “পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ বরিশাল বিভাগীয় কার্যক্রম-১ ” সমাপ্ত প্রকল্পটি সরেজমিনে পরিদর্শন করা হয়। বরিশাল-১, বরিশাল-২, পটুয়াখালী ও পিরোজপুর এর কয়েকটি এলাকা নমুনা হিসাবে প্রজেক্ট করা

হয়। পরিদর্শন কালে-বিশ্বাস, তত্ত্বাবধায়ক প্রকৌশলী বরিশাল আরইবি, সুনীল কুমার ঘোষ, নির্বাহী প্রকৌশলী আরইবি বরিশাল অঞ্চল ও স্ব স্ব এলাকার জি.এম ও অন্যান্য কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

**২২.২।** বরিশাল-২ এর অধীন প্রকল্পের অর্থে নির্মিত ১টি সাব-স্টেশন পরিদর্শন করা হয়। এতে দেখা যায়- ACR (Automatic circuit Recluser) -৬টি প্রভিশন আছে। ডিজাইনে ৪ provision ধরা আছে-৩টি বসানো হয়েছে-১টি বসানো হয়নি। Entec ৬৩০ Ampere এশিয়া-পেরিয়ান তৈরী। Panel- Entec এর দেখা যায়। ACR/CR 33 Kv-3, Phase-1 দেখা যায়। Voltage Regulator-৩টি পাওয়া গেছে। এটা cooper power system (USA) তৈরী, ইহা প্রকল্প থেকে দেওয়া হয়নি। সদর substation থেকে পুরাতন V/R এনে বসানো হয়েছে।

Power transformer -330/11 Kv. (10 MVA)। সংশ্লিষ্টদের সাথে মত বিনিময়ে জানা যায় মূল Power transformer মেশিন সাধারণত 3.33X3+spare 3.3 থাকে, নতুন যেটা বসানো হয়েছে-তাতে spare নেই তবে 10 MVA। ইহাতে Tosiba-India মনোগ্রাম দেখা যায়। সাবস্টেশনের ফেন্সিং সঠিক আছে দেখা যায়। সাবস্টেশনটির 10 MV এর মধ্যে ৫ এমবিএ চালু হয়েছে।

বরিশাল-১ এর জয়শ্রী বর্তা গ্রা মে বিদ্যুৎ সংযোগ লাইন পরিদর্শন ও গ্রাহক পর্যায়ে মত বিনিময় করা হয়। এ গ্রামে ড্রয়িং, ডিজাইন অনুযায়ী ১২৯ জন গ্রাহক ও ৪৫টি খুটি দেখা যায়। খুটি ৪৫টি বসানো হয়েছে। তবে খুটির নাম্বারিং ও পরিচিতি ছাপ/ব্রান্ড নেম গায়ে উল্লেখ নেই। তবে গ্রাহক পর্যায়ে কেউ কেউ সংযোগ পায়নি। ৯নং pole এ ৪ জন ধরা ছিল –মাত্র ১ জন সংযোগ পেয়েছেন। ১০/A pole এ তার স্থাপন হয়নি। এতে ৩ গ্রাহক ধরা আছে। ১৪/১৫ ঘর কোন সংযোগ পায়নি। স্থানীয় লোকজন মন্নান ফকির, মো: শহিদুল ইসলামসহ অনেক গ্রাহক সংযোগের জন্য অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ করেন। স্থানীয় টাউট/ইলেকট্রিশিয়ানরা অর্থ আদায়ের মাধ্যমে হিসাবে কাজ করে যার প্রাথমিক সাক্ষ্য প্রমান পরিদর্শন কালীন সময় দেখা যায়।

২২.৩। পটুয়াখালী পিবিএস-এ দেখা যায় :

ডিপিপি বরাদ্দ : ক) নতুন লাইন = ৫১৮ কি:মি:।

খ) নবায়ন লাইন = ১২ কি:মি:।

গ) নতুন ৩৩ কেভি লাইন = ১৫ কি: মি:।

---------------------------------------------------------

= ৫৪৫ কি: মি:

ঘ) নতুন উপকেন্দ্র = ০১টি।

নির্মিত লাইন/উপকেন্দ্র:

ক) নতুন লাইন (১১/৬.৩৫/০.২৩ কেভি) = ৫২০ কি: মি:।

খ) নবায়ন লাইন = ১২ কি: মি:।

গ) নতুন ৩৩ কেভি লাইন = ১৫ কি: মি:।

--------------------------------------------------------------------------------

মোট = ৫৪৭ কি: মি:।

ঘ) নতুন উপকেন্দ্র নির্মিত = ০১টি (১০ এমভিএ)।

নির্মিত লাইনে স্টেক গ্রাহক : ২৩৮২১ জন

নির্মিত লাইনে সংযোগকৃত গ্রাহক: ২৩৮২১ জন।

পটুয়াখালী স্থানীয় পরিচালক মন্ডলী ও গ্রাহকদের সাথে মত বিনিময় করা হয়। তারা প্রকল্পের কাজ সঠিকভাবে (যে কয়েকটা সম্বন্ধে ধারনা আছে) বাস্তবায়িত হয়েছে বলে মনে করেন। তবে সব কাজ ও component সম্বন্ধে তারা অবহিত নয় বলে কেউ কেউ মত ব্যক্ত করেন। প্রকল্পের কাজ এর সব বিষয়ে তাদের অনেক সময় ধারনা থাকে না বা সঠিকভাবে অবহিত করা হয় না। বিদ্যুতায়নে সকলে আনন্দিত। Load Shedding দিনের বেশির ভাগ সময় থাকছে বলে তা কমানোর জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষন করেন। সংযোগের সময় দূর্নীতি রোধের জন্য সঠিক সময়ে ও সিরিয়াল অনুসারে করা ও package সিরিয়াল মতে বাস্তবায়নের উপর জোর দেন এবং পরিচালকদের সম্পৃক্ত করার পরামর্শ দেন। পটুয়াখালীতে সিস্টেমলস-১২.২৬ বলে জানানো হয়।

২২.৪। ঝালকাঠির নলছিটিতে একটি সাব-স্টেশন ( 5 MVA) ও ১টি গ্রামের গ্রাহক পর্যায়ে সংযোগ কাজ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে নিম্নলিখিত তথ্য পওয়া যায়

Power Transformer যার গায়ে লেখা energy pac –Bangladesh. তবে ২০০৫ সালের তৈরি দেখা যায়। 3X1.66 MVA = 5 MBA

ACR/OCR ৬টি provision রয়েছে। ডিজাইনে ৪টি provision আছে-৩টি Active দেখা যায়-আর একটি অন্যত্র নিয়ে গেছে বলে জানায়। Voltage Regulator -**৩**টি পাওয়া গেছে। Brand হলো Cooper Power System. তবে ব্রশিউর/ক্যাটালগ পাওয়া যায়নি।

ঝালকাঠির সদর উপজেলার ডহর পাড়ায় গ্রাহক সংযোগ লাইন পরিদর্শন করা হয়। এই গ্রামে ড্রয়িং/ডিজাইন মতে ৩৪টি পোল, ২.০৮৫ কি.মি. লাইন সংযোগ, ৬টি ট্রান্সফর্মার, .৯২ জন গ্রাহকের ব্যবস্থা আছে। পরিদর্শনের সময় ৭৩ জন লাইন পেয়েছে। গ্রাহকরা অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ করেনি। ট্রান্সফর্মার ৬টি ঠিকাদার বসাইনি। পিবিএস থেকে নিজেদের ট্রান্সফর্মার বসানো হয়েছে।

ঝালকাঠির সদর উপজেলার ডহর পাড়া ইউনিয়নে একটি গ্রামে গ্রাহক সংযোগ পরিদর্শন করা হয়। গ্রাহকদের সাথে মত বিনিময় কালে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া যায়নি। ড্রয়িং, ডিজাইন মতো খুটি ও সংযোগ পাওয়া যায়। তবে খুটি গুলোতে নাম্বারিং ও কোন মনোগ্রাম দেখা যায়নি।

## ২৩। সুপারিশ

২৩.১। পরিদর্শনকৃত নির্মিত বিদ্যুৎ উপ-কেন্দ্র গুলোতে রিপোর্টে উল্লেখিত মেশিনারীজ/ইকুপইপমেন্ট সমূহ সঠিক ডিজাইন ও নির্ধারিত মানের উপযুক্ত ব্রান্ডের দেয়া হয়েছে কিনা এবং যে সকল ইকুইপম্যান্ট/ACR ড্রয়িং/ডিজাইনে উল্লেখিত Provision মতো পাওয়া যায়নি, কম পাওয়া গেছে তা যাচাই করে দেখতে হবে। নলছিটি উপকেন্দ্রে ২০০৫ সালের তৈরি ইক্যুপমেন্ট/মেশিন স্থাপিত হওয়ার বিষয়টি ও বরিশাল-২ এ ব্যবহৃত ইকুইপমেন্টগুলো ডিপিপি ও ড্রয়িং/ডিজাইন মতে মান সম্মত ইকুইপম্যান্ট স্থাপন হয়েছে কিনা মন্ত্রণালয়/বিভাগ পরীক্ষা করে দেখবে।

২৩.২। বর্তমানে গ্রামাঞ্চলে অতিরিক্ত loadsheding হওয়ায় বৈদ্যুতিক লাইন সম্প্রসারণ এর পাশাপাশি loadsheding এর ভারসাম্য যাতে সহনীয় পর্যায়ে থাকে সে জন্য সম্প্রসারণ ও জেনারেশন উন্নয়ন পর্যায়ে ভারসাম্যমূলক ও পরিকল্পনা মাফিক প্রকল্প গ্রহণ করা যেতে পারে। অন্যথায় সন্তুষ্টির চেয়ে অসন্তুষ্ট বাড়ার সম্ভাবনা রয়েছে।

২৩.৩। গ্রাহক সন্তুষ্টি বৃদ্ধির জন্য ও গ্রাহক পর্যায়ে আর্থিক হয়রানি কমানোর নিমিত্তে প্রকল্প শুরুর প্রথম দিকে তালিকা করার সময় জিএম/উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে উঠান বৈঠক অনুষ্ঠান ও মাইকিং নিশ্চিত করার জন্য স্থানীয় চেয়ারম্যানের

প্রত্যয়ন নেয়া যেতে পারে। যাদের বিরুদ্ধে গ্রাহক পর্যায়ে অভিযোগ পাওয়া যাবে তাদের বিরুদ্ধে ফৌজদারী ব্যবস্থা ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তাদের দায়িত্ব নির্ধারণ করা যেতে পারে।

২৩.৪। অনিস্পন্ন অডিট আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তি করতে হবে এবং যে সকল ক্ষেত্রে পিবিএস থেকে মালামাল সরবরাহ ও কাজ করা হয়েছে সেক্ষেত্রে ব্যয় এর দ্বৈততা আছে কিনা পরীক্ষা করতে দেখতে হবে।

২৩.৫। প্রকল্পটি ০৯/০৯/১০ তারিখে অনুমোদিত হলেও আইডিবি এর সাথে লোন এগ্রিমেন্ট হয় ২৪/০৬/২০১৪ তারিখে অর্থাৎ প্রায় ৪ বছরের কাছাকাছি সময়। ফলে প্রকল্প মেয়াদে দীর্ঘায়িত হয়েছে ভবিষ্যতে যথা সময়ে প্রকল্প সমাপ্তির স্বার্থে স্বল্প ও যৌক্তিক সময়ে যাতে এগ্রিমেন্ট সম্পন্ন হয় সে বিষয়ে ডিপিপি প্রণয়ন কালীন সময়ে প্রকল্পের মেয়াদ মথায় রেখে সুষ্ঠু পরিকল্পনা/রোড ম্যাপ গ্রহণ করা যেতে পারে।

২৩.৬। পরিদর্শনকৃত এলাকার মধ্যে যে দুইটি গ্রামে গ্রাহক থেকে অতিরিক্ত অর্থ আদায়ের অভিযোগ পাওয়া গেছে, সেখানে উপযুক্ত কর্তৃপক্ষ/জিএম তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

২৩.৭। প্রকল্প সমাপ্তিতে প্রকল্প থেকে কেনা গাড়ী সমূহ পোলের মাধ্যমে ডিসপোজাল করতে হবে।

২৩.৮। অনুচ্ছেদ ২৩-১ হতে অনুচ্ছেদ-২৩-৭ পর্যন্ত উল্লিখিত বিষয়ে আগামী ৩০ দিনের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয় /বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং তা এ বিভাগকে অবহিত করবে।

## ২১ জেলা বিদ্যুৎ বিতরণ প্রকল্প -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নাম : ২১ জেলা বিদ্যুৎ বিতরণ প্রকল্প

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা : ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড(ওজোপাডিকো)

৪. প্রকল্প এলাকা : ঢাকা বিভাগের ৫টি জেলা (ফরিদপুর, রাজবাড়ী, মাদারীপুর, গোপালগঞ্জ ও শরীয়তপুর), খুলনা বিভাগের ১০টি জেলা (খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর, কুষ্টিয়া, চুয়াডাংগা, মাগুরা) এবং বরিশাল বিভাগের ৬টি জেলা (বরিশাল, পিরোজপুর, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা ও ভোলা)।

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের %) | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৪৬৯১৮.০৪ (০.০০) | ৪৬৯১৮.০৪ (০.০০) | ৪৬৯১৮.০৪ | জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০১৩ =৩(তিন) বছর | জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০১৫ =৫(পাঁচ) বছর | জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০১৫ =৫(পাঁচ) বছর | ০.০০% | ৬৬.৬৭% |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭.০ প্রকল্প সাহায্যের উৎস : প্রযোজ্য নয়।

৮.০ সাধারণ পর্যবেক্ষণ :

৮.১ প্রকল্পের উদ্দেশ্য :

দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের শহরগুলোর বিদ্যমান সাব-স্টেশন, ট্রান্সফর্মারসমূহের আধুনিকায়ন ও বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা অধিক দক্ষতার সাথে পরিচালনা করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য।

৮.২ প্রকল্পের আওতায় গৃহীত মূল কার্যক্রম:

ক) ১০টি নতুন ৩৩/১১ বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ করা;

খ) ৬৩ কিঃ মিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মাণ;

গ) ১৪৮ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রেনোভেশন;

ঘ) ৩২৫ কিঃ মিঃ নতুন ১১ কেভি লাইন নির্মাণ;

ঙ) ৩৩৪ কিঃ মিঃ ১১ কেভি লাইন রেনোভেশন;

চ) ৪৫৫ কিঃ মিঃ নতুন ১১/০.৪ কেভি লাইন নির্মাণ;

জ) ৪৯২ কিঃ মিঃ ১১/০.৪ কেভি লাইন রেনোভেশন;

ঞ) সংশ্লিষ্ট পূর্ত কাজ ও অন্যান্য মালামাল সংগ্রহ।

৮.৩ প্রকল্পের অনুমোদন অবস্থা: প্রকল্পের মূল ডিপিপি ২৪/০২/২০১১ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়।

৮.৪ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

ওজোপাডিকো থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| Items of work (as per PP) | Unit | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| **Land** | | | | | |
| Acquisition(acre) | Acre | 66.00 | 3.00 | 6.93 | 0.32 |
| Development(cum) | cum | 12.15 | 12150.00 | 0.00 | 0.00 |
| **Sub Total -1** | | **78.15** | | **6.93** | **0.32** |
| **Civil works** | | | | | |
| Non Residential Building | sq.m | 62.90 | 740.00 | 104.02 | 1223.76 |
| Other Civil works | L.S | 900.00 | 1800.00 | 664.54 | 1329.08 |
| **Sub Total -2** | | **962.90** | | **768.56** | **2552.84** |
| **Sub-Transmission line** | | | | | |
| 33 kV Lines (New) | Km | 1302.21 | 63.00 | 2521.21 | 119.00 |
| 33 kV Lines (Reno) | Km | 1327.56 | 148.00 | 702.22 | 65.00 |
| **Sub Total -3** | | **2629.77** | **211.00** | **3223.44** | **184.00** |
| **Distribution line** | | | | | |
| 11 kV Lines (New) | Km | 4421.63 | 325.00 | 4196.53 | 315.00 |
| 11 kV Lines (Reno) | Km | 2999.32 | 334.00 | 1738.86 | 221.00 |
| 11/.4 kV Lines (New) | Km | 7739.55 | 455.00 | 7911.29 | 377.00 |
| 11/.4 Kv Lines (Reno) | Km | 3950.76 | 492.00 | 4278.23 | 413.00 |

| Items of work | | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| (as per PP) | Unit | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| 0.4 kV Lines (New) | Km | 4828.90 | 430.00 | 5044.47 | 410.50 |
| 0.4 kV Lines (Reno) | Km | 2196.32 | 424.00 | 3237.67 | 564.50 |
| **Sub-Total-4** | | **26136.48** | **2460.00** | **26407.05** | **2301.00** |
| **Distribution Transformer(New)** | | | | | |
| 11/0.4 kV, 250 kVA | Nos. | 1452.50 | 250.00 | 1675.00 | 250.00 |
| 11/0.4 kV, 200 kVA | Nos. | 1684.00 | 400.00 | 1860.00 | 400.00 |
| 11/0.4 kV, 100 kVA | Nos. | 1579.50 | 450.00 | 1561.50 | 450.00 |
| **SubTotal-5** | | **4716.00** | **1100.00** | **5096.50** | **1100.00** |
| **33/11 kV Sub Station(New)** | | | | | |
| Power Transformer including Sub Station Materials (Rural type) | Nos. | 2250.00 | **10** | 2293.01 | 10.00 |
| **SubTotal-6** | | **2250.00** | | **2293.01** | 0.00 |
| **33/11 kV Sub Station (Reno.)** | | | | | 0.00 |
| Power Transformer including Sub Station Materials (Regular/Rural type) | Nos. | 420.00 | 7 | 1655.71 | 7.00 |
| 11 KV cable | KM | 1850.00 | 50.00 | 0.00 | 0.00 |
| Cable jointing kits | Nos. | 47.50 | 50.00 | 0.00 | 0.00 |
| Fork lift | Nos. | 20.00 | 2.00 | 0.00 | 0.00 |
| 33 KV U/G cable | Km | 0.00 | 0.00 | 399.66 | 6.00 |
| 33 KV SMC cable | km | 0.00 | 0.00 | 1521.44 | 16.00 |
| **SubTotal-7** | | **2337.50** | | **3576.81** | |
| **Total material cost** | | **38069.75** | | **40596.81** | |
| **Transport vehicle** | | | | | |
| Jeep | No. | 35.00 | 1 | **0.00** | 0.00 |
| Double cabin pick-up | Nos. | 160.00 | 8 | 180.00 | 4.00 |
| Motor cycle | Nos. | 15.00 | 12 | 14.95 | 12.00 |
| **SubTotal-8** | | **210.00** | | **194.95** | |
| **Others** | | | | | |
| Internal transportation materials cost | LS | 951.74 | LS | 212.38 | - |
| Installation of material | LS | 3045.58 | LS | 2690.96 | - |
| Salary of manpower | LS | 534.11 | LS | 940.29 | - |
| Field establishment | LS | 375.50 | LS | 255.49 | - |
| Interest during construction 4% of | LS | 1522.79 | LS | 1251.67 | - |

| Items of work | | Target (as per PP) | | Actual Progress | |
|---|---|---|---|---|---|
| (as per PP) | Unit | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| material cost | | | | | |
| price contingency | LS | 786.82 | LS | 0.00 | - |
| physical contingency | LS | 380.70 | LS | 0.00 | - |
| **SubTotal-9** | | **7597.24** | | **5350.79** | |
| **Total** | | **46918.04** | | **46918.04** | |

৯.০ পরিদর্শনঃ আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মো: তাওসীফ রহমান কর্তৃক ১৬/০৪/২০১৭ তারিখে এবং ০১/০৬/২০১৭ তারিখে প্রকল্প এলাকার যশোর, খুলনা, নড়াইল ও বাগেরহাট অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন। পরিদর্শনকারী কর্মকর্তা আলোচ্য প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন সংক্রান্ত একটি তদন্ত কমিটির সদস্য ছিলেন।

১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম, পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ:

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | জি কে পান্ডে | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ২৫/০২/২০১১ হতে ০৯/০৫/২০১২ |
| ২ | প্রদীপ কুমার সরকার | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ০৯/০৫/২০১২ হতে ০৩/০৭/২০১৩ |
| ৩ | শেখ ইদ্রিস আলী | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ০৩/০৭/২০১৩ হতে ১৮/০৮/২০১৩ |
| ৪ | সি এম মোতাহার হোসেন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ১৮/০৮/২০১৩ হতে ৩১/১২/২০১৫ |

১১.০ পর্যবেক্ষণ:

১১.১ লাইন নির্মাণঃ

| কার্যক্রমের বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| ৩৩ কেভি ওভারহেড লাইন (নতুন) | ৬৩ কিঃ মিঃ | ১১৯ কিঃ মিঃ | মূল অনুমোদিত ডিপিপির "স্কোপ অফ ওয়ার্ক " -এর সাথে সঞ্জাতিপূর্ণ নয়। |
| ৩৩ কেভি ওভারহেড লাইন (নবায়ন ও সংস্কার) | ১৪৮ কিঃ মিঃ | ৬৫ কিঃ মিঃ | |
| ১১ কেভি লাইন (নতুন) | ৩২৫ কিঃ মিঃ | ৩১৫ কিঃ মিঃ | |
| ১১ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ৩৩৪ কিঃ মিঃ | ২২১ কিঃ মিঃ | |
| ১১/০.৪ কেভি লাইন (নতুন) | ৪৫৫ কিঃ মিঃ | ৩৭৭ কিঃ মিঃ | |

| কার্যক্রমের বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| ১১/০.৪ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ৪৯২ কিঃ মিঃ | ৪১৩ কিঃ মিঃ | |
| ০.৪ কেভি লাইন (নতুন) | ৪৩০ কিঃ মিঃ | ৪১০.৫০ কিঃ মিঃ | |
| ০.৪ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ৪২৪ কিঃ মিঃ | ৫৬৪ কিঃ মিঃ | |

১১.২ সাবস্টেশন নির্মাণঃ প্রকল্পের আওতায় নতুন ১০টি সাব-স্টেশন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল যার সবগুলি নির্মাণ করা হয়েছে।

১১.৩ প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনঃ প্রকল্প বাস্তবায়নকালে ৩ (তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে।

১১.৪ চলমান বিদ্যুৎ লাইন বন্ধ করে লাইন সংস্কার ও সম্পপ্রারনের কাজ করতে হয়। সব সময় লাইন বন্ধ করা যায় না বিধায় নিরবিচ্ছিন্নভাবে কাজ করা সম্ভব হয়নি। ফলে নির্ধারিত সময়ের চেয়ে অনেক এলাকায় বেশি সময় ব্যয় হয়েছে।

১১.৫ বিদ্যুতের পোল ইরেকশন এবং বিদ্যুৎ লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময় জমির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ে অতিরিক্ত সময় ব্যয় হয়।

১১.৬ প্রকল্পের অঙ্গসমূহের পরিমাণ ও ব্যয়ের হ্রাস/বৃদ্ধির বিষয়ে আন্ত:খাত সমন্বয় বা ডিপিপি সংশোধন না করাঃ

১১.৬.১ ওজোপাডিকো কর্তৃক প্রস্তাবিত সংশোধিত ডিপিপির উপর ২৯.১০.২০১৫ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা হওয়ার পর যাচাই কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পের সংশোধন প্রস্তাব ওজোপাডিকোর বোর্ড সভার অনুমোদন /সুপারিশসহ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা ওজোপাডিকোর প্রাতিষ্ঠানিক দায়িত্ব ছিল। এ দায়িত্বের অংশ হিসেবে ২৮.১২.২০১৫ তারিখে অনুষ্ঠিত ওজোপাডিকো বোর্ড এর ১৩৫ তম সবায় ২১ জেলা বিদ্যুৎ বিতরণ প্রকল্পের সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুমোদনের উপস্থাপন করা হয় এবং বোর্ড সভায় আরডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণের সুপারিশ করা হয়। বোর্ডের সুপারিশ অনুযায়ী আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রকল্প দপ্তর কর্তৃক উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু , তৎকালীন নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব শ্যামল কুমার ঘোষ এর অসহযোগিতা এবং আরডিপিপি সংশ্লিষ্ট নথি নিষ্পত্তিতে কালক্ষেপনের কারণে আরডিপিপি যথাসময়ে বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা সম্ভব হয়নি।

১১.৬.২ কোম্পানীর স্বার্থবিরোধী কার্যকলাপে অংশগ্রহণের জন্য ওজোপাডিকো 'র ০৬.০২.২০১৭ তারিখের এক পত্রে নির্বাহী পরিচালক (প্রকৌশল) জনাব শ্যামল কুমার ঘোষ এর চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করা হয়। নির্বাহী পরিচালক (প্রকৌশল) এর চুক্তিভিত্তিক নিয়োগ বাতিল করার পূর্ব পর্যন্ত প্রায় এক বছর আরডিপি সংশ্লিষ্ট নথি নিষ্পত্তিতে নির্বাহী পরিচালক (প্রকৌশল) কে মৌখিকভাবে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও যখন নির্বাহী পরিচালক (প্রকৌশল) নথিটি নিষ্পত্তি করেননি তখন নথিটি নিষ্পত্তির জন্য ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক নির্বাহী পরিচালক (প্রকৌশল) কে লিখিত নির্দেশনা প্রদান করা যেত এবং /বা বিষয়টি বোর্ডে উপস্থাপন করা যেত। যদিও লিখিত নির্দেশনা প্রদানের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালকের আশংকা ছিল এতে দাপ্তরিক পরিস্থিতি খারাপ হতে পারে , তথাপি আরডিপিপি সংশ্লিষ্ট নথি নিষ্পত্তি করার জন্য সংস্থা প্রধান ব্যবস্থাপনা পরিচালক কর্তৃ ক কার্যকর উদ্যোগের অভাব পরিলক্ষিত হয়।

১১.৭ ডিপিপিতে সংস্থানকৃত ওটিএম পদ্ধতির পরিবর্তে ডিপিএম পদ্ধতি অনুসরণের যথার্থতাঃ

১১.৭.১ সরকারী প্রতিষ্ঠানে উৎপন্ন বৈদ্যুতিক সরঞ্জামাদি সরপাসরি ক্রয় সংক্রান্ত বিষয়ে বিদ্যুৎ বিভাগের ১১.০৬.২০০৫ তারিখের বিজ্বখস/বি:উ:-২/বিবিধ-২/২০০০/৫৩১(৮) সংখ্যক স্মারকে ওটিএম পদ্ধতির পরিবর্তে ডিপিএম পদ্ধতি অনুসরণে প্রদত্ত

সিদ্ধান্ত/নির্দেশনা অনুযায়ী প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে কতিপয় আইটেমের ৫০% সরকারী প্রতিষ্ঠানসমূহ হতে ডিপিএম পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। ওজোপাডিকোর বোর্ড কর্তৃক অনুমোদিত প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে উল্লিখিত পরিমাণের ভিত্তিতে উক্ত ক্রয় করা হয়েছে।

১১.৭.২ আটটি আইটেম /পণ্য (AAC WASP Conductor, AAC ANT Conductor, Distribution Transformer, Transformer Loop, ACSR Merlin Conductor, SPC Pole) সরকারী প্রতিষ্ঠানসমূহ হতে ডিপিএম পদ্ধতিতে ক্রয় করা হয়েছে। উক্ত ৮টি আইটেম/পণ্যের মোট পরিমাণের মধ্যে ডিপিএম পদ্ধতিতে ক্রয়কৃত অংশ বা পরিমাণ ১৮টি প্যাকেজে প্রকল্প চলাকালে বিভিন্ন সময়ে ক্রয় করা হয়েছে। ১৮টি প্যাকেজ এর মধ্যে ৬টি প্যাকেজ এর অনুমোদন প্রদান করেছেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক এবং ১২টি প্যাকেজ এর অনুমোদন প্রদান করেছেন ওজোপাডিকো'র বোর্ড। ওজোপাডিকো'র আর্থিক ক্ষমতা ক্ষমতা অর্পণ (উন্নয়ন প্রকল্প), ২০১১ এ উল্লিখিত নির্ধারিত সীমা ও ক্ষমতা অনুযায়ী ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক এবং বোর্ড উক্ত প্যাকেজ সমূহের আইটেম/পণ্য ক্রয়ের অনুমোদন প্রদান করেছেন।

১১.৭.৩ ডিপিএম পদ্ধতিতে ক্রয়কৃত ৮টি আইটেম/পণ্যের মধ্যে ৬টি আইটেম/পণ্য (AAC WASP Conductor, AAC ANT Conductor, Distribution Transformer, Transformer Loop, ACSR Merlin Conductor, SPC Pole) সরকারী প্রতিষ্ঠানে উৎপন্ন বৈদ্যুতিক সরঞ্জামাদি সরা সরি ক্রয় সংক্রান্ত বিষয়ে বিদ্যুৎ বিভাগের ১১.০৬.২০০৫ তারিখের স্মারকে উল্লিখিত সিদ্ধান্ত/নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট ৫০% সীমার মধ্যে ক্রয় করা হয়েছে। ২টি আইটেম/পণ্যের ৫০% এর বেশী ডিপিএম পদ্ধতিতে ক্রয় করা হয়েছে (ACSR Dog Conductor-57%, Insulator-100%)। এ ২টি আইটেম/পণ্যের ৫০% এর বেশী ডিপিএম পদ্ধতিতে ক্রয় করার যৌক্তিকতা বিষয়ে সরকারী প্রতিষ্ঠানে উৎপাদিত দ্রব্য সামগ্রী অগ্রাধিকার ভিত্তিতে ক্রয়ের বিষয়ে একনেক এর ০২.০৩.২০১০ তারিখের সভার সিদ্ধান্ত অনুসরণ করা হয়েছে।

১১.৭.৪ সরকারের সিদ্ধান্ত /নির্দেশনার আলোকে ওজোপাডিকো'র আর্থিক ক্ষমতা অর্পণ (উন্নয়ন প্রকল্প), ২০১১ অনুযায়ী ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক এবং /অথবা বোর্ড এর অনুমোদনক্রম কতিপয় আইটেম /পণ্য ক্রয়ের ক্ষেত্রে ওটিএম পদ্ধতির পরিবর্তে ডিপিএম পদ্ধতি অনুসরণের যথার্থতা রয়েছে।

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্র:



চিত্র-১- নতুন স্থাপিত৩৩ কেভি বৈদ্যুতিক লাইন (নড়াইল জেলা)



চিত্র-২- নতুন ১১/০.৪ কেভি বৈদ্যুতিক লাইন (নড়াইল জেলা)

| | |
|---|---|
| <br>চিত্র-৩- নতুন স্থাপিত ৩৩ কেভি বৈদ্যুতিক লাইন<br>(যশোর জেলা) | <br>চিত্র-৪- নতুন পোল মাউন্টেড বিতরণ ট্রান্সফর্মার<br>(খুলনা জেলা) |
| <br>চিত্র-৫- প্রতিস্থাপিত নতুন পোল মাউন্টেড বিতরণ ট্রান্সফর্মার<br>(বাগেরহাট জেলা) | <br>চিত্র-৬- নতুন ১১/০.৪ কেভি লাইন বৈদ্যুতিক লাইন<br>(বাগেরহাট জেলা) |

১২.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ    সংযুক্তি-ক দ্রষ্টব্য।

১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| দেশের দক্ষিণ -পশ্চিমাঞ্চলের শহরগুলোর বিদ্যমান সাব -স্টেশন, ট্রান্সফর্মারসমূহের আধুনিকায়ন ও বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা অধিক দক্ষতার সাথে পরিচালনা করাই প্রকল্পটির মূল উদ্দেশ্য। | ক) প্রকল্পের আওতায় ৯৩৯.৩৫ কি: মি: বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ এবং ৮৯৪.২৫ কি:মি: বিদ্যুৎ বিতরণ লাইন রিনোভেশন করা হয়েছে। নতুন ১০টি সাব-ষ্টেশন নির্মাণ করা হয়েছে।<br><br>খ) প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে এবং সিস্টেম লস ১১.৭৪% হতে ৯.৯৮% এ হ্রাস পেয়েছে। |

১৪.০ সুপারিশ:

১৪.১ আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে “স্কোপ অব ওয়ার্ক” কিছুটা পরিবর্তন করা হয়েছে, যদিও মোট আর্থিক ব্যয় অপরিবর্তিত রয়েছে (অনুচ্ছেদ- ১১.১)। মূল অনুমোদিত ডিপিপির “স্কোপ অফ ওয়ার্ক ” -এর সাথে সঙ্গতি রেখে প্রকল্প বাস্তবায়ন করা বাঞ্ছনীয়;

১৪.২ আলোচ্য প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত ডিপিপির উপর ২৯.১০.২০১৫ তারিখে প্রকল্প যাচাই কমিটির সভা হওয়ার পর যাচাই কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্পের সংশোধিত ডিপিপি ওজোপাডিকোর বোর্ড সভার অনুমোদন /সুপারিশসহ বিদ্যুৎ বিভাগে প্রেরণ করতে না পারা ওজোপাডিকোর একটি প্রাতিষ্ঠানিক ব্যর্থতা। ভবিষ্যতে এই ধরনের বিষয়গুলির ব্যাপারে আরো সতর্ক থাকার জন্য সুপারিশ করা হল;

১৪.৩ প্রকল্পের আওতায় নির্মিত সকল ৩৩/১১ উপকেন্দ্রের টান্সফর্মারসহ প্রধান প্রধান ইকুইপমেন্টের স্পেসিফিকেশন এবং উৎপাদনের তারিখের প্রমাণ হিসেবে প্রয়োজনীয় কাগজপত্র ওজোপাডিকো সংরক্ষণ করবে;

১৪.৪ ভবিষ্যতের জন্য পরিকল্পনাধীন ওজোপাডিকো 'র বিতরণধর্মী প্রকল্পের কাজে সাথে যেন এই প্রকল্পের কোন কাজের বিশেষত: বিদ্যমান বিতরণ লাইন পুনর্বাসন কাজের যেন দ্বৈততা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৪.৫ প্রকল্প বাস্তবায়নকালে ৩ (তিন) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে। ভবিষ্যতে প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনের বিষয়টি পরিহার করতে হবে;

১৪.৬ মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি ৩ বছরে শেষ হবার কথা থাকলেও প্রকল্পটি সমাপ্ত করতে ৫ বছর লেগেছে। ভবিষ্যতে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের আরো সতর্ক হতে হবে যেন এত বেশি টাইম ওভার-রান (৬৬.৬৭) না হয়;

১৪.৭ আগামী ২ (দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৪.১ হতে ১৪.৬) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।

প্রকল্পের ক্রয় সংক্রান্ত তথ্যঃ

| Description of procurement (goods/works /consultancy) as per bid document | Tender/Bid/Proposal Cost (in Lac Taka) | | Tender/Bid/Proposal | | Date of completion of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per PP | Contracted value | Invitation date | Contract signing/ L.C opening date | As per contract | Actual |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 |
| Construcion & Renovation of 33/11 kV Sub Station on Turnkey basis. | 2712.5 | 4096.26 | 21.05.12 | 07.11.12 | 07.02.13 | 15.07.13 |
| | | | 27.06.13 | 29.12.13 | 26.06.14 | 30.04.16 |
| | | | 28.02.13 | 18.11.13 | 16.05.14 | 30.04.16 |
| Supply and delivery of Pole Fittings and other accessories. | 2486.78 | 3032.19 | 23.03.11 | 21.08.11 | 20.12.11 | 30.10.11 |
| | | | 23.03.11 | 21.08.11 | 01.11.11 | 01.11.11 |
| | | | 23.03.11 | 26.01.12 | 24.05.12 | 14.12.12 |
| | | | 16.02.12 | 28.05.12 | 24.09.12 | 28.09.12 |
| | | | 30.10.12 | 19.02.13 | 18.06.13 | 09.06.13 |
| | | | 29.09.13 | 17.12.13 | 17.03.14 | 22.01.14 |
| | | | 10.11.13 | 19.02.14 | 19.05.14 | 19.05.14 |
| | | | 29.09.13 | 29.12.13 | 28.03.14 | 12.03.14 |
| | | | 10.11.13 | 05.02.14 | 05.05.14 | 27.03.14 |
| | | | 11.05.14 | 25.06.14 | 22.09.14 | 08.09.14 |
| | | | 07.04.14 | 29.06.14 | 29.09.14 | 30.09.14 |
| | | | 28.05.14 | 03.08.14 | 31.10.14 | 22.09.14 |
| | | | 10.11.13 | 05.02.14 | 05.05.14 | 04.05.14 |
| Supply and delivery of 15 Meter, 12 Meter and 09 Meter SPC Pole | 7204.73 | 9465.85 | 30.07.12 | 19.12.12 | 16.06.13 | 26.05.13 |
| | | | 20.12.12 | 24.03.13 | 27.07.13 | 25.06.13 |
| | | | 12.05.13 | 14.11.13 | 13.03.13 | 16.02.14 |
| | | | 28.11.13 | 25.03.2014 | 23.06.14 | 23.06.14 |
| | | | 12.05.13 | 03.10.13 | 30.01.14 | 03.02.13 |
| | | | 30.04.14 | 31.07.14 | 29.10.14 | 24.10.14 |
| | | | 16.04.14 | 31.07.14 | 29.10.14 | 24.10.14 |
| | | | 23.01.14 | 29.04.14 | 27.07.14 | 07.08.14 |
| Supply and delivery of Different type of Line Insulators | 1221.28 | 1943.02 | 23.03.11 | 17.07.11 | 16.11.11 | 02.11.11 |
| | | | 22.03.13 | 30.05.13 | 25.11.13 | 30.04.13 |
| | | | 16.02.14 | 14.05.14 | 11.08.14 | 10.09.14 |
| | | | 14.07.12 | 28.08.12 | 15.12.12 | 30.06.13 |
| | | | 18.11.14 | 31.12.14 | 30.04.15 | 30.04.15 |
| Supply and delivery of 11/0.4 kV, 100 KVA,200 KVA & 250 KVA Transformer with all accessories | 4716.00 | 5274.04 | 27.02.11 | 24.08.11 | 19.02.12 | 30.04.12 |
| | | | 05.03.11 | 24.08.11 | 20.02.12 | 30.04.12 |
| | | | 7.07.11 | 10.11.11 | 08.03.12 | 30.04.12 |
| | | | 07.07.11 | 10.11.11 | 08.03.12 | 30.04.12 |
| | | | 04.12.12 | 11.04.13 | 08.03.12 | 30.04.12 |
| | | | 4.12.12 | 17.02.13 | 08.08.13 | 29.06.13 |
| | | | 27.06.13 | 17.11.13 | 17.02.14 | 30.05.13 |
| | | | 29.07.13 | 17.12.13 | 14.02.14 | 06.03.14 |
| | | | 31.10.11 | 18.12.13 | 18.03.12 | 27.04.14 |

| **Description of procurement (goods/works /consultancy) as per bid document** | **Tender/Bid/Proposal Cost (in Lac Taka)** | | **Tender/Bid/Proposal** | | **Date of completion of works/services and supply of goods** | |
|---|---|---|---|---|---|---|
| | **As per PP** | **Contracted value** | **Invitation date** | **Contract signing/ L.C opening date** | **As per contract** | **Actual** |
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** |
| | | | 04.12.12 | 13.02.13 | 13.05.13 | 23.05.13 |
| | | | 07.06.12 | 26.08.12 | 23.12.12 | 16.10.12 |
| | | | 31.12.13 | 18.03.14 | 15.06.14 | 30.04.14 |
| | | | 31.12.13 | 10.03.14 | 08.06.14 | 31.03.14 |
| | | | 10.11.13 | 09.02.14 | 09.05.14 | 11.05.14 |
| | | | 31.12.13 | 25.03.14 | 22.06.14 | 22.06.14 |
| Supply and delivery of ACSR Merlin Conductor | 1266.72 | 1549.05 | 21.06.12 | 27.0812 | 22.02.13 | 30.01.13 |
| | | | 04.12.12 | 13.02.13 | 13.05.13 | 06.05.13 |
| | | | 07.04.14 | 08.06.14 | 05.09.14 | 06.08.14 |
| Supply and delivery of ACSR Dog Conductor | 5607.50 | 4995.05 | 05.03.11 | 23.08.11 | 18.02.12 | 16.01.12 |
| | | | 21.06.12 | 27.08.12 | 22.02.13 | 30.01.13 |
| | | | 15.07.12 | 19.12.12 | 13.04.13 | 20.03.13 |
| | | | 12.03.13 | 30.05.13 | 26.10.13 | 26.11.13 |
| | | | 09.05.13 | 27.11.13 | 24.02.14 | 18.02.14 |
| Supply and delivery of AAC WASP (Ins) Conductor | 5760.00 | 5980.54 | 05.03.13 | 23.08.11 | 18.02.12 | 16.01.12 |
| | | | 07.07.11 | 10.11.11 | 08.03.12 | 22.02.12 |
| | | | 21.06.12 | 27.08.12 | 22.02.13 | 30.01.12 |
| | | | 02.01.13 | 24.03.13 | 22.06.13 | 17.06.13 |
| | | | 02.01.13 | 24.03.13 | 22.06.13 | 17.06.13 |
| | | | 26.03.13 | 19.05.13 | 16.08.13 | 31.07.13 |
| Supply and delivery of AAC ANT (Ins) Conductor | 1668.81 | 1674.79 | 05.03.11 | 23.08.11 | 18.02.12 | 16.01.12 |
| | | | 07.07.11 | 10.11.11 | 08.03.12 | 23.02.12 |
| | | | 21.06.12 | 27.08.12 | 22.02.13 | 15.02.13 |
| | | | 02.01.13 | 24.03.13 | 22.06.13 | 18.06.13 |
| | | | 09.05.13 | 03.11.13 | 16.08.13 | 17.01.14 |
| | | | 12.03.13 | 19.05.13 | 16.08.13 | 31.07.13 |

# ১০ শহর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন (২য় সংশোধিত) -শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১. প্রকল্পের নাম : ১০ শহর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প

২. উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ বিভাগ

৩. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)

৪. প্রকল্প এলাকা :

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| রাজশাহী | রাজশাহী | রাজশাহী সদর, পবা, গোদাগাড়ি |
| | পাবনা | পাবনা সদর |
| | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সদর |
| | বগুড়া | বগুড়া সদর |
| | জয়পুরহাট | জয়পুরহাট সদর |
| রংপুর | রংপুর | রংপুর সদর |
| | গাইবান্ধা | গাইবান্ধা সদর |
| | দিনাজপুর | দিনাজপুর সদর |
| | নীলফামারী | নীলফামারী সদর |
| | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর |

৫. প্রকল্পের ব্যয় ও বাস্তবায়নকাল:

(লক্ষ টাকায়)

| প্রাক্কলিত ব্যয় | | প্রকৃত ব্যয় | পরিকল্পিত বাস্তবায়ন কাল | | প্রকৃত বাস্তবায়ন কাল | অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের % | অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত বাস্তবায়ন কালের %) |
|---|---|---|---|---|---|---|---|
| মূল (প্র: সা:) | সর্বশেষ সংশোধিত (প্র: সা:) | | মূল | সর্বশেষ সংশোধিত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ৬৫৩৫৪.৭৪ (৩০৭৯৫.২৫) | ৫০৫৪০.০০ (২৬৭৫২.৪৭) | ৪৬৭৫১.০০ | জুলাই ২০০৩ হতে জুন ২০০৮ =৫ বছর | জুলাই ২০০৩ হতে জুন ২০১৬ = ১৩ বছর | জুলাই ২০০৩ হতে জুন ২০১৬ = ১৩ বছর | (-)২৮.৪৭% | ১৬০% |

৬.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: সরেজমিনে পর্যবেক্ষণ ও PCR অনুযায়ী প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

৭.০ প্রকল্প সাহায্যের উৎস : নরডিক ফান্ড, নরওয়ে (এনডিএফ) এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)।

৮.০ সাধারণ পর্যবেক্ষণ:

৮.১ প্রকল্পের উদ্দেশ্য:

ক) প্রকল্প এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন এবং নতুন গ্রাহক সংযোগ সৃষ্টি;

খ) বর্ধিত বিদ্যুৎ চাহিদা পূরণ;

গ) সিস্টেম লস হ্রাস;

ঘ) নির্ভরযোগ্য ও স্থিতিশীল বিতরণ ব্যবস্থা সৃষ্টি;

ঙ) লোড শেডিং হ্রাস ও লোভোল্টেজ সমস্য মেটানো;

চ) নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন;

ছ) প্রকল্প এলাকার মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

৮.২ প্রকল্পের পটভূমি:

বিদ্যুৎ কোন একটি দেশের আর্থ -সামাজিক উন্নয়নের জন্য অপরিহার্য উপাদান। দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকরণের জন্য বিভিন্ন উন্নয়নমূলক খাতে পর্যাপ্ত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা জরুরি। দেশের অর্থনৈতিক কর্ম কান্ডের ব্যাপক প্রসার, দ্রুত নগরায়ন এবং দ্রুত শিল্পায়নের কারণে বিদ্যুতের চাহিদা পূর্বের তুলনায় অনেক বৃদ্ধি পেয়েছে। ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির সাথে সাথে দেশের বিদ্যমান বিদ্যুৎ ব্যবস্থার সম্প্রসারণ , আধুনিকায়ন এবং ক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। প্রকল্পের আওতায় নির্ধারিত ১০টি শহরে বিদ্যমান বিদ্যুৎ বিতরণ ব্যবস্থায় বিভিন্ন সমস্যার কারণে এ সকল এলাকার ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ কঠিন হয়ে পড়েছে। উক্ত এলাকার বিদ্যমান বিতরণ লাইন ও সাব-স্টেশনসমুহ ওভারলোডেড হওয়ার কারণে লো -ভোল্টেজ সমস্যা, লোডশেডিং এবং সিষ্টেম লস সহ বিভিন্ন সমস্যা বিরাজমান। এ সকল সমস্যার সমাধানকল্পে আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়।

৮.৩ প্রকল্পের আওতায় গৃহীত মূল কার্যক্রম:

ক) ৬টি নতুন ৩৩/১১ বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ করা;

খ) ৮৫ কিঃ মিঃ নতুন ৩৩ কেভি লাইন নির্মাণ;

গ) ১১৭ কিঃ মিঃ ৩৩ কেভি লাইন রেনোভেশন;

ঘ) ১৫১.৫৫ কিঃ মিঃ নতুন ১১ কেভি লাইন নির্মাণ;

ঙ) ১৪২.৪ কিঃ মিঃ ১১ কেভি লাইন রেনোভেশন;

চ) থ্রি-ফেজ মিটার, সিঙ্গোল ফেজ মিটার অন্যান্য মালামাল সংগ্রহ।

৮.৪ প্রকল্পের অনুমোদন অবস্থা: ১৭/০৩/২০০৪ তারিখে প্রকল্পের মূল ডিপিপি ৬৫৩৫৪.৭৪ লক্ষ টাকা (জিওবি ৩৪৫৫৯.৪৯ লক্ষ + প্রকল্প সাহায্য ৩০৭৯৫.২৫ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে একনেক সভায় অনুমোদিত হয় । ১৭/১২/২০০৮ইং তারিখে একনেক সভা কর্তৃক ডিপিপিটি ৬১১২৫.২৬লক্ষ টাকা (জিওবি ২৫৮৯৩.৮০লক্ষ + প্রকল্প সাহায্য ৩৫২৩১.৪৬ লক্ষ)

প্রাক্কলিত ব্যয়ে ১ম সংশোধিত আকারে অনু মোদিত হয়। ২৭/১১/২০১২ তারিখে প্রকল্পের ডিপিপিটি ৫০৬৮৮.৭১ লক্ষ টাকা (জিওবি ২৩৭৮৭.৫৩ লক্ষ + প্রকল্প সাহায্য ২৬৯০১.১৮ লক্ষ) প্রাক্কলিত ব্যয়ে ২য় সংশোধিত আকারে অনুমোদিত হয়।

৮.৫ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন:

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড থেকে প্রাপ্ত Project Completion Report (পিসিআর) অনুযায়ী প্রকল্পটির অংগভিত্তিক অগ্রগতি নিম্নে বর্ণনা করা হল:

(লক্ষ টাকায়)

| SL. No. | Name of work (as per DPP) | Unit | Target (As per DPP) | | Actual Progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* | *7* | *8* |
| **1.** | **Land:** | | | | | | |
| (a) | Land Acquisition | Acres | 87.66 | 2.5 | 87.33 | 2.5 | |
| (b) | Land Development | cum | 73.35 | 27.375 | 59.97 | 27.375 | |
| | **Grand total (Land)** | | **161.01** | | **147.30** | | |
| 2 | Residential Building | | | | | | |
| (a) | 116 sq.m | Sq.m | 24.10 | 155 | 24.07 | 155 | |
| | **Sub-total-2:** | | **24.10** | **155** | **24.07** | **155** | |
| **3** | **Functional Building:** | | | | | | |
| (a) | Office Building | Sq.m | 648.80 | 3576.00 | 646.95 | 3576.00 | |
| | **Sub-Total-3:** | | **648.80** | **3576.00** | **646.95** | **3576.00** | |
| **4** | **Other Civil Works** | | | | | | |
| (a) | Store (Sq.m) | | | | | | |
| (b) | Internal Road (RM) | | | | | | |
| (c) | Boundary Wall (RM) | | | | | | |
| (d) | Misc. (inc. Gart, water supply of exist Building. | | | | | | |
| | **Sub-Total-4:** | | **223.08** | **L.S** | **169.21** | **L.S** | |
| | **Grand total (Civil Works 2-4):** | | **895.98** | | **840.23** | | |
| **5** | **Distribution Lines (In Km).** | | | | | | |
| (a) | 33 KV Lines (New) | Km | 2032.97 | 85.0 | 2032.97 | 72.50 | |
| (b) | 33 KV Lines (Reno.) | Km | 901.03 | 117.0 | 901.03 | 115.25 | |
| (c) | 33 KV Cable (New) | Km | 329.68 | 17.0 | 329.68 | 17.00 | |
| (d) | 11 KV Lines (New) | Km | 1941.66 | 151.55 | 1939.66 | 150.80 | |
| (e) | 11 KV Lines (Reno) | Km | 1176.00 | 142.4 | 1176.00 | 141.55 | |
| (f) | 11 KV Cable (New) | Km | 190.60 | 4.0 | 190.60 | 4.00 | |
| (g) | 11/0.4 KV Lines (New). | Km | 2956.42 | 232.7 | 2886.42 | 231.90 | |
| (h) | 11/0.4 KV Lines (Reno). | Km | 1887.90 | 227.5 | 1887.90 | 225.95 | |

| SL. No. | Name of work (as per DPP) | Unit | Target (As per DPP) | | Actual Progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* | *7* | *8* |
| (i) | 0.4 KV Lines (New) | Km | 4251.64 | 484.5 | 4151.36 | 484.15 | |
| (j) | 0.4 KV Lines (Reno.) | Km | 1686.01 | 411.40 | 1686.01 | 411.15 | |
| | **Sub Total-5** | | **17383.91** | **1873.05** | **17181.63** | **1854.25** | |
| **6** | **33/11 KV Substations (in Nos.)** | | | | | | |
| (a) | 33/11 KV Substations (in New) | Nos | 8797.14 | 6 | 6652.19 | 6 | Due to Ld. IT, VAT and others deduction |
| (b) | 11/0.4kV S/S (New),250KVA | Nos | 2953.54 | 1204 | 2498.53 | 854 | Due to inferior quality supply of transformer BPDB cancel contract. So supplier files a Writ petition No 3737 dated 18.04.2007 against BPDB. Contract not executed in full |
| (c) | 11/0.4kV S/S (New),100KVA | Nos | 1338.25 | 755 | 1338.25 | 755 | |
| (d) | 11/0.4kV S/S (New),250KVA | Nos | 0.00 | 196 | 0.00 | 196 | |
| | **Sub-Total-6** | | **13088.93** | | **10488.97** | | |
| **7** | **Metering** | | | | | | |
| a) | Three Phase Meters (New) | Nos | 957.73 | 5055 | 957.73 | 5055 | |
| b) | Single Phase Meters (Reno) | Nos | 845.47 | 35150 | 845.47 | 35150 | |
| c) | Service Drop & cond. Access. | Nos | 530.40 | 39000 | 530.40 | 39000 | |
| d) | Meter Seal | Nos | 39.44 | 68000 | 39.44 | 68000 | |
| | **Sub Total-7** | | **2373.05** | | 2373.05 | | |
| | **Total material Cost (Sub total: 5-7)** | | **32845.89** | | 30043.65 | | |
| **8** | **Transport Vehicles.** | | | | | | |
| a) | Motor cycle | Nos | 21.00 | 20 | 13.93 | 14 | Due to Less Quantity |
| | **Sub Total-8** | | **21.00** | | | | |
| **9** | **Establishment Cost** | | | | | | |
| a) | Pay of Officers | | 387.19 | 24 | 373.93 | | |
| b) | Pay of Staff | | 189.05 | 26 | 185.29 | | |

| SL. No. | Name of work (as per DPP) | Unit | Target (As per DPP) | | Actual Progress | | Reasons for deviation (+/-) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | Financial | Physical (Quantity) | Financial | Physical (Quantity) | |
| *1* | *2* | *3* | *4* | *5* | *6* | *7* | *8* |
| c) | Allowances | | 908.38 | LS | 836.33 | | |
| d) | Repair, Maintenance & Rehabilitation | | 70.17 | LS | 63.58 | | |
| e) | Supplies & Services | | 215.27 | LS | 206.15 | | |
| | **Sub Total-9** | | **1770.08** | | **1665.28** | | |
| **10** | **Capital Expenditure** | | | | | | |
| a) | Consultancy Service | MM | 531.00 | 200 | 474.67 | | |
| b) | Internal Transportation | L.S | 525.00 | LS | 519.25 | 100% | Due to Less value of contract |
| c) | Installation Cost | L.S | 1771.46 | LS | 1555.93 | 100% | |
| d) | Customs Duty & VAT | L.S | 3570.00 | LS | 3570.00 | 100% | |
| e) | Interest During Construction (IDC) | L.S | 8200.51 | LS | 7921.64 | | |
| f) | Price Contingency | L.S | 248.09 | LS | 0.00 | | |
| | **Sub Total-10** | | **14846.06** | | **14041.49** | | |
| | **Grand Total (1+2+3+4+5+6+7+8+9+10)** | | **50540.00** | | **46751.88** | | |

৯.০ আইএমই বিভাগের সহকারী পরিচালক জনাব মো: তাওসীফ রহমান কর্তৃক (৪-৬)/০৮/২০১৭ তারিখে প্রকল্প এলাকার রংপুর, দিনাজপুর ও ঠাকুরগাঁও জেলা অংশ পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেন।

১০.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্পটির অনুকূলে এ পর্যন্ত দায়িত্ব পালনকারী প্রকল্প পরিচালকদের নাম, পদবী, দায়িত্বের ধরন ও দায়িত্বের মেয়াদ নিম্নরূপ:

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ১ | মো: আবুল কাশেম | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | খন্ডকালীন | নভেম্বর ২০০৪ হতে ২১/০১/২০০৬ |
| ২ | মো: আব্দুল হামিদ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ২১/০১/২০০৬ হতে ১৮/০১/২০০৯ |
| ৩ | মো: আব্দুল্লাহ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ১৮/০১/২০০৯ হতে ০২/০৩/২০১১ |
| ৪ | মো: মোয়াজ্জেম হোসেন দেওয়ান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | খন্ডকালীন | ০২/০৩/২০১১ হতে ২৭/০৬/২০১১ |
| ৫ | মো: আব্দুল হান্নান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ২৭/০৬/২০১১ হতে ১৯/০৯/২০১২ |

| ক্রম নং | প্রকল্প পরিচালকের নাম | পদবী | দায়িত্বের ধরন | দায়িত্বের মেয়াদ |
|---|---|---|---|---|
| ৬ | মো: সমীর উদ্দিন | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ৩০/০৯/২০১২ হতে ১৭/১১/২০১৩ |
| ৭ | মো: মোয়াজ্জেম হোসেন দেওয়ান | তত্ত্বাবধায়ক প্রকৌশলী | পূর্ণকালীন | ২৪/১১/২০১৩ হতে ৩০/০৬/২০১৬ |

১১.০ পর্যবেক্ষণ:

১১.১ লাইন নির্মাণঃ

| কার্যক্রমের বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|
| ৩৩ কেভি ওভারহেড লাইন (নতুন) | ৮৫ কিঃ মিঃ | ৭২.৫০ কিঃ মিঃ |
| ৩৩ কেভি ওভারহেড লাইন (নবায়ন ও সংস্কার) | ১১৭ কিঃ মিঃ | ১১৫.২৫ কিঃ মিঃ |
| ১১ কেভি লাইন (নতুন) | ১৫১.৫৫ কিঃ মিঃ | ১৫০.৮০ কিঃ মিঃ |
| ১১ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ১৪২.৪ কিঃ মিঃ | ১৪১.৫৫ কিঃ মিঃ |
| ১১/০.৪ কেভি লাইন (নতুন) | ২৩২.২৭ কিঃ মিঃ | ২৩১.৯০ কিঃ মিঃ |
| ১১/০.৪ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ২২৭.৫০ কিঃ মিঃ | ২২৫.৯৫ কিঃ মিঃ |
| ০.৪ কেভি লাইন (নতুন) | ৪৮৪.৫০ কিঃ মিঃ | ৪৮৪.১৫ কিঃ মিঃ |
| ০.৪ কেভি লাইন (নবায়ন ও সংস্কার) | ৪১১.৪ কিঃ মিঃ | ৪১১.৫ কিঃ মিঃ |

১১.২ সাবস্টেশন নির্মাণঃ প্রকল্পের আওতায় নতুন ৬টি সাব-স্টেশন নির্মাণের লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল যার সবগুলি নির্মাণ করা হয়েছে।

১১.৩ মিটার সরবরাহঃ প্রকল্পের আওতায় ৩৫১৫০টি সিঙ্গেল ফেজ মিটার এবং ৫০৫৫টি থ্রি ফেজ মিটার সংগ্রহ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছির, যা শতভাগ অর্জিত হয়েছে।

১১.৪ প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনঃ প্রকল্প বাস্তবায়নকালে ৬ (ছয়) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী নির্ধারিত জনবল সময়মত নিয়োগ দিতে না পারার করণে বাস্তবায়নকার্যক্রম বিঘ্নিত হয়েছে।

১১.৫ চলমান বিদ্যুৎ লাইন বন্ধ করে লাইন সংস্কার ও সম্পপ্রারনের কাজ করতে হয়। সব সময় লাইন বন্ধ করা যায় না বিধায় নিরবিচ্ছিন্নভাবে কাজ করা সম্ভব হয়নি। ফলে নির্ধারিত সময়ের চেয়ে অনেক এলাকায় বেশি সময় ব্যয় হয়েছে।

১১.৬ বিদ্যুতের পোল ইরেকশন এবং বিদ্যুৎ লাইন সম্প্রসারণের ক্যাবল কোন কোন এলাকায় ব্যক্তি মালিকানা জমির উপর দিয়ে নেয়ার সময় জমির মালিক কর্তৃক আপত্তি ও অনেক ক্ষেত্রে বাধার কারণে উক্ত কার্য সম্পাদনে নির্ধারিত সময়ে অতিরিক্ত সময় ব্যয় হয়।

১১.৭ রংপুর উপকেন্দ্র অংশ, দিনাজপুর উপকেন্দ্র অংশ এবং ঠাকুরগাঁও উপকেন্দ্র অংশ পরিদর্শনঃ মাহিগঞ্জ, রংপুর উপকেন্দ্র অংশ পরিদর্শন করে দেখা যায় যে , ব্যাটারি চার্জার সঠিকভাবে চার্জ নেয়না , চার্জিং টাইম স্বাভাবিকের চেয়ে বেশি। আরও জানা যায়, লাইনে কোন ফল্ট থাকলে প্রথমে ১১ কভি এবং পরে ৩৩ কেভি ট্রিপ করার কথা। কিন্তু ১১ কেভি

কোন ফিডারে ফল্ট হলে  ৩৩ কেভি ট্রিপ করে যায়।  দিনাজপুর উপকেন্দ্র পরিদর্শন করে কোন সমস্যা পাওয়া যায়নি। ঠাকুরগাঁও উপকেন্দ্র অংশ  পরিদর্শন করে দেখা যায় যে ,  ১১ কেভি ব্রেকার স্বয়ংক্রিয়ভাবে অন/অফ হয়না, ম্যানুয়ালি করতে হয়। কন্ট্রোল রুমের ফ্লোরের টাইলস বিভিন্ন জায়গায় ভেঙ্গে গেছে।

প্রকল্প বাস্তবায়ন কার্যক্রমের কতিপয় স্থিরচিত্র:



চিত্র: ১-মাহিগঞ্জ উপকেন্দ্র, রংপুর



চিত্র: ২- মাহিগঞ্জ, রংপুর উপকেন্দের কন্ট্রোলরুম



চিত্র: ৩ উপশহর উপকেন্দ্র, দিনাজপুর



চিত্র: ৪- ঠাকুরগাঁও উপকেন্দ্রের কন্ট্রোলরুমের ফ্লোর

১২.০ প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্যঃ

| Description of Procurement (Goods/ Works/ Consultancy) as per bid document | Tender/Bid/Proposal (cost in Lac Taka) | | Tender/Bid/Proposal | | Date of implement of works/services and supply of goods | |
|---|---|---|---|---|---|---|
| | As per DPP | Contracted value | Invitation date | Contract signing/ LC opening date | As per DPP | Contracted value |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| Construction of 6(six) nos new 33/11 KV substation on Turnkey Basis | 8797.15 | 6652.19 | 2nd Re-tender: 25/08/2008 | Original: 22/03/2010 Amended: 13/09/2012 | 13/02/2014 | 03/01/2016 (LD imposed) |
| Consultancy service for survey, planning, design and supervision | 531.00 | 474.67 | | 04/01/2006 | 14/01/2009 | 30/06/2016 |

১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

| প্রকল্পের মূল উদ্দেশ্য | প্রকৃত অর্জন |
|---|---|
| ক) প্রকল্প এলাকায় বিদ্যুৎ বিতরণ লাইন এবং উপকেন্দ্রসমূহের ক্ষমতা বৃদ্ধি করে বিতরণ ব্যবস্থা শক্তিশালী করা। | ক) প্রকল্পের আওতায় ৯৩৯.৩৫ কি: মি: বিদ্যুৎ বিতরণ লাইন নির্মাণ এবং ৮৯৪.২৫ কি:মি: বিদ্যুৎ বিতরণ লাইন রিনোভেশন করা হয়েছে। নতুন ৬টি সাব-ষ্টেশন নির্মাণ করা হয়েছে। |
| খ) লো-ভোল্টেজ সমস্যা নিরসন করা এবং সিস্টেম লস কমানো। | খ) প্রকল্প এলাকায় লো ভোল্টেজ সমস্যা উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছ এবং সিস্টেম লস কমেছে। |
| গ) দেশের মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা । | গ) নিরবছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে দেশে মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ত্বরান্বিত করা সম্ভব হবে। |

**১৪.০ সুপারিশ:**

১৪.১ মাহিগঞ্জ, রংপুর উপকেন্দ্র অংশ পরিদর্শন করে দেখা যায় যে, ব্যাটারি চার্জার সঠিকভাবে চার্জ নেয়না এবং চার্জিং টাইম স্বাভাবিকের চেয়ে বেশি। আরও জানা যায়, লাইনে কোন ফল্ট হলে প্রথমে ১১ কেভি এবং পরে ৩৩ কেভি ট্রিপ করার কথা। কিন্তু ১১ কেভি কোন ফিডারে ফল্ট হলে ৩৩ কেভি ট্রিপ করে যায়। সমস্যাটি নিরসনের বিষয়ে বিপিডিবি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.২ ঠাকুরগাঁও উপকেন্দ্র অংশ পরিদর্শন করে দেখা যায় যে , ১১ কেভি ব্রেকার স্বয়ংক্রিয়ভাবে অন/অফ হয়না, ম্যানুয়ালি করতে হয়। কন্ট্রোল রুমের ফ্লোরের টাইলস বিভিন্ন জায়গায় ভেঙ্গে গেছে। সমস্যাটি নিরসনের বিষয়ে বিপিডিবি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৪.৩ প্রকল্পের আওতায় নির্মিত সকল ৩৩/১১ উপকেন্দ্রের টাসফর্মারসহ প্রধান প্রধান ইকুইপমেন্টের স্পেসিফিকেশন এবং উৎপাদনের তারিখের প্রমাণ হিসেবে প্রয়োজনীয় কাগজপত্র বিপিডিবি সংরক্ষণ করবে এবং চাহিদা মোতাবেক আইএমই বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়/সংস্থাকে সরবরাহ করবে;

১৪.৪ ভবিষ্যতের জন্য পরিকল্পনাধীন বিপিডিবি 'র বিতরণধর্মী প্রকল্পের কাজে সাথে যেন এই প্রকল্পের কোন কাজের বিশেষত: বিদ্যমান বিতরণ লাইন পুনর্বাসন কাজের যেন দ্বৈততা না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে;

১৪.৫ প্রকল্প বাস্তবায়নকালে ৬ (ছয়) বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, এতে প্রকল্পের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে। ভবিষ্যতে প্রকল্প পরিচালক বার বার পরিবর্তনের বিষয়টি পরিহার করতে হবে;

১৪.৫ মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পটি ৫ বছরে শেষ হবার কথা থাকলেও প্রকল্পটি সমাপ্ত করতে ১৩ বছর লেগেছে। ভবিষ্যতে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের আরো সতর্ক হতে হবে যেন এত বেশি টাইম ওভার-রান (৮ বছর) না হয়;

১৪.৬ আগামী ২ (দুই) মাসের মধ্যে উপর্যুক্ত সুপারিশসমূহ (১৪.১ হতে ১৪.৫) বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আইএমইডি 'কে অবহিত করতে হবে।